৯	জনাব রথীন্দ্রনাথ দত্ত	সদস্য	১৮১	বাড়ি নং-৯, সড়ক নং-২০এ, সেক্টর-১৪	০১৭১২৫৪৫৬১৭
১০	বীর মুক্তিযোদ্ধা মোঃ তোরাব আলী আকুঞ্জি	সদস্য	২০২	বাড়ি নং-১১১/এ, লেক ড্রাইভ, সেক্টর-৭	০১৭১৫০৯৭৭৪১
১১	বীর মুক্তিযোদ্ধা সৈয়দা মনিরা আক্তার খাতুন	সদস্য	৪৩৯	বাড়ি নং-১৮, ১১বি, তুরাগ, সেক্টর-১৮	০১৭১৫০৭৬১৩৭
১২	বীর মুক্তিযোদ্ধা মোঃ দুদু মিয়া সরকার	সদস্য	৪৪৩	বাড়ি নং-২৮, সড়ক নং-১৭, সেক্টর-১৪	০১৮১৯১৬৩২৭৪
১৩	বীর মুক্তিযোদ্ধা এ.এফ.এম. সাইফুল ইসলাম	সদস্য	৪৬৫	বাড়ি নং-২৬, সড়ক নং-৮, সেক্টর-১৩	০১৭১১ ৮৯৫৫৫৮
১৪	বীর মুক্তিযোদ্ধা ড. মোঃ সিরাজুল ইসলাম	সদস্য	৪৬৭	বাড়ি নং-৩২, সড়ক নং-৩৬, সেক্টর-৭	০১৭১১৩৭৯৭১২
১৫	বীর মুক্তিযোদ্ধা মোঃ মোজাম্মেল হক	সদস্য	৪৭৬	বাড়ি নং-২১, সড়ক নং-১২, সেক্টর-১৪	০১৭২৩৯১৭৮৬৮
১৬	বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ডা. ফরিদুল হাসান	সদস্য	৪৯০	বাড়ি নং-৩৭, সড়ক নং-৯সি, সেক্টর-৫	০১৫৫২৪৫১৭০৭
১৭	জনাব এ.কে.এম. রফিকুল হক বীরপ্রতীক	সদস্য	৫৪৭	বাড়ি নং-৫২, সড়ক নং-১৫, সেক্টর-১১	০১৭২৯০৭২৮০০
১৮	বীর মুক্তিযোদ্ধা গোলাম মেজবাহ উদ্দিন	সদস্য	৫৯০	বাড়ি নং-২৭, সড়ক নং-৭, সেক্টর-১৫	১৭১১৫৪০৬৫০
১৯	প্রফেসর ডা. আবদুল্লাহ আল মাহমুদ বীর প্রতীক	সদস্য	৬৪২	বাড়ি নং-৬৬, সড়ক নং-১, সেক্টর-১২	০১৮১৯০১৯৭৪৬
২০	বীর মুক্তিযোদ্ধা মোঃ ফরিদুল আলম	সদস্য সচিব	৫২	বাড়ি নং-৭১, সড়ক নং-১৬, সেক্টর-১১	০১৬২৬০০৪৫৩৬

উত্তরা অফিসার্স ক্লাব, ঢাকা

ক্লাবের বীর মুক্তিযোদ্ধা সদস্যবৃন্দের তালিকা

ক্রম	সদস্য নং	নাম	বাড়ি	রোড	সেক্টর	মোবাইল
১	২	বীর মুক্তিযোদ্ধা খান মোহাঃ বেলায়েত হেসেন	৫	১৪	৬	০১৮১৯ ৪১২৪৬৫
২	৫	বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম	৮৬	১	১২	০১৫৫২ ৩১১৪২৩
৩	২২	বীর মুক্তিযোদ্ধা মাহমুদ হোসেন আলমগীর	৪২	১২	১১	০১৭১১ ৩৯৭০২০
৪	৩০	বীর মুক্তিযোদ্ধা এম. সাঈদ-উর রহমান	৮৫	১৯	১৪	০১৭৪৭ ২২৯০৯৭
৫	৩১	বীর মুক্তিযোদ্ধা সুলতান আহমেদ তালুকদার	১০৪	১৭	১৪	০১৭১৩ ২০৫৫৬৬
৬	৩৮	বীর মুক্তিযোদ্ধা এম.এ. হানিফ এনডিসি	৩	১১	৪	০১৭১১ ৩২৬৮৯১
৭	৪৩	বীর মুক্তিযোদ্ধা চৌধুরী সানাওর আলী (আলহাজ্ব)	১৫	৮	৬	০১৭১১ ৬০৩৬০৫
৮	৫২	বীর মুক্তিযোদ্ধা মোঃ ফরিদুল আলম	৭১	১৬	১১	০১৬২৬ ০০৪৫৩৬
৯	৭০	বীর মুক্তিযোদ্ধা আজিজুর রহমান	৯	১৫	১০	০১৫৫২ ৩৩৬৪৮৭
১০	৭১	বীর মুক্তিযোদ্ধা ডা. মাখদুমা নার্গিস	৪	১৪	৭	০১৭১৬ ০১৭০৮৫
১১	৮২	বীর মুক্তিযোদ্ধা মোঃ আমিরুল ইসলাম	৩৮	৩	৫	০১৫৫২ ৩১৬১১১
১২	১০৪	বীর মুক্তিযোদ্ধা এ কে বোরহান উদ্দিন	২৪	৯	৪	০১৫৫২ ২০০৬৯৮
১৩	২০২	বীর মুক্তিযোদ্ধা মোঃ তোরাব আলী আকুন্জি	১১১/এ	লেকড্রাইভ	৭	০১৭১৫ ০৯৭৭৪১
১৪	২৫৫	বীর মুক্তিযোদ্ধা আলমগীর হুসাইন সিকদার	৮	৮	৭	০১৭১২ ০৪১৭৭৪
১৫	৩২৫	বীর মুক্তিযোদ্ধা সিরাজ উদ্দিন আহমেদ চৌধূরী (এস.এ. চৌধূরী)	৫০	২০	১১	০১৭১৪ ০৬৯৮৮৮
১৬	৪০৮	জনাব মাহবুব উদ্দিন আহমেদ বীরবিক্রম	৩৭	৯	৪	০১৭১১ ৫৬৩২৫৭
১৭	৪৩৯	বীর মুক্তিযোদ্ধা সৈয়দা মনিরা আক্তার খাতুন	৮০২, ১১বি	তুরাগ	১৮	০১৭১৫ ০৭৬১৩৭
১৮	৪৪৩	বীর মুক্তিযোদ্ধা মোঃ দুদু মিয়া সরকার	২৮	১৭	১৪	০১৮১৯ ১৬৩২৭৪
১৯	৪৪৬	বীর মুক্তিযোদ্ধা নিত্য গোপাল পাল	৫	১০	৯	০১৫৫২ ৩৯১১১৩
২০	৪৬৫	বীর মুক্তিযোদ্ধা এ.এফ.এম. সাইফুল ইসলাম	২৬	৮	১৩	০১৭১১ ৮৯৫৫৫৮
২১	৪৬৭	বীর মুক্তিযোদ্ধা ড. মোহাম্মদ সিরাজুল ইসলাম	৩২	৩৬	৭	০১৭১১ ৩৭৯৭১২
২২	৪৭০	বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী জে. বি. বড়ুয়া	৩০	৬	৩	০১৭২৬ ৪০৭৭৬৪
২৩	৪৭৬	বীর মুক্তিযোদ্ধা মোঃ মোজাম্মেল হক	২১	১২	১৪	০১৭২৩ ৯১৭৮৬৮
২৪	৪৯০	বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ডা. ফরিদুল হাসান	৩৭	০৯সি	৫	০১৫৫২ ৪৫১৭০৭
২৫	৫৪০	বীর মুক্তিযোদ্ধা দেলোয়ার হোসেন	৯	২২	১৪	০১৭১৩ ২৪৯৭৫৫
২৬	৫৪৭	জনাব এ.কে.এম. রফিকুল হক বীরপ্রতীক	৫৩	১৫	১১	০১৩৩১ ৫৯৮৮৯১
২৭	৫৯০	বীর মুক্তিযোদ্ধা গোলাম মেজবাহ উদ্দিন	৯	৫৯	গুলশান-২	০১৭১১ ৫৪০৬৫০
২৮	৬৪২	প্রফে. ডা. আব্দুল্লাহ আল মাহমুদ বীরপ্রতীক	৬৬	১	১২	০১৮১৯ ০১৯৭৪৬
২৯	৬৯৬	বীর মুক্তিযোদ্ধা মোঃ আকরাম হোসাইন	১৪৫	আজমপুর	দক্ষিণখান	০১৭১১ ০৭৬৩৭৬

সব পাখি ঘরে আসে - সব নদী -
ফুরায় এ জীবনের সব লেনদেন

উত্তরা অফিসার্স ক্লাব, ঢাকা

স্মৃতিতে সদা জাগরূক

ক্রম	সদস্য নম্বর	নাম ও পদবি	মৃত্যুর তারিখ
০১	৯১	জনাব মোঃ খোরশেদ আলম প্রধান প্রকৌশলী (অব.), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	২২.০৯.২০১৩
০২	২০৮	জনাব এ. কে. এম. আনিসুর রহমান সচিব (অব.)	২৭.১০.২০১৩
০৩	৫১	জনাব মোঃ খালেকুজ্জামান পিপিএম সিনিয়র এএসপি	৩০.০১.২০১৬
০৪	১৫৯	জনাব মোঃ গোলাম মোস্তফা খান যুগ্ম সচিব (পরিচালক), বিএমইটি	০৫.১০.২০১৬
০৫	৬২	ইঞ্জি. কাজী নাসির উদ্দিন আহমেদ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অব.), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	২০১৬
০৬	২৬৯	জনাব মুহাম্মদ সাখাওয়াত হুসাইন সচিব (অব.)	১০.০১.২০১৭
০৭	৪২	বীর মুক্তিযোদ্ধা এস. এম. সাব্বির আলী অতিরিক্ত আইজিপি (অব.)	০৬.০৬.২০১৭
০৮	১৬১	জনাব সামসুল ইসলাম অতিরিক্ত সচিব (অব.)	১৩.০৭.২০১৭
০৯	৩৭০	ডা. মোঃ ইমদাদুল হক কনসালট্যান্ট, ফ্যামিলি ফিজিসিয়ান	২০১৮
১০	১৮৭	ইঞ্জি. মোঃ শাহজাহান অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অব.) সওজ অধিদপ্তর	১৭.০৬.২০১৮
১১	২১৮	ইঞ্জি. কাজি রেজাউল্লাহ্ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অব.), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	২৩.১২.২০১৮
১২	১০৫	ড. মীর মোহাম্মদ হাসান পরিচালক (অব.), বন গবেষণা ইনস্টিটিউট	২৫.১২.২০১৮
১৩	৩৪৯	জনাব মোঃ আব্দুর রশীদ বন সংরক্ষক (অব.), বন অধিদপ্তর	১০.০১.২০১৯
১৪	১৫৮	প্রফেসর ড. ফরিদা বিনতে লুৎফর অধ্যক্ষ, কলেজ অব হোম ইকনমিক্স	১৫.০২.২০১৯
১৫	৮৮	জনাব মোঃ সিরাজুল ইসলাম যুগ্ম সচিব (অব.), সেতু বিভাগ	১২.০৬.২০১৯
১৬	৪৯৬	ডা. পারভেজ ইফতেখার আহমদ সহকারী অধ্যাপক, ঢাকা মেডিকেল কলেজ	১৫.০৭.২০১৯
১৭	৫১৫	জনাব মোঃ মোমিনুর রহমান নির্বাহী প্রকৌশলী (অব.)	০৩.০৯.২০১৯
১৮	৯২	জনাব আব্দুস সামাদ ভূঞাঁ অতিরিক্ত সচিব (অব.)	০২.১০.২০১৯
১৯	৮৭	প্রকৌ. মোঃ মতিয়ার রহমান অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অব.), গণপূর্ত অধিদপ্তর	০৬.১১.২০১৯
২০	৩৯	জনাব শাহ্ আলম অতিরিক্ত সচিব (অব.)	১৪.০৫.২০২০
২১	২৫৬	জনাব ডা. মোঃ আফাজ উদ্দিন প্রাণি সম্পদ কর্মকর্তা	২২.০৭.২০২০
২২	৩৫৭	প্রফেসর এ. এফ. এম. সিদ্দিকুর রহমান অধ্যাপক, কমিউনিটি বেসড মেডিকেল কলেজ, ময়মনসিংহ	০৭.০৯.২০২০
২৩	৪৫৪	জনাব মোঃ আজিজুর রহমান চৌধুরী অতিরিক্ত এসপি	১২.০৯.২০২০
২৪	৩০৪	জনাব এ. কে. এ. হাই নির্বাহী পরিচালক (অব.), বিআরইবি	০৭.১০.২০২০

ক্র.নং	সদস্য নম্বর	নাম ও পদবি	মৃত্যুর তারিখ
২৫	৫৩১	জনাব শিকদার জাহাঙ্গীর রশীদ প্রধান প্রকৌশলী (অব.), গণপূর্ত অধিদপ্তর	২৭.১০.২০২০
২৬	১০২	জনাব এ. ওয়াই. এম. মোশাররফ হোসেন সাবেক সদস্য, পিএসসি	০৫.১১.২০২০
২৭	২৭৭	জনাব মোঃ জবেদ আলী উপসচিব	২৬.১১.২০২০
২৮	৫০	ইঞ্জি. মোঃ ফজলুল হক প্রধান প্রকৌশলী (অব.), সওজ অধিদপ্তর	০১.১২.২০২০
২৯	৩৬৪	ডা. জি. এম. সাঈদ সহকারী সার্জন	১১.০১.২০২১
৩০	২১	জনাব সায়ফুল আলম অতিরিক্ত সচিব (অব.)	১৯.০১.২০২১
৩১	৪৯	জনাব এস. এম. হেদায়েতুল ইসলাম অতিরিক্ত কর কমিশনার (অব.)	৩১.০১.২০২১
৩২	৪৬৮	জনাব মোস্তফা জামাল উদ্দিন আল-আজাদ পিপিএম ডিআইজি (অব.)	১৯.০২.২০২১
৩৩	৫৬	জনাব মোঃ নুরুল ইসলাম পরিচালক (অব.),পররাষ্ট্র মন্ত্রণালয়	২০.০৪.২০২১
৩৪	৩৭২	জনাব মোঃ জহুরুল ইসলাম জেলা ও সেশন জজ	০১.০৬.২০২১
৩৫	৪৪	বীর মুক্তিযোদ্ধা মোঃ শামসুর রহমান খান যুগ্ম সচিব (অব.)	২১.১০.২০২১
৩৬	১১০	জনাব এম. হেদায়েতুল হক অর্থনৈতিক উপদেষ্টা (অব.), অর্থ মন্ত্রণালয়	৩০.০১.২০২২
৩৭	৪০১	বীর মুক্তিযোদ্ধা মোঃ আব্দুস সামাদ জিএম - ফাইনান্স (অব.), বিজেএমসি	২৭.০৪.২০২২
৩৮	২৯২	জনাব মোঃ ওমর ফারুক ভূঁইয়া সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বিআরইবি	৩০.০৬.২০২২
৩৯	১৯৮	জনাব বেলায়েত হোসেন চৌধুরী নির্বাহী পরিচালক (অব.), বিআরইবি	০৪.০৭.২০২২
৪০	৬০	জনাব এ. কে. এম. সামসুদ্দীন সহযোগী অধ্যাপক, ঢাকা কলেজ	২৬.০৭.২০২২
৪১	৩৯৫	অধ্যাপক গোলাম মোস্তফা অধ্যাপক (অব.),বাংলা কলেজ	০৮.১০.২০২২
৪২	৯৪	জনাব মোঃ শাহ জাহান সিদ্দিকী বীরবিক্রম সচিব (অব.)	২৪.১১.২০২২
৪৩	১৪৪	জনাব সানজিদা সোবহান অতিরিক্ত সচিব	০৩.০৯.২০২৩
৪৪	২৬৬	জনাব নাসরিন মুক্তি মিনিস্টার (রাজনৈতিক), বাংলাদেশ দূতাবাস, লন্ডন	০৪.০৯.২০২৩
৪৫	৩৫৪	ডা. শ্যামল কৃষ্ণ আইচ সহযোগী অধ্যাপক, ঢাকা ডেন্টাল কলেজ	০৩.১১.২০২৩
৪৬	১৭২	এম. বজলুর রহমান অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অব.), সওজ অধিদপ্তর	২৫.০১.২০২৪
৪৭	২৭৩	ইঞ্জি. কাজি এ. জেড. এম. শরিফুল হক উপ বিভাগীয় প্রকৌশলী, সওজ অধিদপ্তর	

ভাষা আন্দোলনে নারীর ভূমিকা

- **প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ** (সদস্য নং ৩৬)

বাঙালির হাজার বছরের ইতিহাসের শ্রেষ্ঠ অর্জন বাংলাদেশের স্বাধীনতা আর স্বাধীনতা অর্জনের ইতিহাসের গুরুত্বপূর্ণ অধ্যায় মহান ভাষা আন্দোলন। আজ আমরা বিশ্বঅঙ্গনে নিজেদের ঠাঁই করে নিয়েছি। আমাদের ভাষা বাংলা, জাতিতে বাঙালি, দেশ বাংলাদেশ। আমাদের প্রাণের এই ভাষাকে রক্ষা করবার জন্য পুরো জাতি সেদিন একতাবদ্ধ হয়েছিল। সুতরাং, একুশ আমাদের গর্বের দিন, একুশ আমাদের জাতীয় চেতনার দিন, একুশ আমাদের আনন্দ বেদনার দিন। ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারি বাঙালির গৌরবময় ইতিহাসের একটি রক্তাক্ত সোনালি দিন।

ভাষা আন্দোলনে নারীদের অংশগ্রহণ বাঙালি জাতি ও বাংলা ভাষার ইতিহাসে একটি অবিস্মরণীয় ঘটনা। তবে আন্দোলনে নারীদের অংশগ্রহণের বিষয়টি ইতিহাসে উল্লেখযোগ্যভাবে স্থান পায়নি। অথচ পুরুষদের সহযোদ্ধা হয়ে 'রাষ্ট্রভাষা বাংলা চাই' দাবি নিয়ে নারীরা ছিলেন মিছিলের সামনের সারিতে। ভাষা আন্দোলনের সব ধরনের মিটিং মিছিল, সভা-সমাবেশে নারীরা অংশ নিয়েছে। আন্দোলনের পোস্টার, ব্যানার, কার্টুন লেখায় নারীদের ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। ভাষাপ্রশ্নে নারীদের তৎপরতা সারাদেশে শুরু থেকেই অব্যাহত ছিল। ১৯৪৭-১৯৫১ সনে মাত্র চার বছরের ব্যবধানে ভাষা আন্দোলন যখন তুঙ্গে, তখন বিশ্ববিদ্যালয়ের ছাত্রী সংখ্যা ৮০-৮৫ জন এবং এই ছাত্রীরাই বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সাথে এক কাতারে দাঁড়িয়ে ভাষা আন্দোলনে গৌরবময় ভূমিকা রেখে গেছেন। ১৯৫০-১৯৫১-তে ড. সাফিয়া খাতুন ঢাকা বিশ্ববিদ্যালয় উইমেন হল ইউনিয়নের জি.এস. ছিলেন, '৫১-'৫২-তে ছিলেন ভিপি। বলা যায়, তিনি ছিলেন তখনকার বিশ্ববিদ্যালয়ের নারীদের পুরোধা ব্যক্তিত্ব।

কিছু সংখ্যক মেয়ে বিশ্ববিদ্যালয় চত্বরে কর্তৃপক্ষের দৃষ্টিকে ফাঁকি দিয়ে ছেলেদের গোপন মিটিংয়ে যোগদান করেছে। প্রথম রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদে লিলি খান ও আমেনা খাতুন সম্পৃক্ত ছিলেন। ৬ই ডিসেম্বর ১৯৪৮ রাষ্ট্রভাষা বাংলার দাবিতে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে প্রথম যে ছাত্রসভা অনুষ্ঠিত হয় সেই সভাতেই বিশ্ববিদ্যালয় ছাত্রী কল্যাণী সভায় অংশগ্রহণ করেন। রাজনৈতিক জ্ঞানসম্পন্ন অল্প সংখ্যক ছাত্রী যথেষ্ট সাবধানতার মধ্যে বিশ্ববিদ্যালয়ের গোপন মিটিংয়ে যোগদান করতো। এর মধ্যে সুফিয়া খান, রওশান আরা, রোকেয়া ও সুফিয়া আলী উল্লেখযোগ্য। ছাত্রীদের কাছে পোস্টার লেখার দায়িত্ব দেয়া হতো এবং সারারাত জেগে নুরুন্নাহার কবির পোস্টার লিখতেন।

২১শে ফেব্রুয়ারি সরকার ১৪৪ ধারা জারি করে হরতাল ও শোভাযাত্রা নিষিদ্ধ ঘোষণা করা হয়। সর্বদলীয় সংগ্রাম পরিষদ অনেক তর্ক-বিতর্কের পর সিদ্ধান্ত গ্রহণ করে যে ১৪৪ ধারা ভঙ্গ করা হবে। দশজন করে গ্রুপ করে ১৪৪ ধারা ভঙ্গ করে শান্তিপূর্ণভাবে মিছিল করে ভবনের সামনে যাবে। একই সঙ্গে সিদ্ধান্ত হলো প্রতিটি দলের প্রথমভাগে ১ জন বিশ্ববিদ্যালয়ের ছাত্রী থাকবে পুলিশি গ্রেফতার এড়ানোর জন্য। ২১শে ফেব্রুয়ারি মিছিল বের হলে মাফিয়া খাতুন, হালিমা খাতুন এবং রওশান আরা তিনটি গ্রুপের সঙ্গে মিছিলে ছিলেন। ছাত্রছাত্রীদের ১৪৪ ধারা ভঙ্গ করার অভিযোগে পুলিশ লাঠি চার্জ ও গ্যাস ছুঁড়তে থাকে এবং চূড়ান্ত পর্যায়ে নির্বিচারে গুলি করে। তখন পর্যন্ত মেয়েরা মিছিলে ছিল এবং পরবর্তীতে মিছিল ভঙ্গ করে দৌড়াদৌড়ি করে মেডিকেলের উল্টোদিকে এস এম হলের প্রভোস্টের বাড়িতে আশ্রয় গ্রহণ করেন। এতে কয়েকজন আহত হয়ে পড়ে যেমন সারা তৈফুর, সুফিয়া ইব্রাহিম, সুরাইয়া ডলি ও সুরাইয়া হাকিম। এ

এ সময়ে পুলিশের লাঠিচার্জের কারণে এই সমস্ত ছাত্রীরা মারাত্মকভাবে আহত হন। ২১শে ফেব্রুয়ারি গুলিবর্ষণের ঘটনার পর তা স্বতঃস্ফূর্ত গণআন্দোলনে রূপ নেয়।

ঢাকার বাইরে এর মধ্যে নারায়ণগঞ্জের মমতাজ বেগম অন্যতম। তিনি শহিদদের রক্তের শপথে নারায়ণগঞ্জবাসীকে ঐক্যবদ্ধ আন্দোলনে উদ্দীপ্ত করেছিলেন বলে তাকে কারাবরণ করতে হয়। একই সঙ্গে জেলে গিয়েছিলেন ইলা বকশী, রেনু ধর ও শিবানী। ময়মনসিংহ মুসলিম গার্লস স্কুলের ছাত্রী সালেহা খাতুন স্কুলে কালো পতাকা উত্তোলনের অপরাধে স্কুল থেকে ৩ বছরের জন্য বহিষ্কৃত হন। খুলনার স্কুল ছাত্রী ইসমিদা খাতুন মহিলাদের ঐক্যবদ্ধ আন্দোলনের চেষ্টা করতে গিয়ে লাঞ্ছিত হন। সিলেটের মেয়েরা ঢাকায় গুলিবর্ষণের প্রতিবাদে তৎকালীন শহরে মিছিল বের করতে সক্ষম হন। এতে উল্লেখযোগ্য অবদান রাখেন রোকেয়া খাতুন চৌধুরী, সাহেরা খাতুন, সৈয়দা লুৎফুন্নেছা খাতুন, সৈয়দা নজিবুন্নেছা খাতুন, রাবেয়া আলী ও রাবেয়া খাতুন। সুতরাং, ভাষা আন্দোলনে আমাদের নারীদের ছিল উল্লেখযোগ্য ভূমিকা।

ভাষা আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাইরে যারা তমদ্দুন মজলিসের সাথে যুক্ত ছিলেন, তাদের মধ্যে অন্যতম হলেন আনোয়ারা খাতুন। তিনি ছিলেন প্রাদেশিক পরিষদের সদস্য এবং ৫২'র ভাষা সংগ্রাম পরিষদের অন্যতম সদস্য। গাইবান্ধার বেগম দৌলতুন্নেছাও অগ্রণী ভূমিকা রেখেছিলেন। তিনি প্রাদেশিক পরিষদের সদস্য ছিলেন ১৯৫৪ সালে। চট্টগ্রামেও বেশ কিছু কলেজ ছাত্রী এবং সেময়ের ভদ্র মহিলারাও ভাষা আন্দোলনে যুক্ত ছিলেন। তাদের মধ্যে অন্যতম তোহফাতুন্নেছা আজিম, সৈয়দা হালিম, সুলতানা বেগম, নুরুন্নাহার জহুর, আইনুনু নাহার, আনোয়ারা মাহফুজ, থালেয়া রহমান এবং প্রতিভা মুৎসুদ্দি।

ঢাকায় তিনজন নারীর কথা উল্লেখ করতে হয় - ১৯ নং আজিমপুরের অন্দরমহল ছিল এই তিন নারীর কর্মশালা। কোনোরূপ মিটিং, মিছিলে অংশ না নিয়েও এই তিন নারী দিনের পর দিন তমদ্দুন মজলিসের বিপ্লবী চেতনায় উদ্বুদ্ধ কিছু তরুণের আদর্শিক প্রেরণার উৎস ছিলেন। এই তিনজন নারীর নাম রাহেলা খাতুন, রহিমা খাতুন ও রোকেয়া বেগম। রাহেলা খাতুন ছিলেন অধ্যক্ষ আবুল কাসেমের স্ত্রী, রহিমা খাতুন ছিলেন তার বোন এবং সাহিত্যিক ও সাংবাদিক সানাউল্লাহ নূরীর স্ত্রী। রোকেয়া বেগম ছিলেন কাসেম সাহেবের সম্বন্ধীর স্ত্রী।

বঙ্গবন্ধু তাঁর আত্মজীবনীতে লিখেছেন, ৩১ জানুয়ারি ১৯৪৮ সালে ঢাকার বার লাইব্রেরিতে সর্বদলীয় সভায় ছাত্রীদের পক্ষ থেকে ইডেন কলেজের ছাত্রী মাহাবুবা খাতুন বলেন, "বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবি স্বীকার করিয়ে নেওয়ার জন্য প্রয়োজন হলে মেয়েরা তাদের রক্ত বিসর্জন দেবে"। আন্দোলনের শুরুর দিকে একজন ছাত্রীর মুখে এমন সাহসী উচ্চারণ কর্মীদের মনে উদ্দীপনা জোগাতে বিশেষ ভূমিকা রাখে। বঙ্গবন্ধু লিখেন, "১১ মার্চ ভোর বেলা থেকে শত শত ছাত্রকর্মী ইডেন ভবন ও অন্যান্য জায়গায় পিকেটিং শুরু করল"। সকাল ৮টায় পোস্ট অফিসের সামনে ছাত্রদের ওপর পুলিশ লাঠিচার্জ করলে কয়েকজন ছাত্রী বাধা দিতে গিয়ে পুলিশের লাঠিপেটার শিকার হন।

আলোচনার শেষে বলতে চাই শ্রদ্ধাভরে স্মরণ করি নবাব ফয়জুন্নেছা ও বেগম রোকেয়াকে যারা শিক্ষার আলো জ্বালিয়ে নারী জাগরণের পথ দেখিয়েছিলেন। তারই পথ ধরে আমাদের নারীরা ভাষা আন্দোলনে যে সাহসী ভূমিকা রেখেছেন, তা আমাদের প্রজন্মকে উৎসাহিত করে নিয়ে যাবে বহুদূর।

লেখিকা : অবসরপ্রাপ্ত অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ ও
নির্বাহী সদস্য, উত্তরা অফিসার্স ক্লাব, ঢাকা

জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা
ও
মহান মুক্তিযুদ্ধ '৭১ সম্পর্কে কিছু অভিজ্ঞতা

- **বীর মুক্তিযোদ্ধা মোঃ মোজাম্মেল হক** (সদস্য নং ৪৭৬)

বাংলাদেশ, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ এই তিনটি শব্দ একই সূত্রে গাঁথা। আমি একজন বয়োবৃদ্ধ মুক্তিযোদ্ধা (৮০) হিসেবে বেঁচে আছি। আমি মনেপ্রাণে বিশ্বাস করি বাংলাদেশের মুক্তি, স্বাধীনতা ও সার্বিক মঙ্গলের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ত্যাগ সর্বজনবিদিত। তাঁর মতো অগ্রসরমান নেতা এ ভূখণ্ডে জন্ম নিয়েছেন বলে আমি এ যাবত শুনি নাই। তিনি জন্ম থেকেই দেশকে অকৃত্রিমভাবে ভালোবাসতেন এবং দেশের জনগণের জন্য ছিলেন নিবেদিত প্রাণ। জীবনের অধিকাংশ সময় তিনি জেলে কাটিয়েছেন, কষ্ট করেছেন, দেশের মঙ্গল চিন্তা ও ভাল-মন্দ নিয়ে ভেবেছেন ছোটোবেলা থেকেই। সাধারণ মানুষের দুঃখ কষ্ট নিজের মনে করতেন। বাল্যকাল থেকেই নিজস্ব এলাকা, দেশের মধ্যে ও বাহিরে গরিব-দুখীদের মধ্যে ন্যায় বিচার প্রতিষ্ঠায় ব্যস্ত দিন কাটিয়েছেন। এ সমস্ত বিষয় তাঁর অসমাপ্ত আত্মজীবনী বই থেকে বিশদভাবে জানা যায়।

জীবনে আদর্শবান ব্যক্তি হিসাবে বঙ্গবন্ধু রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন এবং অন্যকে রাজনীতি করতে সহায়তা করতেন। বক্তৃতা-বিবৃতি জনগণের কল্যাণে বুঝেসুঝে দিতেন, বিশেষভাবে মধ্যবিত্ত গরিব শ্রেণির মানুষ এবং যুব সমাজের চাহিদার দিকে লক্ষ্য রাখতেন। দেশের ভিতরে রাজনৈতিক সংকট দেখা দিলে বিরোধীদলের রাজনৈতিক নেতাদের সাথে আলাপ আলোচনা করে সিদ্ধান্ত নিতেন।

এছাড়া, আরো রয়েছে তাঁর কিছু অমর বাণী যা বর্তমানে টিভিতে "চিরন্তন বঙ্গবন্ধু" রূপে প্রচার হচ্ছে।

লেখকসহ সাধারণ বাঙালিকে যা সত্যিকার অর্থেই নাড়া দিচ্ছে, নমুনাস্বরূপ তাঁর কিছু নিম্নে তুলে ধরা হলো:

ক) ১৯৫৮-৬০ সালে পাকিস্তানের সরকারি চাকুরিতে দুই ইউনিটের সংখ্যা সাম্যের নীতি তুলে ধরা।

খ) ১৯৬৬ সালে ৬ (ছয়) দফা আন্দোলন।

গ) ঐতিহাসিক ৭ই মার্চ ১৯৭১-এর ভাষণে ৪টি শর্ত জুড়ে দেয়া, যথা:

* একাত্তরের মার্চে সংঘটিত গণহত্যার তদন্ত পরিচালনা।
* ১৯৬৯ সালের নির্বাচনে বিজয়ী গণপ্রতিনিধিদের কাছে ক্ষমতা হস্তান্তর।
* এছাড়া রয়েছে, "আমি প্রধানমন্ত্রিত্ব চাই না, চাই এ দেশের মানুষের অধিকার"।

এছাড়া, বঙ্গবন্ধুর মধ্যে যে সমস্ত রাজনৈতিক প্রজ্ঞা এবং বিশেষত্ব ছিল, বিশেষ করে- বিরাজমান অন্য সকল রাজনৈতিক দলকে স্বল্প সময়ে একত্রিত করা এবং তাদের সঙ্গে বোঝাপড়া করা ইত্যাদি এ সমস্ত গুণাবলী সচরাচর অন্য কারো মধ্যে দেখা যায় না। সর্বশেষে, আল্লাহ যাঁকে পথ দেখান, তাঁর জন্য দ্বিতীয় কোনো অভিভাবক দরকার পড়ে না।

মোট কথা, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর অসামান্য ভূমিকার জন্য বাঙালির হৃদয়ে চির জাগরুক হয়ে থাকবে, তাঁর অসামান্য নেতৃত্বেই আমরা মুক্তিযুদ্ধ করেছি, বিজয় লাভ করে সোনার বাংলা প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছি। তাঁর প্রতি রইলো আমার বিনম্র শ্রদ্ধা ও সালাম।

মুক্তিযুদ্ধ '৭১-এর অভিজ্ঞতা:

আমার স্বাধীনতা সংগ্রাম বা মুক্তিযুদ্ধ দুপর্বে বিভক্ত। প্রথম পর্ব শুরু হয় পাকিস্তানের রাজধানী করাচীস্থ ডিগরোড বিমান ঘাঁটিতে যখন আমি কর্মরত ছিলাম। এখানে ঐ সময় (১৯৬৮ সন থেকে ১৯৭১ সনের মে মাস পর্যন্ত) এই মাটিতে বিমান সেনা হিসাবে কর্মরত ছিলাম। আমার বয়স তখন ২৬/২৭ বছর। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যখন ৭ই মার্চ ঢাকায় সোহরাওয়ার্দী উদ্যানে ঐতিহাসিক ভাষণ দেন, তখন আমি স্বশরীরে সেখানে উপস্থিত ছিলাম না। তখন আমার কোনো সন্তান ছিল না। ঐ ভাষণ আমরা সরাসরি শুনতে পাইনি। আশেপাশের বাসায় সমমনা বন্ধুদেরকে নিয়ে কঠোর নিরাপত্তার মধ্যে গভীর রাতে বিবিসি ও ভয়েস অব আমেরিকা চ্যানেলে ভাঙ্গা ভাঙ্গা শব্দে ভাষণ শুনতে পেতাম। এ সময়ে ঘাঁটি কর্তৃপক্ষ কর্তৃক আমরা ছিলাম গৃহবন্দী। পুরো ঘাঁটিতে আমরা বাঙালি পরিবার ও ছেলে-মেয়েদের সহ ভীত সন্ত্রস্ত অবস্থার মধ্যে দিয়ে দিন কাটাতাম। প্রকাশ্যে খোলামেলা কেউ কারো সাথে মিশতে পারতাম না। ঘাঁটির বাহিরে ভিতরে ছিল নানারকম বিধিনিষেধ।

এছাড়া, ক্যাম্পের ভিতরে বসবাসরত ছোটো ছেলে-মেয়েদের আরো একটি মর্মান্তিক যন্ত্রণার কথা শুনতে হতো। প্রশ্ন আংকেল, গতকাল আমরা সবাই মিলে-মিশে খেলাধুলা করতাম, আজ কেন ওরা (পাকিস্তানি ছেলে-মেয়েরা) আমাদের খেলায় আসে না। ওদের এই প্রশ্নের জবাব আজও দিতে পারি না। কি জন্য যে, তারা আসে না এ কথার জবাব না দিতে পারার "পীড়া" আজও আমাকে আঘাত করছে।

পরবর্তীতে, মে '৭১-এর শেষের দিকে হঠাৎ করে আমি অসুস্থ হয়ে পড়ি। এতে করে আমাকে হাসপাতালে ভর্তি করা হয়। কয়েকদিন যেতে না যেতেই আমাকে হাসপাতাল ত্যাগ করতে বাধ্য করা হয়। বিষয়টি আমার কাছে পীড়াদায়ক মনে হলো কিন্তু বলার কিছু নেই। হাসপাতাল কর্তৃপক্ষ আমাকে ২৮ দিন মেডিকেল ছুটি মঞ্জুর করেন। এতে আমি কিছুটা খুশি হয়েছিলাম।

প্রথম দিকে আল্লাহ্‌র অসীম করুণায় শ্রীলঙ্কার রাজধানী কলম্বো বন্দর হয়ে বিমানে করে ঢাকায় পৌঁছাতে সক্ষম হই। এখানেও তখন আরেক বিড়ম্বনা শুরু হয়। তখন গুজব ছিল, বিমান অফিস থেকে বাঙালিদেরকে মিরপুর নিয়ে মহিলা-পুরুষ আলাদা করে মেরে ফেলা হতো। আমরা এতে আরো ভীত ও শঙ্কিত হয়ে পড়ি। পরবর্তীকালে, আমাদেরকে ঘন্টা দু'য়েক বসিয়ে রেখে ছেড়ে দেয়া হয়। আল্লাহ্‌কে অশেষ ধন্যবাদ দিয়ে আমরা বের হয়ে পড়ি, তখন রাত্র প্রায় দশটা।

দ্বিতীয় পর্ব (জুন '৭১ থেকে মার্চ '৭২ পর্যন্ত):

৭ই মার্চে বঙ্গবন্ধুর ভাষণের পর আপামর জনগণ, বিশেষ করে বাংলার যুব সমাজ পাকিস্তান হানাদার বাহিনীর বিরুদ্ধে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

এ সময়ে বাংলার মাঠ ঘাট অত্যন্ত উত্তপ্ত ছিল। কেউ কোনো কথা বলতে ও শুনতে রাজি নয়। সবাই খুব ব্যস্ত, নিকটজনও দূরে সরে যাচ্ছে। আর্থিক সম্বল ও ব্যাংক একাউন্ট গুছাতে প্রায় সকলেই ব্যস্ত। কোথায় কী হয় - এ নিয়ে সবাই শঙ্কিত ও ভীত।

জুন '৭১-এর প্রথম দিকেই সম্ভবত ৪/৫ তারিখে পরিবার শ্বশুরবাড়ি নরসিংদীতে রেখে স্থানীয় মুক্তিযোদ্ধা সংগঠক জনাব গয়ছর আলী মাস্টার-এর নেতৃত্বে আগরতলার উদ্দেশ্যে রওয়ানা দেই, রাতের বেলা কংস নদীর তীরবর্তী স্থানে পৌঁছালে পাক বাহিনীর টহলের সম্মুখীন হয়ে পড়ি। এতে আমরা ভীত-সন্ত্রস্ত হয়ে নৌকা থেকে নিচে পড়ে এদিক সেদিক বিচ্ছিন্ন হয়ে যাই। বাধ্য হয়ে ফিরে আসি। পরদিন নারায়ণগঞ্জ দিয়ে লঞ্চে মতলব হয়ে কচুয়ার

লাঙ্গলবন্দ বাজার দিয়ে মুক্তিযোদ্ধাদের মিলন মেলা আগরতলা মেলাঘরে পৌঁছাই। তখন আমার সাথে স্থানীয় আরো কয়েকজন স্কুল কলেজের ছাত্র ছিল। মেলাঘরে ছিলেন তৎকালীন নির্বাচিত এম.পি. জনাব গোলাম মুর্শেদ ফারুকী। তাঁর আন্তরিক প্রচেষ্টায় ও স্থানীয় মেলাঘর কর্তৃপক্ষের সহযোগিতায় সেনাবাহিনীর কমান্ডে মুক্তিযোদ্ধা হিসেবে আমি সহজেই যুক্ত হই। আমার কোম্পানী কমান্ডার ছিলেন, ক্যাপ্টেন নাসিম এবং ৩ নং সেক্টর কমান্ডার ছিলেন মেজর শফিউল্লাহ। আগরতলার খায়ের তলা ছিল হেড কোয়ার্টার। এছাড়া, আরো বেশ কিছু সেনা অফিসার ছিলেন। তাঁদের নাম এখন আমার স্মরণ নেই। আমাদের ক্যাম্প ছিল পঞ্চবটি নামক স্থানে আগরতলা হরষপুর রেল স্টেশনের কাছে।

আমাদের কোম্পানী সেনা, নৌ ও বিমান বাহিনীর সদস্য নিয়ে গঠিত। দিনের চাইতে রাতেই বেশি অপারেশন হতো। দিনের বেলায় সেনাবাহিনী সদস্যগণ আমাদেরকে (নৌ, বিমান সদস্য) ভারী অস্ত্রের প্রশিক্ষণ দিতেন। প্রথম দিকে আমাদের হাতে বিশেষ কোনো অস্ত্র ছিল না। থ্রি নট থ্রি রাইফেল-বন্দুকই ছিল একমাত্র ভরসা। গোলা-বারুদের পরিমাণও ছিল প্রয়োজনের তুলনায় অনেক কম। আস্তে ধীরে তা বাড়তে থাকে। এরপর, স্বল্প সময়ের মধ্যে ভারতীয় বাহিনী আমাদের সাথে যোগ দেয়। তাদের কাছ থেকে প্রচুর অস্ত্রশস্ত্র পাওয়া যায়। দ্বিগুণ শক্তিতে আমরা মুক্তিযোদ্ধারা উৎসাহিত হই এবং যুদ্ধে ঝাঁপিয়ে পড়ি।

এরপর, নভেম্বরের প্রথম দিকে ৩ নং সেক্টরের সিলেটের তেলিয়াপাড়ায় তুমুল রক্তক্ষয়ী যুদ্ধ সংঘটিত হয়। সে সময় মিত্র বাহিনী আমাদের পাশে ছিল এবং পাকিস্তানি সেনাবাহিনী সমূলে ধ্বংস হয় ও ক্যাম্প ছাড়তে বাধ্য হয় এবং আমরা বিজয়ী হই। তারা ঢাকার দিকে পালাতে শুরু করে। এখানে একটা মর্মান্তিক ঘটনা ঘটে, যুদ্ধে উভয় পক্ষের বহু লোক আহত ও নিহত হয়। এছাড়া, যুদ্ধের ময়দানে আমার পার্শ্ববর্তী বন্ধু বরিশালের ল্যান্সনায়েক সদ্য বিবাহিত রফিক উল্ল্যাহ ৩ ইঞ্চি মর্টার ল্যানসারের আঘাতে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন। আমি পাশে থেকেও কোনো সাহায্য করতে পারিনি। ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক, এখনও ভুলতে পারিনি। অতঃপর ডিসেম্বরের প্রথম দিকে আমরা সদলবলে ব্রাহ্মণবাড়িয়া, নরসিংদী হয়ে ঢাকায় চলে আসি।

যুদ্ধ ছেলে খেলা নয়, যারা যুদ্ধ করে তারাই ঐ বিভীষিকাময় দিনগুলোর কথা ও ভয়াবহ চিত্র পূর্ণাঙ্গভাবে বুঝতে পারে। জয় বাংলার জয় আনতে যে ৩০ লক্ষ শহিদ ও দু'লক্ষ বা আড়াই লক্ষ মা-বোনের মৃত্যু বা সম্ভ্রমহানি হয়েছে তা শুধু নয়, এই সংখ্যা আরো বেশি। খেলার মাঠে, পাকা ধান ক্ষেতে, জমির আইলের পাশে, খাল বা নদীর ধারে, রাস্তার মাথায় ইত্যাদি স্থানে যে সমস্ত রক্তাক্ত লাশ যুদ্ধকালীন দেখা গেছে, তার সংখ্যা অনেক অনেক বেশি।

যুদ্ধ চলাকালীন যে সমস্ত জায়গা থেকে উৎসাহ উদ্দীপনা পেয়েছিলাম তার কিছু বর্ণনা দেওয়া হলো, যথাঃ

* স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের গান ও নাটক
* লেখক এবং শিল্পী এম আর আক্তার মুকুলের পরিচালিত 'চরমপত্র'
* সর্বোপরি স্বাধীনতাপ্রিয় দেশের জনগণের আন্তরিক সেবা ও সহযোগিতা
* ভারত সরকার ও তার জনগণের অকুণ্ঠ সমর্থন

বিজয় দিবসঃ

১৯৭১ সালের মুক্তিযুদ্ধের বিজয় ছিল ঐতিহাসিক ও আকাঙ্ক্ষিত। শত শত বছর ধরে বাঙালিরা শোষিত, নিষ্পেষিত ও বঞ্চিত ছিল। যুগে যুগে এর বহু ইতিহাস রচিত হয়েছে। কিন্তু শেষ পর্যন্ত পাকিস্তানের ২৩ বছরের শাসনামলে তা চরম আকার ধারণ করে। অতঃপর, বাঙালির অবিসংবাদিত নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবির্ভাব হয়।

তাঁরই নেতৃত্বে 'বীর বাঙালি অস্ত্র ধর, বাংলাদেশ স্বাধীন করো' যুদ্ধে বাঙালি যুবকরা বুকের তাজা রক্ত ঢেলে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে। সম্পূর্ণ বিনা অস্ত্রে, বিনা প্রশিক্ষণে, আধুনিক প্রশিক্ষিত ও অস্ত্রসজ্জিত পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করে আমরা জয়লাভ করি। ডিসেম্বর ৬ তারিখে ভারত যখন বাংলাদেশের স্বাধীনতাকে স্বীকৃতি দেয়, তখন আমরা দ্বিগুণ উৎসাহে যুদ্ধ করতে থাকি। তখনই আমরা বাংলাদেশের স্বাধীনতার সুবাতাস পেতে থাকি।

এর কিছু দিনের মধ্যেই আমাদের কোম্পানী নদী পথে ব্রাহ্মণবাড়িয়া ও নরসিংদী হয়ে ঢাকার ডেমরা দিয়ে ঢাকা শহরের কমলাপুরে পৌঁছি। এখানে সাবেক প্রেসিডেন্ট জনাব বদরুদোজ্জা চৌধুরীর পিতা কফিল উদ্দিন চৌধুরীর বাড়িতে ক্যাম্প স্থাপন করি। উল্লেখ্য, নদী পথের দুই ধারে হাজার হাজার স্বাধীনতা প্রিয় জনগণ আমাদেরকে সু-স্বাগত জানায়। এ ছিল এক অপরূপ নৈসর্গিক দৃশ্য। যা কখনো ভোলা যায় না এবং যাবেও না।

এছাড়া, ১৬ ডিসেম্বর যখন রমনা মাঠে পাক-বাহিনী আত্মসমর্পণ করে, তখন আমাদের কোম্পানী (লেখকসহ) নিরাপত্তার দায়িত্বে ছিল।

সর্বশেষ, মুক্তিযুদ্ধ যাঁর অঙ্গুলি হেলনে পরিচালিত হয়েছে তাঁকে হৃদয়ে ধারণ করে ও তাঁর আদরের দুলালি, মান্যবর নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাংলাদেশের উন্নয়নমূলক কাজের জন্য সুস্বাস্থ্য ও দীর্ঘ জীবন কামনা করছি।

লেখক : সাবেক উপ-সচিব

কাছ থেকে দেখা বঙ্গবন্ধু

- **মুহাম্মদ নজরুল ইসলাম** (সদস্য নং ৯০)

তখন ১৯৬৪ সাল। আমি তখন পাবনা জেলা স্কুলের নবম শ্রেণির ছাত্র। হঠাৎ করেই একদিন শুনতে পেলাম পাবনা বনমালী ইনস্টিটিউট মাঠে আইয়ুব খানের বিরুদ্ধে নির্বাচন প্রার্থী ফাতেমা জিন্নাহ এর পক্ষে প্রচারে জনসভা করতে আসছেন তৎকালীন নেতা হোসেন শহীদ সোহরাওয়ার্দী, শেখ মুজিবুর রহমান-সহ আরো অনেকে। পাকিস্তানের সামরিক শাসনের বিরুদ্ধে গণ আন্দোলন গড়ে তোলার নেতৃত্ব দেয়ার জন্য ছাত্র জনতার কাছে শেখ মুজিবের নাম তখন তুঙ্গে। তাঁকে কাছ থেকে দেখার ইচ্ছে অনেকদিনের। এই ইচ্ছে পূরণ হবে জেনে পুলকিত বোধ করছিলাম। দিনক্ষণ ঠিক করে যেদিন জনসভার তারিখ ও সময় ঘোষণা করা হলো তার আগের দিন পাবনা জেলা স্কুল কর্তৃপক্ষ নোটিশ দিয়ে জানিয়ে দিলো যে, শেখ মুজিবুর রহমানের এই জনসভায় জেলা স্কুলের কোনো ছাত্র যেন যোগদান না করে। আমি তখন জেলা স্কুল হোস্টেলে স্কুল ক্যাম্পাসের মধ্যেই থাকতাম। হোস্টেলে আমরা তখন ১৬ জন ছাত্র ছিলাম। জনসভার আগের দিন রাতে আমরা নিজেদের মধ্যে আলোচনা করছিলাম কীভাবে জনসভায় যাওয়া যায়। এই সময় রাতে পাবনার ছাত্রনেতা জনাব মোঃ সাহাবুদ্দিন চুপ্পুর (বর্তমান মহামান্য রাষ্ট্রপতি) নেতৃত্বে কয়েকজন ছাত্রনেতা আমাদেরকে জনসভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানাতে আসলেন। আমরা তাদের আমন্ত্রণে সাড়া দিয়ে ৪/৫ জন শুধু শেখ মুজিবুর রহমানকে দেখার জন্য চুপিসারে ভয়ে ভয়ে জনসভায় গিয়ে পেছন দিকে দাঁড়িয়ে থাকলাম। দীর্ঘদিনের লালিত স্বপ্নের মানুষ শেখ মুজিবকে নিজ চোখে এক নজর দেখার জন্য তখন অধীর অপেক্ষা। সূর্য অস্তের কিছু আগে শেষ বক্তা হিসেবে আবির্ভাব ঘটলো সেই মহাপুরুষ শেখ মুজিবুর রহমানের। সাদা পাঞ্জাবী, কালো হাতা কাটা কোট পরা ৬ ফুটের উপরে লম্বা এই নেতা যখন মঞ্চে দাঁড়ালেন, তখন চারদিকে ধ্বনি আর শ্লোগান। আমার জীবনে এ রকম সুপুরুষ আর কখনো দেখিনি। মন্ত্রমুগ্ধের মতো দাঁড়িয়ে শুনছি তাঁর বজ্রকণ্ঠের বক্তৃতা আর দেখছি সেই মহানায়কের চেহারা ও বাচনভঙ্গি। শেখ মুজিব সম্পর্কে যা শুনেছিলাম ও কল্পনায় যে ছবি এঁকেছিলাম, কাছ থেকে দেখে মনে হলো তিনি তাঁর চেয়ে অনেকগুণ শ্রেয়। জনসভা শেষে হোস্টেলে ফিরতেই হোস্টেল সুপার ডেকে শাসন করলেন। ভবিষ্যতে এরকম আর হবে না বলে ক্ষমা চেয়ে সেবারের মত নিস্তার পেলাম।

এবার ১৯৬৭ সাল। আমি তখন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞানে অনার্সের প্রথম বর্ষের ছাত্র। আমার বড় ভাই বাংলা বিভাগের চেয়ারম্যান এবং এস. এম. হলের প্রভোস্ট। তিনি প্রগতিশীল ছাত্র রাজনীতির সমর্থক। ১৯৬৬ সালে ৬ দফা প্রস্তাবের পক্ষে জনমত সংগ্রহ ও আন্দোলনের প্রেক্ষাপট প্রস্তুতির জন্য শেখ মুজিবুর রহমান তখন সারা পূর্ব পাকিস্তান জুড়ে জনসভা, পথসভা করে বেড়াচ্ছেন। নাটোরে জনসভা শেষে, রাতে রাজশাহীতে জনাব এ. এইচ. এম. কামারুজ্জামানের বাসায় রাত্রিযাপনের কর্মসূচি এবং পরদিন বিকেলে মাদ্রাসা ময়দানে জনসভা। নাটোর থেকে রাজশাহী প্রবেশের পথে বড় ভাই প্রফেসর মযহারুল ইসলামের (পরবর্তীকালে, বাংলা একাডেমির মহাপরিচালক এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য) বাসায় যাত্রাবিরতি, ছাত্রনেতা ও প্রগতিশীল শিক্ষকদের সাথে বৈঠক ও নৈশভোজ। আমাকে দায়িত্ব দেয়া হয়েছিল বাসার সার্বিক আয়োজনের সমন্বয় করার। রাত ৮টার দিকে বড় ভাই নিজের রেকর্ড কারে নিজে ড্রাইভ করে শেখ মুজিবকে সামনে বসিয়ে নাটোর থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাসায় নিয়ে এলেন। খাবার পরিবেশনের সময় শেখ মুজিবের সাথে পরিচয় করিয়ে দেয়া হয়। তিনি কৈ মাছ খুব পছন্দ করতেন। একটি

মাছ শেষ করায় আমি দ্বিতীয়বার জিজ্ঞেস করতেই শেখ মুজিব বললেন, "তোর যখন শখ হয়েছে, আরেকটি মাছ দিতে পারিস"। সাথে পরামর্শ দিলেন, "পড়াশোনার পাশাপাশি রাজনীতির বিষয় যেন ভুলে না যাই, দেশকে অপশাসনের হাত থেকে বাঁচাতে হলে ছাত্রদের রাজনীতির চর্চা করতে হবে- ৬ দফা বাস্তবায়নের বৃহৎ ছাত্র আন্দোলন ও ঐক্যমত গড়ে তুলতে হবে। আমি মাথা নেড়ে সায় দিলাম। খাবার পর ড্রইং রুমে রাকসুর সভাপতি সম্পাদকসহ ছাত্রনেতা ও প্রগতিশীল শিক্ষকদের সাথে ঘন্টাখানেক বৈঠক শেষ করে শেখ মুজিবুর রহমান ভাইয়ের বাসা থেকে রাজশাহী শহরে চলে গেলেন। এতবড় মাপের একজন নেতাকে কাছ থেকে দেখা ও তাঁর দেয়া পরামর্শের স্মৃতি এখনো আমাকে আচ্ছন্ন করে রাখে।

এরপর, ১৯৭৪ সালের অক্টোবর মাস। দিন তারিখ মনে করতে পারছি না। আমি তখন দৈনিক জনপদ পত্রিকার স্টাফ রিপোর্টার। পত্রিকার সম্পাদক জনাব আব্দুল গাফ্ফার চৌধুরী ও বার্তা সম্পাদক জনাব কামাল লোহানী রাত ১০ টার দিকে কার্যবণ্টন করার সময় আমাকে ডেকে বললেন আগামী পরশু প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৫ দিনের বিশ্রাম সফরে কক্সবাজার যাচ্ছেন, সঙ্গে সফরসঙ্গী হিসেবে কয়েকজন সাংবাদিককে আমন্ত্রণ জানানো হয়েছে। দৈনিক জনপদ পত্রিকার পক্ষ থেকে আমাকে দায়িত্ব দেয়া হয়েছে-আমি যেন সেভাবে প্রস্তুত হয়ে পরশু সকাল ৮টায় প্রেস ক্লাবে উপস্থিত থাকি। সেখান থেকে সরকারি গাড়িতে হেলিকপ্টারে নেয়ার জন্য তেজগাঁও বিমানবন্দরে নেয়া হবে। খবরটি নিঃসন্দেহে আনন্দের এবং দায়িত্বটি গুরুত্বপূর্ণ। আমি যথারীতি দায়িত্ব পালনের প্রস্তুতি নিয়ে অফিস ত্যাগ করলাম। কক্সবাজার যাত্রার সময় দু'টি হেলিকপ্টার এক সাথে ছেড়ে গেল। একটিতে বঙ্গবন্ধু ও কর্মকর্তাবৃন্দ, অন্যটিতে আমরা সাংবাদিকরা। কক্সবাজার পৌঁছে বঙ্গবন্ধু থাকলেন হিলটপ সার্কিট হাউজে, আমরা উঠলাম পর্যটন মোটেল 'উপল'-এ। যেহেতু নির্দিষ্ট কোনো কর্মসূচি নেই, এজন্য আমরা সমুদ্র সৈকতে কিছুক্ষণ সময় কাটিয়ে ও আড্ডা জমিয়ে সময় কাটাতে লাগলাম। আমাদের সাংবাদিকদের দলে বাংলাদেশ সংবাদ সংস্থার রাশেদা আমার পাশের রুমে ছিল। দ্বিতীয় দিন সকাল ১০টার দিকে সে প্রস্তাব দিল আমাকে নিয়ে হিলটপ সার্কিট হাউজে যাবে। বঙ্গবন্ধুর সাথে নাকি তার ব্যক্তিগত পরিচয় আছে। সে হিসেবে দেখা করতে সমস্যা হবে না। আমি রাজি হয়ে দু'জন মিলে হিলটপ সার্কিট হাউজে গেলাম। পুলিশ আমাদের প্রথমে ঢুকতে না দিলেও পরে রাশেদা পরিচয় দিয়ে সার্কিট হাউজে ঢোকার ব্যবস্থা করলো। বঙ্গবন্ধু তখন গোসলের পূর্বে শরীরে সরিষার তেল মাখছিলেন। রাশেদা আসার খবর শুনে তিনি ঐ অবস্থায় রুমে ঢোকার অনুমতি দিলেন। রাশেদার সঙ্গে আমিও ঢুকলাম। বঙ্গবন্ধু তেলমাখা অবস্থায় খালি গায়ে আমাদের সাথে বসে গল্প করলেন। আমি আমার বড় ভাই প্রফেসর মযহারুল ইসলাম, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর-এর পরিচয় দিলাম। তিনি শুনে ভাইয়ের কুশলাদি জিজ্ঞেস করলেন। তিনি আমাদের সাথে মিষ্টিভাবে কথা বললেন এবং কক্সবাজারের সমুদ্র সৈকতকে কিভাবে দেশী-বিদেশী পর্যটকদের জন্য আকর্ষণীয় করা যায়, এ ব্যাপারে তথ্য সংগ্রহ করে আমাদের পত্রিকায় ফিচার লেখার পরামর্শ দিলেন। প্রায় ১৫/২০ মিনিট একান্তে কথা বলে আমরা বিদায় নিয়ে রুমে ফিরলাম। স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধুকে এত কাছ থেকে এটাই আমার শেষ দেখা। কাছ থেকে বঙ্গবন্ধুর মতো একজন বিশ্বমানের নেতার সান্নিধ্যে আসার স্মৃতি আমি আমার হৃদয়ে লালন করে রেখেছি, যা আমার অবচেতন মনের মণিকোঠায় মাঝে মাঝেই নাড়া দেয়।

লেখক : অবসরপ্রাপ্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, এল. জি. আর. ডি মন্ত্রণালয় ও
সাবেক চেয়ারম্যান, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

’৭১-এর চিঠি ঃ শহীদ খাজা নিজামউদ্দিন ভূঁইয়া বীর উত্তম

- **এ কে এম রফিকুল হক বীর প্রতীক** (সদস্য নং ৫৪৭)



শোণিতের নক্ষত্র জ্বেলে যাঁরা আমাদেরকে পথ দেখিয়েছে অথচ নিজেরা ঘরে ফিরতে পারেনি সেই যোদ্ধাদের মাঝে অন্যতম খাজা নিজামউদ্দিন ভূঁইয়া বীর উত্তম। এপ্রিল-মে ১৯৭১, আসাম রাজ্যের ইন্দ্রনগর নামক দুর্গম পাহাড়ি এলাকায় ভারতীয় সেনাবাহিনীর ক্যাম্পে প্রশিক্ষণ গ্রহণকালে কুমিল্লা শহরের বাগিচাগাঁও-এর খাজা নিজামউদ্দিন ভূঁইয়ার সাথে পরিচয়। মাত্র ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এম.কম পাশ করে তিনি নৈশতে এম.বি.এ ভর্তি হন এবং দিনে শেরাটন হোটেলে খণ্ডকালীন চাকুরি নেন।

প্রশিক্ষণ গ্রহণের সময়েই আমরা সিলেটে কিছু সংখ্যক গেরিলা অপারেশন করি। তখনই তার সাংগঠনিক দক্ষতা, সাহসিকতা ও বীরত্বের প্রতিফলন দেখতে পাই। প্রশিক্ষণ শেষে সিলেট-হবিগঞ্জ রাস্তার উপর অবস্থিত কালিগঞ্জ ব্রীজ বিস্ফোরক দিয়ে উড়িয়ে দেয়া, সিলেটের লাতু রেল স্টেশনের পাশে অবস্থিত রেলওয়ের ব্রীজ ধ্বংস করা, সিলেট-জকিগঞ্জ রাস্তায় সরিফপুর বাজারের পাশের সেতু এবং বরাক নদীর মাটির বাঁধ ধ্বংস, জকিগঞ্জ থানার অন্তর্গত কালিগঞ্জ বাজারে অবস্থিত শত্রুর ক্যাম্পে অতর্কিতে আক্রমণ করে ১৭টি রাইফেল ছিনিয়ে আনার অপারেশনেও অংশ নেই আমরা।

অতঃপর সেক্টর কমান্ডার এর নির্দেশে জুলাই মাসে সিলেটের কানাইঘাট থানার অন্তর্গত মাদারীপুরের সালাম টিলায় ৪২ জন মুক্তিযোদ্ধা নিয়ে আমি অগ্রগামী ক্যাম্প স্থাপন করি। উক্ত ক্যাম্প এর অদূরে মমতাজগঞ্জে ছিল খাজা নিজামউদ্দিন ভূঁইয়ার মুক্তিযোদ্ধা অগ্রগামী ছাউনী। আমি কোনো বিশেষ অপারেশনের সিদ্ধান্ত নেওয়ার পূর্বে তাঁর সাথে পরামর্শ করতাম। প্রয়োজনে তিনি আমাকে তাঁর মুক্তিযোদ্ধাদের নিয়ে সাহায্য করতেন এবং তিনিও আমার কাছ থেকে অস্ত্রসহ যোদ্ধা নিতেন।

তখন উক্ত ক্যাম্পের কমান্ডার থাকাকালীন যুদ্ধের পরিকল্পনা বিষয়ে ৮ই আগস্ট ’৭১ তিনি আমাকে লিখেন

(রফিক,

আজকে এক জরুরী কাজের জন্য আতাউর, সামসুসহ ভাল ৬ জন ছেলে সন্ধ্যার খাওয়ার পর পাঠাইয়া দেবে। তাদের সাথে একটা অটোমেটিক বা বাকি সব রাইফেল থাকবে। কালকে সকালে ইন্‌শাআল্লাহ্‌ সবাইকে ফেরত পাবে। ঐ Password থাকবে।

স্বাক্ষর

খাজা নিজামউদ্দিন ভূঁইয়া

৮-৮-৭১ ইং)



(বিঃদ্রঃ কিছুক্ষণ আগে এক গাড়ী পাকসেনা আটগ্রাম গিয়েছে। ওরা আচমকা আমাদের আক্রমণ করতে পারে। আটগ্রাম খবর পাঠাই Explosive চাই)।

যুদ্ধ বিষয়ে ৯ই আগস্ট '৭১ অন্য একটি চিরকুটে খাজা নিজামউদ্দিন ভূঁইয়া লিখেন:



(রফিক,

এই মাত্র খবর পেলাম রাজপুর স্কুলে ও রামপুরে পাঞ্জাবীরা বাঙ্কার করেছে। আমি আজকে সে দিকে যাবো। তোমার গ্রুপ নদীর পার থেকে রাত্রে আমাদের গ্রুপের পর পরই Fire খুলবে।

কালকে ক্যাম্পে আসবে।

স্বাক্ষর

খাজা নিজামউদ্দিন ভূঁইয়া

৯-৮-৭১ ইং)

(উক্ত চিরকুট দুটি প্রয়াত সাংবাদিক মাহবুবুল আলম রচিত বাঙালির মুক্তিযোদ্ধাদের ইতিবৃত্ত এবং প্রথম আলো ও গ্রামীণ ফোনের উদ্যোগে রচিত একাত্তরের চিঠি গ্রন্থে মুদ্রিত হয়েছে এবং মুক্তিযুদ্ধ জাদুঘরে সংরক্ষিত আছে)।

পরবর্তীতে হাইকমান্ডের নির্দেশে আগস্টের মাঝামাঝি সময়ে উক্ত ক্যাম্পটি বন্ধ করে সিলেটের জকিগঞ্জ থানার অন্তর্গত আমলসিদে মুক্তিযোদ্ধাদের অগ্রগামী ক্যাম্প স্থাপন করি।

এই অকুতোভয় দলপতি খাজা নিজামউদ্দিন ভূঁইয়া ৪ সেপ্টেম্বর '৭১ তার মুক্তিযোদ্ধা বাহিনী নিয়ে কানাইঘাট থানার সড়কের বাজারের নিকটে অবস্থিত ব্রীজটি বিস্ফোরক দিয়ে ধ্বংস করেন। তখন একদল পাক সেনা সেতুর কাছাকাছি থাকায় তাদের মুখোমুখি হয়ে পড়েন তিনি ও তার দল। শুরু হয় তুমুল যুদ্ধ। এক পর্যায়ে অধীনস্থ যোদ্ধাদের নিরাপদে চলে যাওয়ার জন্য নিজের জীবন বাজি রেখে অসীম সাহসে এল এম জি দিয়ে কাভারিং ফায়ার দিতে থাকেন শত্রুর উপর। যার ফলে অন্যান্য যোদ্ধারা নিরাপদে সরে যায়। শত্রু সেনাদের মোকাবিলায় সম্মুখ যুদ্ধে শহিদ হন নিজে।

নিশ্চিত সংগ্রামের শপথ নিয়ে দেশ মাতৃকার স্বাধীনতার জন্য অকাতরে আত্মদান করেন খাজা নিজামউদ্দিন ভূঁইয়া। এই বীরের আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তাকে মরণোত্তর "বীর উত্তম" উপাধিতে ভূষিত করেন।

লেখক : অবসরপ্রাপ্ত ডিজিএম, সোনালী ব্যাংক পিএলসি

একজন গেরিলা যোদ্ধা

- বীর মুক্তিযোদ্ধা লায়ন আকরাম হোসাইন

(সদস্য নং ৬৯৬)

তখন ১৯৬৫ সাল। আমি নকলার নারায়ণখোলা জুনিয়র হাই স্কুলে ৬ষ্ঠ শ্রেণিতে পড়ি। সেই সময় পাক-ভারত যুদ্ধ বেধে যায়। বিদ্যালয়ে গিয়ে প্রতিদিন আমরা মিছিল করে বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করতাম। আর মিছিল শেষে তৎকালীন ভারতীয় প্রধানমন্ত্রী শ্রী লাল বাহাদুর শাস্ত্রীর কুশ পুত্তলিকা দাহ করে খুব আনন্দ পেতাম। বিমান হামলা থেকে রক্ষার জন্য জিকজাক অথবা ইংরেজি w আকারের ন্যায় খন্দক নির্মাণ করতাম। তখন থেকেই দেশপ্রেমের প্রদীপ হৃদয়ের গহীনে জ্বলে ওঠে।

নকলা উপজেলার রাজলক্ষ্মী উচ্চ বিদ্যালয়, চন্দ্রকোণা হতে ১৯৭০ সালে এস.এস.সি. পাশ করে ময়মনসিংহ শহরে অবস্থিত নাসিরাবাদ কলেজে একাদশ শ্রেণিতে বিজ্ঞান বিভাগে ভর্তি হই। পরবর্তীতে ময়মনসিংহ শহরে সানকিপাড়া একটি মেসে থেকে অধ্যয়ন শুরু করলাম। মেসের পাশেই বৃহৎ বিহারী কলোনী অর্থাৎ অবাঙালিদের বসবাস। বর্তমানে এই বিহারী কলোনী ময়মনসিংহ সেনানিবাস। মার্চ '৭১ শুরু হতেই দেশ জুড়ে অসহযোগ আন্দোলন তীব্র মাত্রা পায়। কলেজে উপস্থিত হয়েই ক্লাসের পরিবর্তে রাস্তায় শুধু মিছিল আর মিছিলে যোগ দেওয়াই প্রধান কাজ হয়ে দাঁড়ায়। শ্লোগানে মুখরিত হতো "জয় বাংলা! জয় বাংলা!" "পিন্ডি না ঢাকা, ঢাকা-ঢাকা," "ভূট্টোর মুখে জুতা মার, বাংলাদেশ স্বাধীন কর, বীর বাঙালি অস্ত্র ধর, বাংলাদেশ স্বাধীন কর, তোমার আমার ঠিকানা! পদ্মা, মেঘনা, যমুনা", "আমার নেতা! তোমার নেতা! শেখ মুজিব! শেখ মুজিব!" ইত্যাদি। অসহযোগ আন্দোলনের এক পর্যায়ে ট্রেন যোগাযোগ বন্ধ হয়ে গেলে আমার বাবা ৩০ কি.মি. পথ পায়ে হেঁটে আমার মেসে চলে আসেন আমাকে গ্রামের বাড়ি নেওয়ার জন্য। অবশেষে বাবার আদেশে তাঁর সাথে আবার ৩০ কি.মি. পথ পায়ে হেঁটে গ্রামের বাড়ি ফিরে যেতে বাধ্য হই। গ্রামের বাড়িতে গিয়ে দেখি বিদ্যালয় মাঠে প্রতিদিন দুইজন আনসার কমান্ডার আব্দুল লতিফ ও আলাউদ্দিন যুদ্ধবিদ্যা প্রশিক্ষণ দিচ্ছিলেন। আমিও সেখানে যোগ দিলাম।

মে ১৯৭১ সালের প্রথম সপ্তাহে আমরা কতিপয় লোক একত্রিত হয়ে মুক্তিযুদ্ধে যাওয়ার জন্য হালুয়াঘাট সীমান্ত অতিক্রম করে ভারতে যাওয়ার চেষ্টা করে ব্যর্থ হই। অবশেষে ১৯৭১ সালে ১৩ মে বৃহস্পতিবার নকলা থানার ১২টি গ্রামের (কাজাইকাটা/নারায়ণখোলা/দুধের চর/কৈয়াকুরি/জাঙ্গীরারপার/চরমধুয়া/পলাশকান্দি/সিংগীমারী/বালিগঞ্জ/পোলাদেশী/বোরারচর/কাজিয়ারচর) ২৭ জন যুবক (৪ জন ইপিআরসহ) সংগঠিত হয়ে মুক্তিযুদ্ধে যোগদানের জন্য সকাল ১০টায় নিজ গ্রাম কাজাইকাটা প্রাইমারী স্কুলে একত্রিত হই। তৎপর দুধের চর গ্রামে গিয়ে সংগঠিত হয়ে সেখান থেকে বিকাল ৫টায় রওনা হয়ে একটানা ১৫ ঘন্টা অবিরাম পায়ে হেঁটে নানা বিপদ সংকুল পথ অতিক্রম করে পরেরদিন সকাল ৮টায় মেঘালয় প্রদেশের তুরা জেলাধীন ঢালু নামক সীমান্ত স্থানে পৌঁছি। একই দিনে ভারতের সেনাবাহিনী তাদের গাড়িতে করে বনের ভিতরে অজানা এক ক্যাম্পে নিয়ে যায়। সেখানে আমাদেরকে ভারতীয় সেনাবাহিনী একটি ইংরেজিতে ফরম পূরণের জন্য নির্দেশ দেন। বর্তমানে সেই পূরণকৃত ফরমটি মুক্তিযুদ্ধ জাদুঘর এ সংরক্ষিত আছে। তৎপর আমাদেরকে একটি বিশেষ বাসে করে তুরা প্রশিক্ষণ কেন্দ্রে নিয়ে যাওয়া হয়। ভারতের মেঘালয় প্রদেশের তুরা প্রশিক্ষণ কেন্দ্রে ৪ সপ্তাহ গেরিলা প্রশিক্ষণ সমাপ্ত করে ১১নং সেক্টরের পুরা খাশিয়া সাব সেক্টরে পৌঁছে দেওয়া হয়।

সাব সেক্টর কমান্ডার ছিলেন সামসুল আলম। বাড়ির সম্মুখ দিয়ে প্রবেশ করে উঠান পার হচ্ছি আর মাকে বলছি আমি ইন্ডিয়া চলে যাচ্ছি। মা বললেন, না তুই যেতে পারবি না; কারণ তুই অনেক ছোটো। আমি সম্মুখ দিকে অগ্রসর হতে থাকলাম, মা দৌড়ে এসে আমার জামা পিছন দিকে ধরে ফেললেন। কিন্তু আমি পিছনে না তাকিয়ে সম্মুখে অগ্রসর হতে থাকলাম। ফলে, জামার কয়েকটি বোতাম ছিঁড়ে গেল এবং মা মাটিতে লুটিয়ে পড়ে চিৎকার শুরু করলেন। কিন্তু আমি পিছনে ফিরে তাকালাম না। এভাবে বাড়ি থেকে বেরিয়ে গেলাম কিন্তু কয়েকশত গজ দূরে অগ্রসর হওয়া মাত্র বাবার সাথে মুখোমুখি সাক্ষাৎ। একই কথা বললাম আমার বাবাকে। আমি ইন্ডিয়া চলে যাচ্ছি। একই উত্তর দিলেন, "তুই ছোটো, যেতে পারবি না।" বাবা আমাকে ধরার চেষ্টা করলে আমি দৌড়ে পালিয়ে গেলাম। বাবাও কাঁদতে থাকলেন কিন্তু আমি পিছনে ফিরে তাকালাম না। এ যেন পিতার স্নেহ বনাম পুত্রের দেশপ্রেমের লড়াই। যে লড়াইয়ে পিতা হেরে গিয়েছিলেন পুত্রের কাছে।

প্রশিক্ষণকালীন কিছু কথা:

সকাল ৭টায় একটা পুরি ও এক মগ চা খেয়ে প্রথমে পাহাড়ের উঁচু নিচু পাকা রাস্তায় ৭/৮ কিলোমিটার দৌড়ানো হত, তারপর জঙ্গলের ভিতরে তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশ হত। বিভিন্ন ধরনের অস্ত্র রাইফেল, এস.এম.জি, এস.এল.আর, এল.এম.জি. টুইনস মর্টার ও গ্রেনেড নিক্ষেপের প্রশিক্ষণ হত। বিকেলে সকলেই দাঁড়িয়ে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের "আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি....." গানটি হৃদয়ের সবটুকু দরদ দিয়ে গাইতাম। গান শেষে সকলের চোখ অশ্রুসিক্ত হয়ে যেত। প্রশিক্ষণ শেষে আমাদের নিজ নিজ ধর্মগ্রন্থ স্পর্শ করে শপথ বাক্য পাঠ করাতেন বিএসএফ-এর কমান্ডিং অফিসার ব্রিগেডিয়ার জেনারেল সামসিং বাবাজি।

মুক্তিবাহিনী সম্পর্কে সাধারণ জ্ঞাতব্য:

বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণকে বুকে ধারণ করেই মুক্তিযোদ্ধারা এত অসীম সাহসিকতার সাথে জীবনকে বাজি রেখে ঝাঁপিয়ে পড়েছিলাম। তাছাড়াও, আকাশ বাণী থেকে প্রচারিত দেবদুলাল বন্দ্যোপাধ্যায় কর্তৃক পঠিত মনকাড়া সংবাদ, বিবিসির বাংলা খবর, স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত কালজয়ী দেশাত্মবোধক গান ও গণসংগীত এবং শ্রদ্ধেয় এম আর আক্তার মুকুল এর চরমপত্র শুনে স্বাধীনতাকামী মানুষ ও মুক্তিযোদ্ধারা হারিয়ে যাওয়া মনোবল ফিরে পেত। মুক্তিযুদ্ধের শুরুতে মুক্তিফৌজ শব্দটি অল্প কিছুদিন প্রচলিত থাকলেও স্বাধীন বাংলা সরকার এটাকে মুক্তিবাহিনী বলে অভিহিত করেন। উল্লেখ্য, মুক্তিযুদ্ধের প্রথমদিকে প্রশিক্ষণ প্রাপ্ত মুক্তিবাহিনী ভারতের সীমান্ত অতিক্রম করে বাংলাদেশের সীমান্ত এলাকার কাছাকাছি বিভিন্ন যুদ্ধে অংশগ্রহণ করেন। পরবর্তী পর্যায়ে প্রশিক্ষণপ্রাপ্ত মুক্তিযোদ্ধারা সুনির্দিষ্ট টার্গেট নিয়ে বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করা শুরু করে ও গেরিলা যুদ্ধ শুরু হয়ে যায়। মুক্তিযুদ্ধকালীন "জয় বাংলা" ধ্বনিটি ছিল মুক্তিযোদ্ধাদের কাছে খুবই প্রিয় এবং প্রেরণামূলক শ্লোগান।

আমার অংশগ্রহণ করা সাতটি সম্মুখ যুদ্ধের মধ্যে সর্বশেষ যুদ্ধের বর্ণনা:

ডিসেম্বর মাসের ৬ তারিখ। ১৯৭১ সাল। চন্দ্রকোনা-নকলা রাস্তা বরাবর অগ্রসর হতে থাকলে নকলা অদূরে কায়দা গ্রামে পৌঁছা মাত্র অতর্কিত আমাদের উপর গুলি বর্ষণ করতে থাকে। সাথে সাথেই রাস্তার অপর পাশে অবস্থান নিয়ে তাদের উপর গুলি ছুড়তে থাকি। হঠাৎ আক্রমণের শিকার হওয়ায় আমাদের পক্ষে নকলার দিকে অগ্রসর হওয়া সম্ভব হয়নি, বরং গুলি ছুড়তে ছুড়তে পিছু হটতে থাকি। এমন সময় সহযোদ্ধা ও সহপাঠী নজরুল কপালে গুলিবদ্ধ হয়ে মাটিতে লুটিয়ে পড়ে। তার মাথা থেকে ফিন্‌কি দিয়ে রক্ত বের হওয়ার করুণ দৃশ্য অপলক দৃষ্টিতে তাকিয়ে দেখলাম। কিন্তু পরিস্থিতি প্রতিকূল হওয়ায় তাকে উদ্ধার না করে ক্রলিং করে পিছু হটে গেলাম। সেই যুদ্ধে সহযোদ্ধা

নজরুল শহিদ হয়। সিংগীমারী গ্রামের অপর মুক্তিসেনা দুলু মাথায় গুলিবিদ্ধ হয়ে স্বাধীনতার ৫ মাস পর মস্তিষ্ক বিকৃত হয়ে পাবনা মানসিক হাসপাতালে মৃত্যু বরণ করেন। ৯ ডিসেম্বর নকলা মুক্ত হওয়ার দিনে পাকবাহিনী কর্তৃক নকলা হাইস্কুলের

পাশে মাটি চাপা দেওয়া আমার সহপাঠী বন্ধু পিতা-মাতার একমাত্র সন্তান নজরুল ইসলামের লাশ কবর খুঁড়ে বের করে পুনরায় নকলা কায়দা কবরস্থানে সমাহিত করা হয়।

বর্তমান সরকার মুক্তিযোদ্ধাদের কল্যাণের জন্য যতটুকু পদক্ষেপ নিয়েছেন সে জন্য আমি সরকারের প্রতি অসীম কৃতজ্ঞতা প্রকাশ করছি। সরকার ইতিমধ্যে প্রত্যেক মুক্তিযোদ্ধার কবর জাতীয় পর্যায়ে একই নমুনায় স্মৃতিস্তম্ভ দিয়ে আচ্ছাদিত করার একটি প্রকল্প হাতে নিয়েছে। বর্তমানে সবচেয়ে প্রয়োজন বীর মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে উন্নত মানের চিকিৎসা সেবা প্রদান করা। এমন সময় আসবে যখন একজন বীর মুক্তিযোদ্ধাও জীবিত থাকবেন না, তখন মুক্তিযুদ্ধ বিষয়ক বই-পত্র, ভাস্কর্য, বীর মুক্তিযোদ্ধাদের কবর দেখে ভবিষ্যৎ প্রজন্ম বুঝতে পারবে এখানে একজন বীর মুক্তিযোদ্ধা শায়িত আছেন, যাঁর অবদানে আজকের মাথা উঁচু করা গর্বিত বাংলাদেশ।

এভাবেই মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে পড়বে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে।

উল্লেখ্য, মহান মুক্তিযুদ্ধে সক্রিয় অংশগ্রহণ আমার জীবনে সর্বশ্রেষ্ঠ অর্জন।

জয় বাংলা।
জয় বঙ্গবন্ধু।

লেখক : অবসরপ্রাপ্ত জেনারেল ম্যানেজার, জনতা ব্যাংক পিএলসি

টরন্টোতে শহীদ মিনার

- সায়েস্তা খানম ঝুমা

কানাডা ঋতু বৈচিত্র্যে অপার সৌন্দর্যের এক দেশ। প্রথমে আমি ভেবেছিলাম কানাডা যেহেতু শীতপ্রধান দেশগুলোর মধ্যে একটি এবং প্রচুর তুষারপাত হয়, শীতে আবহাওয়ার তাপমাত্রা নেমে যায়, মাইনাস বিশ ডিগ্রী থেকে প্রায় মাইনাস ত্রিশ ডিগ্রী সেলসিয়াসে, তাই এ দেশে অন্য কোনো ঋতুর আনাগোনা নেই। প্রচণ্ড শীতে আবার বৃষ্টিপাতও হয়। কানাডায় চার ঋতু। এবার গ্রীষ্ম ঋতুতে যেয়ে, শীতে কানাডার যে রূপ দেখেছিলাম তার বিপরীত রূপ দেখে অবাক হলাম। বাঁধন বলল, "বসন্ত আর শরতের রূপ তো দেখো নাই। দেখলে চোখ তোমার কপালে উঠবে।" আমি হাসলাম। গ্রীষ্মের এই রূপ না দেখলে তর্ক করতাম। একটা শীতপ্রধান দেশ যে কত সবুজ হতে পারে, যতটুকু কল্পনা করা যেতে পারে সেটুকু কল্পনাকেও হার মানিয়েছে। পথের দুই পাশ সবুজ চাদরে ঢাকা ম্যাপেল গাছ, খ্রীস্টমাস ট্রি আর উইপিং উইলো গাছের সারিবদ্ধ দৃশ্য মাইলের পর মাইল জুড়ে। শুধু তাই নয়, মাটি ও সবুজ ঘাসে আচ্ছাদিত, ঘাসে গজানো বুনো ফুল গাছগুলিও সযত্নে লালিত। সাদা, হলুদ, বেগুনি রঙের ফুলের বাহারি সমাবেশ। যেগুলি আমাদের দেশে পদদলিত হয়, আমরা এগুলির দিকে কোনদিনও নজর দেই না, সেগুলিও সদর্পে বাতাসে দোল খাচ্ছে। গ্রীষ্মের আবহাওয়া চমৎকার। গ্রীষ্ম ঋতু জুন মাস থেকে সেপ্টেম্বর পর্যন্ত। এই সময় শীতের কোনো আমেজ নেই, এমন কি বাতাসেও হাড় কাঁপানোর কোনো রেশ নেই। খুব একটা গরম পড়ে না। দিন অনেক বড় হয়, কেন না সূর্য অস্ত যায় রাত নয়টায়; হাতে প্রচুর সময় পাওয়া যায়। বাড়িগুলির সামনের চত্বরে বা আঙ্গিনায় প্রচুর ফুলের সমারোহে বাড়িগুলি অতুলনীয় হয়ে উঠেছে। বেশ কিছুদিন যাবত টরন্টোতে আছি। আত্মীয়-স্বজন পরিচিতরা দাওয়াত করে খাওয়াতে চায়; বাঁধন রাজি হয় না, বলে, সময় নষ্ট। আমিও একমত। তাই ঠিক করলাম বাঙালি পাড়ায় গিয়ে বাঙালি রেস্টুরেন্টে খেলে দেখাও হবে, খাওয়াও হবে। আমরা আড্ডা নামে বাঙালি রেস্টুরেন্টে গেলাম। ভাজি, ভর্তা, মাছের ঝোল দিয়ে, বাড়ির মুরগীর রোস্ট খেলাম। মন প্রাণ জুড়ালো। এরপর যখন ড্যানফোর্থ এভিনিউতে হাঁটা শুরু করলাম তখন যেনো এক স্বর্গীয় অনুভূতি পেলাম। নিজেদের একটি পরিচয়ে আমরা পরিচিত। গর্ব করে বলতে পারি, আমরা বাংলাদেশের মানুষ, আমরা বাঙালি। ড্যানফোর্থ এভিনিউর এক লম্বা রাস্তা যার এক পাশে সব বাংলাদেশের বাংলাভাষীর দোকান। এসব দোকানের নাম বাংলা অক্ষরে বড় বড় করে লেখা ভিতরে সবাই বাংলাভাষী। যারা কেনাকাটা করতে আসছে তারাও বাঙ্গালি। শাড়ি, ম্যাক্সি, লুঙ্গি, পাজামা, পাঞ্জাবি, বিয়ের শাড়ি ও সরঞ্জাম পর্যন্ত পাওয়া যায়। এক শাড়ির দোকানে ঢুকলাম। অত্যন্ত রুচিশীল পছন্দনীয় অনেক শাড়ি দেখলাম। অবাক হলাম, এত সুন্দর শাড়ি কোথা থেকে এলো! বিক্রেতার কথায় বোঝা গেল এটা ভারতীয় দোকান। তাদের বেচাকেনা বাংলাদেশীদের সাথে। অনেক ভারতীয় দোকান আছে, যেখানে ভারতের বাংলাভাষীরা কাজ করছে। দোকানের সাইনবোর্ডে বড় বড় করে বাংলা অক্ষরে লেখা মিষ্টির দোকান, পিজা, তন্দুরী, ফুচকা, চট্‌পটি, সিঙ্গাড়া, বিরিয়ানী, তেহারী, মোরগ-পোলাও, কিছু বাদ নেই। দেশে যা পাওয়া যায়, সব এখানেও পাওয়া যায়। গ্রোসারি দোকানে দা, বটি, বদনা, ফুলের ঝাড়ু থেকে শুরু করে নোনা ইলিশ, লইট্যা শুঁটকি সবই আছে। সবজিতে কলার মোচা, কচুলতি, কচুমুখি, ডালের বড়ি, যে সব সাহেবদের দেশে প্রচলন নেই সেই সবই এখানে আছে। দোকানের মালিকেরা ক্রেতার চাহিদা অপূর্ণ রাখে না। তাদের কাঙ্ক্ষিত জিনিস না থাকলে দেশ থেকে আনিয়ে দেয়; বলে, "কিছুদিন অপেক্ষা করেন; পেয়ে যাবেন"। লাইন করে দোকানের বাইরেও পসরা সাজিয়ে বসে আছে। অনেক ফল, সবজি, কাপড় আছে এসব দোকানে; কয়েকটি নাম যেমন- সরকার ফুড, মারহাবা সুপার স্টোর, মক্কা রেস্টুরেন্ট, নিশিতা শাড়ি হাউজ। বাংলা বইয়ের দোকান এবং

পত্রিকা আছে, আসবাবপত্রের দোকানও আছে।

আমার মতো দেশ থেকে আসা অনেক দর্শনার্থীকে দোকানের ভিতর ও লম্বা একটানা রাস্তায় দেখলাম। তারাও আমারই মতো যা দেখে তাতেই উচ্ছ্বসিত। এদের অনেকেই দোকানের সামনে বাংলা লেখা সাইনবোর্ডের নিচে দাঁড়িয়ে ছবি তুলছে, অনেকে ভিডিও করছে, অনেকে দোকানীর ইন্টারভিউ নিচ্ছে। হৈ চৈ করছিল একটা গ্রুপ, তাঁরা দলে বেশ কয়েকজন। আমার তখন খুব রাগ হচ্ছিল। গলার স্বর বেশ চড়া, সাধারণ কথাবার্তা অথচ খুব অশালীন ঠেকছিল। পরিবেশের সাথে খাপ খাচ্ছিল না। এক সময় আমার সামনে এসে আমাকে একটু ধাক্কা দিল, যেনো তারা আমাকে খেয়ালই করে নাই। বললো, "একটু সরবেন"। আমি তাদের দিকে তাকাতেই বলল, "আপনি দোকানের কেউ?" বলতে চেয়েছিলাম, আমাকে কি তাই মনে হচ্ছে? হুট করে বাঁধন আমার সামনে এসে দাঁড়িয়ে বলল, "কিছু বলছেন? উনার কথা বলতে একটু সমস্যা আছে। আমাকে বলুন।" তারা বলল, "না না ওকে ঠিক আছে।" আমাদের পাশ কাটিয়ে সামনে চলে গেল।

দোকান থেকে বের হয়ে বাঁধনকে বললাম জলজ্যান্ত মিথ্যা বললে কেন? আমার খুব রাগ হলো বাঁধনের উপর। বাঁধন বলল, তুমি বড় ঝামেলা করে ফেল। মনে আছে নিউইয়র্কের জ্যাকসন হাইটে কি করেছিলে ? আর একটু হলে তো পুলিশ এসে পড়তো। বললাম সেটা তো অন্য ব্যাপারে, রাজনীতি নিয়ে বেসুর ছিল। বাঁধন হেসে ফেলল, বলল "তুমি আমার কাছে নিজেকে সেফ সাইডে রেখে কথা বলতে পারো"। তোমার কাছে যেটা বেসুর অন্যের কাছে সেটাই সুর। হাসতে হাসতে রাস্তা পারাপারের জন্য থামলাম। সবুজ হাত পাঞ্জার ছবি উঠলে রাস্তা পার হওয়া যাবে। পাশে দেখলাম, দোকানের সেই গ্রুপটা এসে দাঁড়িয়েছে। তাদের খুব চুপচাপ দেখে বাঁধন বলল, "সরি, তিনি বেশি হৈ চৈ পছন্দ করেন না।" তারা বলল "আপনি কেন সরি বলছেন?" আমাদের বলা দরকার আন্টি আমরা বুঝতে পারি নাই। সরি আন্টি, দেশীয় জিনিস দেখে এত বেশি খুশি ছিলাম যে বাড়াবাড়ি হয়ে গেছিল। তারা কি অকপটে তাদের ভুলটা স্বীকার করে নিল। বললাম, অন্যরাও যদি এরকম হতো! আমরা তো অতি সাধারণ মানুষ। নিজেদের সাধারণ ভুলত্রুটি মেনে নেওয়াতে সম্মান বাড়ে বৈ কমে না। অনেকক্ষণ ড্যানফোর্থে হাঁটাহাঁটির পর চা খাওয়ার জন্য কর্ণার প্লটে এক রেস্টুরেন্টে ঢুকলাম। নাম ঘরোয়া। এখানে ভাত, মাছ থেকে শুরু করে ভাজাভুজি সবরকম আইটেম আছে। ছোটো দোকান কিন্তু প্রচুর মানুষের ভিড়। বেশির ভাগ মানুষই পার্সেল নিয়ে যাচ্ছে, দুইজন মহিলা খুবই ব্যস্ত। আমরা বসে চা খেলাম। এখনো সূর্য অস্ত যায়নি; ৮টা বাজে। রাত আটটা না বলে বিকাল ৮টা, আমাদের হোটেলে রওয়ানা হতে হবে। এরপর এক বিস্ময় ছিল যা দেখে আমি স্তম্ভিত হয়ে যাই। কিছু দূর যেতে না যেতেই চোখে পড়লো বিরাট সবুজ এক মাঠের ভিতর বাংলাদেশের শহীদ মিনার দাঁড়িয়ে আছে। এখানে শহীদ মিনার ! গর্বে আমার দু'চোখ দিয়ে পানি পড়তে লাগলো। বাঁধন খেয়াল করেছে, তার চোখ ফাঁকি দেওয়া যায় না। গাড়ি চালাতে চালাতে বলল "কান্নার কি আছে? এতো আমাদের শক্তি।" চোখের পানি মুছে বললাম, ঠিক বলেছ। তার পিঠ চাপড়িয়ে বললাম, সাবাস বাংলাদেশের প্রজন্ম। শহীদ মিনার অক্ষয় হোক। স্বাধীনতা এক অমূল্য সম্পদ। তোমরা তো স্বাধীনতা সংগ্রাম দেখো নাই। আমরা তো নিজ চোখে দেখেছি। তাই বিদেশে বেশি দিন থাকতে পারি না, দেশে ছুটে যাই। দেশের জন্য মন অস্থির হয়ে উঠে। বাঁধন বলল, দেশে তোমাকে যেমন শহিদদের স্মরণ করতে দেখি। এখানেও তাই করলে। বাঁধনকে বললাম, দেশ স্বাধীন হওয়াতে কত হাজার লক্ষ বাঙালি বিদেশের মাটিতে ছড়িয়ে পড়েছে, কেউ কর্মী, কেউ শিক্ষার্থী, কেউ চিকিৎসক, কেউ ব্যবসায়ী, কেউ আমার মতো দর্শক বা পরিব্রাজক। দেশ স্বাধীন না হলে এই সুযোগ কেউ পেত না। আমিও কোনো দিন আসতে পারতাম না। এমন সুন্দর একটা দেশ দেখার সৌভাগ্য হতো না। বাঙালি জাতিকে বিশ্বের মাঝে তুলে ধরার মহান নায়ক জাতির জনক বঙ্গবন্ধুকে জানাই হাজার সালাম।

লেখিকা : মোহাম্মদ লুৎফুর রহমান (সদস্য নং- ৫০০)-এর সহধর্মিণী

ইতিহাসের পালাবদল : আমঝুপি নীলকুঠি, মেহেরপুর

- **বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী জে. বি. বড়ুয়া** (সদস্য নং ৪৭০)

আমঝুপি নীলিকুঠি একটি রহস্যময় রোমান্টিক স্থান। যার সাথে জড়িত ঐতিহাসিক যন্ত্রণা-গ্লানির স্মৃতির আবহ। অষ্টাদশ শতকের শুরুতে 'বৃটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি' এদেশে এসে এখান থেকে মসলিন ও অন্যান্য সামগ্রী ইংল্যান্ডসহ ইউরোপের বিভিন্ন দেশে রপ্তানি করতে থাকে। ১৬ শতকে ইউরোপে নীল (Indigo) এর প্রবর্তন হয়। পাটের মতো এই গাছ হতে নীল রং প্রস্তুত করা হতো। ইস্ট ইন্ডিয়া কোম্পানির ইংরেজ বণিকেরা এই বঙ্গদেশে 'নীল চাষ' (Indigo Plantation)-এর প্রচলন করেন। তৎকালীন বঙ্গদেশের নদীয়া, ফরিদপুর ও ঢাকা অঞ্চলে নীল চাষ করা হতো। তখন নীল চাষ তদারকির জন্য সাহেবেরা কুষ্টিয়া, ঢাকা ও ফরিদপুরের বিভিন্ন স্থানে অনেক কুঠি স্থাপন করে। এগুলি 'নীলকুঠি' নামে এবং নীল চাষে জড়িত সাহেবরা 'নীলকর সাহেব' নামে পরিচিত হন। নামমাত্র মূল্য দিত বলে কৃষকেরা নীল চাষ করতে চাইত না। ইংরেজরা বলপূর্বক কৃষকদের দ্বারা নীল গাছের চাষ করাতো। অনিচ্ছুক কৃষকদের উপর চলতো অমানুষিক অত্যাচার। পরে ১৮৫৯-৬০ সালে অত্যাচারী নীলকর সাহেবদের সাথে চাষীদের দাঙ্গা-হাঙ্গামা বাধে। সমগ্র নদীয়া জেলায় এ দাঙ্গা ব্যাপক আকার ধারণ করে। অবশেষে লর্ড ক্যানিং বাধ্যতামূলক নীল চাষ রহিত করেন।

নীলকর সাহেবদের অত্যাচারের কাহিনী অবলম্বনে দীনবন্ধু মিত্র তাঁর বিখ্যাত 'নীলদর্পণ' নাটক রচনা করেন। নীলকরের অত্যাচারে স্বরপুর গ্রামের একটি নির্বিবাদী জমিদার পরিবার ও প্রতিবেশী এক দরিদ্র চাষী পরিবার কিভাবে ধ্বংস হয়ে গেল তারই মর্মান্তিক কাহিনী এই নাটকে ফুটিয়ে তোলা হয়েছে। এই নাটক প্রকাশিত হবার পর রেভারেন্ড লঙ নামে জনৈক পাদ্রী সাহেব মাইকেল মধুসূদনকে দিয়ে এটির ইংরেজি অনুবাদ করান। এর জন্য পাদ্রী সাহেবকেও অনেক দুর্ভোগ সইতে হয়।

মেহেরপুর মহকুমার শ্যামপুরের আমঝুপি নীলকুঠি কবে প্রতিষ্ঠিত হয়েছিল তার কোনো হদিস নেই। তবে ঘটনাদৃষ্টে ও নির্মাণ শৈলী দেখে মনে হয় এটি এই অঞ্চলে একেবারে প্রথমদিকে স্থাপিত নীলকুঠিগুলির অন্যতম। তবে বিশেষ একটি কারণে এই নীলকুঠি বাংলার ইতিহাসে একটি বিশিষ্ট স্থান পাবার দাবী রাখে। কারণ, এই কুঠিতে রচিত হয়েছিল বাংলা তথা ভারত ইতিহাসের এক নতুন অধ্যায়।

ইতিহাসের ছাত্র মাত্রই জানেন, ১৭৫৭ সালে পলাশীর যুদ্ধে খোন্দকার মোস্তাক থোড় মীরজাফরের ষড়যন্ত্রের ফলে নবাব সিরাজউদ্দৌলার সেনাবাহিনী লর্ড ক্লাইভের ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাছে পরাজয় বরণ করে এবং ভারতে বৃটিশ সাম্রাজ্যের ভিত রচিত হয়। মীরজাফরের সাথে লর্ড ক্লাইভের সেই ঘৃণ্য ষড়যন্ত্রটি কোথায় সংঘটিত হয়েছিল? এই প্রশ্নের উত্তর - সেই ষড়যন্ত্রটি রচিত হয়েছিল এই 'আমঝুপি নীলকুঠি'তে।

চারদিকে বড় বড় ঘন গাছপালা বেষ্টিত প্রায় অরণ্য সদৃশ এলাকায় কাজলা নদীর ধারে এই নির্জন কুঠি। মাত্র কয়েকজন দেশী খানসামা ও আর্দালি নিয়ে একাকি বাস করতেন পঞ্চাশোর্ধ্ব এক ইংরেজ নীলকর সাহেব। কুঠির সামনে পিছনে বিস্তৃত বারান্দা। পিছনের বারান্দা ঘেঁষেই নদীর খাড়া পাড় শুরু। বারান্দা থেকেই পাকা সিঁড়ি অনেক দূর

নেমে নদীর জলে গিয়ে মিশেছে। অন্যদিনের মতো সাহেব যথাসময়ে রাতের খাবার খেতে বসেছেন। খাবার পরিবেশনকারী খানসামা দেখলো, অন্যদিনের মতো খেতে বসে সাহেব হাঁকডাক বা খাবার নিয়ে কোনো মন্তব্য করছিলেন না। সাহেবকে অন্যমনস্ক দেখাচ্ছিল, খাওয়াতে যেন তেমন মনোযোগ নেই। যাহোক, খাওয়ার পর সাহেব পিছনের বারান্দায় এসে ইজি চেয়ারে এসে বসলেন। খানসামা পাইপে আগুন লাগিয়ে সাহেবের হাতে তুলে দেয়। নিয়ম অনুযায়ী সাহেব শুতে না যাওয়া পর্যন্ত খানসামাকে দূরে দাঁড়িয়ে অপেক্ষা করতে হতো। আজকে সাহেব তাকে নির্দেশ দিলেন চলে যেতে। সে একটু অবাক হয়ে নিঃশব্দে চলে যায়। সাহেব দীর্ঘক্ষণ ধরে পাইপ টানতে থাকেন আর মাঝে মাঝে নদীর ঘাটের দিকে তাকান। তারপর একসময় উঠে বারান্দায় পায়চারী করতে থাকেন, মাঝে মাঝে কিছুক্ষণ ইজি চেয়ারে গিয়ে বসে থাকেন। রাত ক্রমশঃ গভীর হচ্ছে। শুধু ঝিঁঝিঁ ও কিছু পোকামাকড়ের শব্দ ছাড়া চারিদিক নিঝুম-নিস্তব্ধ। কৃষ্ণপক্ষের ঘোর অন্ধকারের মধ্যে নদীর পাড়ে ঝোপঝাড়ে জোনাকির আলো ছাড়া আর কিছু দেখা যাচ্ছে না। সব মিলিয়ে যেন এক রহস্যময় পরিবেশ। ইজি চেয়ারে বসে থাকতে থাকতে একসময় সাহেবের তন্দ্রা এসে যায়। রাত তখন দ্বিপ্রহর অতিক্রান্ত। নদীর জলে মৃদু ঢেউ তুলে ঘাটে এসে লাগে একটি বজরা। অল্পক্ষণের মধ্যে আরো একটি বজরা এসে হাজির হয়। দু'টি বজরা থেকে একে একে নেমে আসেন জনা দশেক লোক, তার মধ্যে দু'জন মহিলা।

তাঁরা প্রায় নিঃশব্দে সিঁড়ি বেয়ে উপরে উঠে আসেন। তন্দ্রা ভঙ্গে নীলকর সাহেব শশব্যস্ত হয়ে ফিস্ ফিস্ করে তাঁদের স্বাগত জানায়। দ্রুত আগন্তুকদের কুঠিবাড়ির খাস কামরায় নিয়ে আসেন। তারপর তিনি দরজা-জানালা সব বন্ধ করে দেন। আগন্তুক আটজন পুরুষ সদস্যের মধ্যে চারজন শ্বেতাঙ্গ, বাকি ছয়জন এদেশীয়। একটি আয়তাকার টেবিলের চারদিকে হাতলছাড়া কাঠের চেয়ারে সবাই বসলেন। ঘরের কোণে একটি টিপয়ের উপর একটি হারিকেন জ্বালানো, তার অপর্যাপ্ত আলোয় কারো মুখ ভালো করে দেখা যাচ্ছে না। উপস্থিত মহিলাদের মধ্যে একজন নবাব সিরাজউদ্দৌলার ঘনিষ্ঠ ঘসেটি বেগম, অন্যজন তাঁর কোনো এক আপনজন। শ্বেতাঙ্গ পুরুষদের মধ্যে আছেন লর্ড ক্লাইভ (তখনো অবশ্য লর্ড হননি), তাঁর সেনাধ্যক্ষ ক্যানিং এবং অপর দু'জন। আর এদেশীয়দের মধ্যে আছেন সিরাজের প্রধান সেনাপতি মীরজাফর, বণিক উমিচাঁদ ও জগৎশেঠ এবং তাঁদের সহযোগী আরো তিনজন।

শুরু হলো গোপন মন্ত্রণাসভা। যদিও নীলকুঠির অন্যান্য কর্মচারীদের আবাস মূল কুঠিবাড়ী ভবন থেকে অনেক দূরে, তথাপি খুব নীচুস্বরে কথাবার্তা চলতে থাকে। ঘন্টা দেড়-দুয়েকের মধ্যে আলাপ-আলোচনা শেষ করা হয়। কেননা, রাতের অন্ধকারের মধ্যেই আবার এই এলাকা ছেড়ে বজরা দুটিকে চলে যেতে হবে। তাড়াহুড়ো করে উঠতে গিয়ে একজনের চেয়ার শব্দ করে উল্টে পড়লে, সবাই শঙ্কিত হন। ঘর থেকে বের হবার আগে ক্লাইভ মীরজাফরকে লক্ষ্য করে শেষ বাক্যটি উচ্চারণ করলেন- 'সব ঠিক টাকিবে টো মীরজাফর সাব ?' মীরজাফর সাহেব মুখে কিছু না বলে শুধু একটু হেসে ঘাড় নাড়লেন। তারপর সবাই ঘর থেকে বের হয়ে, যেমন করে সিঁড়ি বেয়ে কুঠিবাড়িতে উঠে এসেছিলেন, তেমনি করে ধীর পায়ে সন্তর্পণে ঘাটে বাঁধা বজরা দু'টিতে একে একে উঠে পড়েন। বাঁধন খুলে বজরা দু'টি দ্রুত গন্তব্যে রওয়ানা দেয়।

সেই গভীর রাতে এই নীলকুঠিতে কী আলোচনা বা কী সিদ্ধান্ত হয়েছিল এবং তার ফলশ্রুতিতে পলাশীর আম্রকাননে কী ঘটেছিল, তা'তো সকলেরই জানা।

হেমন্তের এক বিষণ্ন অপরাহ্নে আমাদের গাড়ি এসে দাঁড়ায় এই ঐতিহাসিক নীলকুঠির কাছে। আমরা গাড়ি থেকে নেমে গেইট দিয়ে কুঠি চত্বরে প্রবেশ করি। চারদিকে সবুজ গাছপালা নিয়ে বিশাল জায়গা জুড়ে কুঠি এলাকা। টিনের ছাউনি দেয়া একতলা মাঝারি মাপের কুঠি। কুঠির প্রায় সামনে প্রবেশপথের কাছেই অনুচ্চ কয়েকটি 'নীলের গাছ' ইতিহাসের সাক্ষী হিসেবে তার অস্তিত্ব ঘোষণা করছে। কুঠিবাড়ির কেয়ারটেকার বের হয়ে দেখিয়ে না দিলে চিনতাম না। কারণ, এর আগে আমি কোথাও নীল গাছ দেখিনি।

টিনের ছাউনি দেয়া একতলা মাঝারি মাপের কুঠি

রহস্যময়-রোমাঞ্চকর কুঠিবাড়ির সামনের বারান্দায় উঠে দাঁড়ালাম। বারান্দার পর মাঝখানে দরবার হল বা আধুনিক কালের লিভিং রুমের মতো বড় বসার ঘর। হলের মধ্যে দাঁড়িয়ে পুরনো দিনের কথা ভেবে শিহরণ অনুভব করি। মনে হলো- এই বুঝি বাঁ পাশের রুম থেকে অত্যাচারী উড সাহেব রক্ত চক্ষু নিয়ে বের হয়ে আসছেন গোলাক বসু বা নবীনমাধবকে শায়েস্তা করার জন্য। আর ডানপাশের রুম থেকে যেন শুনতে পাচ্ছিলাম- রোগ সাহেবের ধর্ষিতা ক্ষেত্রমণির করুণ আর্তনাদ।

হল থেকে বের হয়ে দাঁড়াই পিছনের বারান্দায়। এই বারান্দা থেকেই সিঁড়ি নেমে গেছে কাজলা নদীর ঘাটে, যে ঘাট ও সিঁড়ি দিয়ে সেদিন লর্ড ক্লাইভ ও মীরজাফর তাঁদের সঙ্গীদের নিয়ে উঠে এসেছিলেন। কুঠির কাছে নদী এখন তার স্রোতধারা হারিয়ে বদ্ধ জলাশয়ের রূপ নিয়েছে। তার শান্ত নিস্তরঙ্গ জলে অরণ্যের ছায়া। মনে হচ্ছে, যেন সেদিনের সেই নীলকর সাহেব বারান্দার একপাশে ইজিচেয়ারে আধশোয়া হয়ে সামনের নদীর দিকে চেয়ে আছেন। সেদিনের কুশীলবেরা গত হয়েছে বহুকাল আগে। এর মধ্যে ঘটেছে ইতিহাসের কতো পালাবদল বা পটপরিবর্তন। কিন্তু কালের স্বাক্ষী হয়ে আজো দাঁড়িয়ে আছে ইতিহাস সৃষ্টিকারী এই 'আমঝুপি নীলকুঠি'।

এরপর আমরা কুঠিসংলগ্ন বাগানে কিছুক্ষণ ঘুরাঘুরি করে পরের গন্তব্যে যাবার জন্য আবার গাড়িতে উঠে বসি। আমাদের পরের গন্তব্যটি হচ্ছে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের মহান স্মৃতি বিজড়িত মুজিবনগর।
গাড়িতে বসেও ঘোর কাটে না, মাথার মধ্যে ইতিহাসের অশরীরি ছায়াগুলোর আনাগোনা চলতেই থাকে।

* লেখকের পরিবারসহ ভ্রমণ অনুভূতি ও অভিজ্ঞতার আলোকে বর্ণিত; সময়: নভেম্বর ১৯৯৬।

লেখক : অবসরপ্রাপ্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আর এইচ ডি

হাতছানি দেয় শৈশব, কৈশোর

-ড. নমিতা হালদার এনডিসি (সদস্য নং ১১২)

তৎকালীন খুলনা অর্থাৎ বর্তমান উপকূলীয় বাগেরহাট জেলার মোংলার এক প্রত্যন্ত গ্রাম 'মাছমারা'। মোংলা নদীর কূল ঘেঁষে থাকা ছোট্টো এক চিলতে এ গ্রামেই আমার জন্ম। আর এ গ্রামের শ্যামল প্রকৃতির কোলে আমার বেড়ে ওঠা। আমাদের বাড়ি ছিল গ্রামের একেবারে শেষ প্রান্তে। বাড়ির চারপাশে ছিল ধানের জমি আর খাল-বিল। ষাটের দশকের মাঝামাঝি সময়ে মোংলা ও রামপাল অঞ্চল ছিল ধান ও মাছের বিশাল এক সাম্রাজ্য। অধিকাংশ পরিবারই ছিল কৃষি ও মৎস্যজীবী। কে জানে, হয়তো সে কারণেই এ গ্রামের নাম হয়েছিলো 'মাছমারা'। সে প্রসঙ্গ থাক। যে সময়ের কথা বলছি, সে সময় পাঁচ সদস্যের পরিবার আমাদের। এতোগুলো মুখের খাবার, দুই ভাই-বোনের পড়াশোনার খরচসহ অন্যান্য সব খরচই জুটতো জমির ধান বিক্রির টাকা থেকে।

সামান্য জ্ঞান হতে শুরু করলেই বুঝলাম আমি দেখতে বেশ কালো হয়েছি। আমার মামা বাড়ির সদস্যরা তুলনামূলক উজ্জ্বল গাত্রবর্ণের। ফলে, তাদের সঙ্গে কোনোভাবেই আমার গায়ের রং মেলে না। মা এতে বেশ কষ্ট পেতেন। একাধিকবার দুঃখ করে বলেছেনও, "আমার পেটে কী করে যে এতো কালো মেয়ে হলো!" ছোটো মামা মাঝে মাঝেই মাকে জিজ্ঞেস করতেন, "মেয়েটার রং কি একটু ফর্সা হয়েছে?" আমার মা ছিলেন অত্যন্ত বিদুষী। পাশের গ্রাম শেলাবুনিয়ায় মামা বাড়ি যাওয়ার সময় মা খুব ভালো করে আমাকে তার তিব্বত স্নো মাখিয়ে দেখতেন একটু ফর্সা দেখাচ্ছে কিনা। মায়ের সঙ্গে হেঁটেই যেতে হতো প্রায় ২ কিলোমিটার পথ। এরপর মামা বাড়ি। সে বাড়ির সামনে এলেই আমি লজ্জায় কাঁচুমাচু হয়ে মায়ের পেছনে লুকিয়ে যেতাম। তবে রং আমার যাই হোক, মামা বাড়িতে আমি ছিলাম সকলের ভীষণ আদরের।

ওদিকে বাবার রং ধারণকারী আমাকে বাবা প্রায়ই চায়ের দোকানে নিয়ে যেতেন। আমি দেখতাম বাবা তার পকেট থেকে ছোটো চিরুনী বের করে আমার মাথার চুল পরিপাটি করে আঁচড়ে দিতেন; বলতেন, "আমার কালো মেয়েটাকে লাল জামাতে খুব ভালো মানায়।" ছোটোবেলায় নিয়মিতভাবে আমাকে লাল জামা দেয়া হতো এবং ঐ রং ছিল আমারও খুব পছন্দের। দোকানে চা খেতাম লম্বা খাস্তা বিস্কুট দিয়ে। কেতাবী নাম জানি না, তবে স্থানীয়ভাবে আমরা এ বিস্কুটকে 'খাস্তা'-ই বলতাম। বিস্কুট ভিজিয়ে সেই যে দুধ চা খাওয়া, তা বাবাই শিখিয়েছিলেন।

সেই ষাটের দশকের সময়ের তুলনায় অনেক বেশি প্রগতিশীল ঠাকুরমা ছিলেন আমার জীবনের আশীর্বাদস্বরূপ। নিয়মিতভাবে আত্মীয়-স্বজনের খবর রাখতে তিনি ছিলেন সিদ্ধহস্ত। কুটুম্বিতা রক্ষায় তিনি সবসময়ই খুব সচেতন থাকতেন। ঠাকুরমার বাবা ও ভাই-বোনদের বাড়ি, আমার মামা বাড়ি, জেঠিমা-কাকীমাদের বাবার বাড়ি - সব জায়গাতেই তিনি সঙ্গে নিতেন আমাকে ও আমার দু-তিন জ্যাঠাতো-কাকাতো ভাই-বোনকে। এভাবে ছোটোবেলাতেই উপকূল অঞ্চলের অনেকটাই আমার চেনা হয়ে যায়।

আমাদের পরিবার ছিল লোকসংস্কৃতির চর্চায় নিবিড়ভাবে সম্পৃক্ত। ভোরে ঘুম ভেঙে বিছানাতেই বাবার দরাজ গলার গান আশপাশের সবাই শুনতে পেত। আমাদেরকে জাগিয়ে দিতো বাবার কণ্ঠস্বর। রবিঠাকুরের 'তোমায় গান

শোনাবো' গানের 'ঘুম ভাঙানিয়া' আমাদের জীবনে বাবা হয়ে এসেছিলেন। বাবার ছিল কীর্তনের দল, সকাল সন্ধ্যা তালিম চলতো বাড়ির উঠানে। বছরান্তে গ্রামে একটি সাংস্কৃতিক সমাবেশ হতো। নাটকের মহড়া, গানের আসর - এসব জায়গায় আমি ছিলাম নিয়মিত দর্শক। গ্রামের বার্ষিক সাংস্কৃতিক সমাবেশে মাকে নাটক করতেও দেখেছি।

গায়ে হলুদ এবং বিয়ের সব অনুষ্ঠানে আমার মা ছাড়া গানই হতো না। রান্না, সংসার সব ফেলে মাকে নিয়ে যাওয়া হতো গায়ে হলুদ আর বিয়ের আসরে। মায়ের পিছে পিছে আমিও সেখানে হাজির হতাম পায়েস খাওয়ার লোভে। সে সময় বর বা কনের গায়ে হলুদে দুধ ও গুড়ের পায়েস থাকতোই। মায়ের সঙ্গে দেখা যাত্রাপালা "রাহুগ্রাস" আজও আমায় আন্দোলিত করে। খড় বিছানো মাঠে গণআসন বিন্যাস, মায়ের কোলে ঘুমন্ত ছোটো ভাই, যাত্রা দেখার সময় আমার ঢুলু ঢুলু চোখে দেখা মায়ের উচ্ছ্বাস, আনন্দ, ভীতির যে অপার্থিব অভিব্যক্তি, তা ভুলি কী করে!

সন্ধ্যায় পড়ার টেবিলে কুপি বাতিটা ঠিক আমার মুখের সামনে এনে পড়ার চেষ্টা করতাম। মা কতোবার যে সেটা সরিয়ে দিতেন! বলতেন, কুপি বাতি থেকে কার্বন বের হয় এবং সেটা নিশ্বাসের সাথে শরীরে গিয়ে বিষে পরিণত হয়। আমার পাঠশালা পাশ মা কীভাবে এই বৈজ্ঞানিক তথ্য জানতেন, তা আজও আমার কাছে রহস্য।

বাবার একটা ঘোড়া ছিল। কী যে যত্ন তাকে করা হতো! ছোলা খাইয়ে হৃষ্টপুষ্ট রাখা আর গোসল দিয়ে সতেজ রাখার আপ্রাণ চেষ্টা ছিল বাবার। ঘোড়দৌড়ে বা রেসে যে তাকে ফার্স্ট হতেই হবে! ঘোড়াকে খাবার দেয়ার সময় আমি বাবার সাথে সাথেই থাকতাম। ঘোড়ার রেস দেখাতেও বাবা নিয়ে যেতেন আমাকে। ঘোড়াটা ছিল লাল, তবে বাবা তাকে ডাকতেন "কালা" বলে। লাল ঘোড়ার নাম কেনো "কালা" হলো তা কিছুতেই আমার বোধগম্য হয়নি।

বাবার ছিল বাজার করার নেশা। জ্যৈষ্ঠ মাসের সব ফল কেনার জন্য বাবা বেছে নিতেন সাপ্তাহিক হাটের দিন। পানি তাল, তরমুজ, জামরুল, আম, কাঁঠাল কিনে আনতেন ঝুড়ি ভরে। বাবা না আসা পর্যন্ত পথের দিকে তাকিয়ে থাকতাম। মৌসুমী ফল দেখার উচ্ছ্বাস যেন আমার শেষই হতো না। খাওয়া নিয়ে আমার খুঁতখুঁতে স্বভাবের কথা সবাই জানতো। দাদা এসে কানে কানে বলতো, "তুই না খেলে তোর ভাগেরটা আমাকে দিয়ে দিস"। তবে আমি না দিলেও সে আমারটা চুরি করে খেতো। উপকূল ঘেঁষা লবণাক্ত অঞ্চল বলে আম-কাঁঠালের গাছ গ্রামে তেমন জন্মাতো না। সীমিত আকারে এসব ফল হাট-বাজারে পাওয়া যেত বলেই আমাদের উচ্ছ্বাস এতো বেশি ছিল।

গীর্জায় সমবেতভাবে গান গাওয়া খৃষ্টীয় উপাসনার একটি অবিচ্ছেদ্য অংশ। মাছমারার গীর্জায় সকলে মিলে গান গাইতে গাইতেই আমরা শিখে ফেলতাম সব নতুন নতুন গান। ফুল গাছ লাগানোর প্রতি আমার ছিল দুর্বার নেশা। গীর্জা প্রাঙ্গণ থেকে অথবা অন্য কোনোভাবে চারা জোগাড় হলেই ঘরের সামনে সারি করে লাগিয়ে প্রতিদিন পরীক্ষা-নিরীক্ষা করতাম ফুল কবে ফুটবে। কচি পাতাকে ফুলের কুড়ি মনে করে অপেক্ষা করে একসময় হতাশ হয়ে পড়াও আমার জীবনে স্বাভাবিক ঘটনা ছিল। তবে তাতে ফুলগাছ বা ফুল নিয়ে আমার উচ্ছ্বাস বিন্দুমাত্র কমেনি।

আমাদের গ্রামের পাঠশালা ছিল ক্লাস টু পর্যন্ত। মাঝে মাঝে পাঠশালায় যাওয়ার পথে বন্ধুরা মিলে রাস্তার পাশে ধান ক্ষেতে লুকিয়ে পড়তাম। ছুটি হলে ধান ক্ষেত থেকে বেরিয়ে মিশে যেতাম পাঠশালা শেষে বাড়ি ফেরা বন্ধুদের সাথে। একেবারে ভেজা বিড়াল হয়ে বাড়ি ফিরতাম। তবে পরদিন সকালে স্কুলে বেত্রাঘাত ছিল অবধারিত। স্কুল থেকে ফিরে নাকে-মুখে চারটে খেয়েই বেরিয়ে পড়তাম খেলতে। তখন প্রায় সব বাড়ির পাশেই ছোটো খাটো খোলামেলা জায়গা বা মাঠ পড়ে থাকতো। খেলতাম গোল্লাছুট, কুতকুত, গাদন, হাডুডু। তবে, হেরে গেলেই লেগে যেত মারামারি আর ঝগড়া। এ ছিল নিত্যকার খেলার মাঠের দৃশ্য। সাঁতার কেটে চোখ লাল করে জ্বর বাধিয়ে দেয়া ছিল আমাদের নৈমিত্তিক ব্যাপার। খাল, পুকুর এবং নদী - ৩টিতেই সাঁতার কাটতাম দলেবলে। যতক্ষণ কোনো মুরুব্বি লাঠি নিয়ে তাড়া না দিতেন, আমরা উঠতাম না।

শৈশবে আমার দু'টো নেশার প্রথমটি ছিল মাছ ধরা। দ্বিতীয়টি, ধান কেটে নেয়ার পর পড়ে থাকা ধানের শীষ কুড়ানো। তবে, দু'টো কাজই করতাম বাড়ির সবাইকে ফাঁকি দিয়ে। কুড়ানো ধান কয়েক সের হলেই সুযোগ মিলে যেত ফেরিওয়ালার কাছ থেকে ধানের বিনিময়ে রসগোল্লা কেনার। এরপর সে রসগোল্লা সবার মাঝে বিলানোর মধ্যে ছিল এক অনাবিল আনন্দ। দুপুরবেলা পাঠশালার পাঠ চুকিয়ে কয়েক জন বন্ধু মিলে সোজা চলে যেতাম বিলে। বিভিন্ন পদের মাছ নিয়ে অবেলায় বাড়ির উঠোনে প্রবেশ করে মায়ের দৃষ্টিসীমার মধ্যে মাছের খালুইটি রেখে খেয়াল করতাম মায়ের প্রতিক্রিয়া। মাছের সাম্রাজ্যে বেড়ে উঠলেও কোনো মাছই আমি খেতাম না। তাই তীব্র ভর্ৎসনায় মা বলতেন, "আজ তোকে আমি কাঁচা মাছ খাওয়াবো।" পড়ন্ত বেলায় মায়ের মেজাজ শান্ত হলে তবেই ঘরে ঢুকতে পারতাম। কৈশোরে বোর্ডিং স্কুলে দেয়া হলো আমাকে। তবে, ছুটিতে বাড়ি ফিরলেই এ মাছ ধরার নেশা আমায় পেয়ে বসতো। যারা বেশি মাছ ধরতে পারে, তাদেরকে আমাদের অঞ্চলে বলা হয় মাছুরে। আমি মাছুরে ছিলাম ঠিকই, তবে কোনো গর্তে হাত ঢুকাতাম না, বড্ড ভয় পেতাম সাপ আর কাঁকড়ার। শৈশবের মাছ ধরার নেশা আমার আজও রয়ে গেছে। যদিও এখন সেই খাল-বিল আর নেই, তবুও সুযোগ মিললেই পুকুরে বড়শি দিয়ে অথবা জাল ফেলে আমি এখনও মাছ ধরতে ভীষণ ভালবাসি।

ছোটোবেলায় দেখেছি আমাদের কিছু শহুরে আত্মীয় নিয়মিতভাবে আমাদের বাড়ি আসতেন। এসেই তারা বিভিন্ন জিনিসের সন্ধান এবং গোছগাছ করতেন। এসবের মধ্যে নারিকেল, নারিকেলের শলার ঝাড়ু, খেজুরের গুড়, চিড়া-মুড়ি, তেঁতুল, চালের গুঁড়ো, আতপ চাল ছিল অন্যতম। আমি কিছুতেই বুঝতে পারতাম না এর কারণ কী। ভাবতাম, মাছমারা গ্রামের বাইরে অন্য কোনো রকম ভূখন্ড আছে, যেখানে এসব পাওয়া যায় না। তাই হয়তো নিজে যখন শহরে পড়াশুনা করতে শুরু করলাম, তখন এই 'গেঁয়ো' আমি শহরকে ভালবাসতে অনেকটা সময় নিয়েছিলাম।

দুরন্ত শৈশবের এক পর্যায়ে আমি ক্লাস টু পাশ করলাম। গ্রামের পাঠশালার পাঠ চুকলো। বাবার সুদূরপ্রসারী পরিকল্পনায় এবার আমাকে গ্রাম ছেড়ে যেতে হবে অন্য কোথাও। দাদাকেও এভাবেই যেতে হয়েছে। আশপাশের কোনো স্কুলে মেয়েদের হোস্টেল সুবিধা না থাকায় আমাকে যেতে হবে দূর, বহু দূর। মাছমারা গ্রাম ছেড়ে অন্য কোথাও কোনোদিন যেতে হবে, তা বোধহয় ঐ অতোটুকু বয়সে আমার ধারণাতেই ছিল না।

সাতক্ষীরা দিয়ে শুরু হলো আমার পরবাসী জীবন। দিনাজপুর মিশন হোস্টেলে থাকতে হলো ১৯৭০-১৯৭৫ সময়টায়। আমার বাড়ি থেকে প্রায় ৩ দিনব্যাপী ট্রেন ভ্রমণ শেষে দিনাজপুর পৌঁছাতে হতো। পার্বতীপুর জংশনে কাটতো লম্বা রাত ও দিন। একবার দিনাজপুর যাওয়ার সময় আমাকে মেয়েদের ওয়েটিং রুমে রেখে বাবা বাইরে থাকলেন। সেখানে বসার জায়গাও ছিল না। গভীর রাতে আমি ঝিমুতে ঝিমুতে বাবাকে খুঁজতে থাকলাম। দেখলাম ওয়েটিং রুমের বাইরে বাবা ফুটপাতে ঘুমিয়ে পড়েছেন। তাকে ওভাবে দেখে সেদিন আমার ভীষণ কান্না পেয়েছিল। হোস্টেলে থাকাকালীন ছুটির জন্য অধীর আগ্রহে অপেক্ষা করতাম। অপেক্ষা করতাম আমার প্রাণপ্রিয় মাছমারা গ্রামে যাওয়ার। কিন্তু খুব অদ্ভুতভাবে ছুটির দিনগুলো চোখের নিমিষে ফুরিয়ে যেত। আর প্রতিবারই ছুটি শেষে হোস্টেলে যাওয়ার সময় আকুল হয়ে আমি যেমন কাঁদতাম, মা-বাবাও তেমন নীরবে চোখের জল ফেলতেন।

মায়ের সাথে গৃহকর্ম করার বা শেখার সুযোগ আমার হয়নি সেভাবে। মা বলতেন, "কিছু কাজ শিখুক"। বাবা বলতেন, "সময় হলেই শিখে নিবে।" আমি কী হতে চাই তা কি ঐ বয়সে বুঝতাম? কিন্তু বাবা দৃঢ়-প্রতিজ্ঞ ছিলেন যে

গ্রামের অন্য দশটা মেয়ের মতো আমার পরিণতি হবে না, আমি অনেক বড় হব এবং আমাকে গৃহকর্ম করতে হবে না। বড় হয়েছি ঠিকই, কিন্তু গৃহকর্ম ছাড়া যায়নি। কোনো নারীই পারে না গৃহকর্ম ছাড়া জীবন যাপন করতে।

আমার জ্যাঠা, বাবা ও কাকু মিলে ৬ ভাই। পিসীরা বিয়ের পর অন্য গ্রামে বসবাস করছিলেন। ছয় ভাইয়ের শাখা-প্রশাখা অর্থাৎ আমাদের জ্ঞাতি-গোষ্ঠী দিয়েই ছোটো গ্রামটি ভরপুর ছিল। খুব ছোটো থাকতে বাড়ি ছেড়ে বোর্ডিং স্কুলে থাকার কারণে ছুটিতে বাড়ি এলেই বুঝতে পারতাম কী অপত্য স্নেহ ভালবাসায় আমি সিক্ত ছিলাম! বড় জ্যাঠা তার গাছের ফল, মেজ জ্যাঠা দানাদার মিষ্টি, ন জ্যাঠা খালপাড়ের কালো কচু শাক আর কাকু বিশেষ বিশেষ মাছ আমার জন্য পাঠিয়ে দিতেন। আজ তাদের কেউই বেঁচে নেই, কিন্তু তাদের স্নেহাশীর্বাদে আমি একটি সুন্দর জীবন যাপন করছি। গ্রামে গেলে তাদেরকে ঘিরে আমার স্মৃতি কাতরতা অনেক বেড়ে যায়। পিতৃ-মাতৃকূলের এহেন স্নেহ-ভালবাসা শৈশবে এবং কৈশোরে আমাকে যেভাবে আপ্লুত করতো, এখনও ঠিক তেমনটাই করে। জীবনে কিছু জিনিসের আবেদন কখনো কমে না।

আজ ষাটোর্ধ্ব বয়সেও আমি অনুভব করি সেদিন গ্রাম ছেড়ে যাওয়ার বুক ভাঙা বেদনা। মাছমারা গ্রাম আজও আছে। আমাদের গোলপাতা আর টিনের ঘরবাড়িরও শ্রীবৃদ্ধি ঘটেছে। তবে নেই সেই উন্মুক্ত বিল আর অবারিত ধান ক্ষেত। জনসংখ্যার চাপে কৃষি জমিতে সম্প্রসারিত হয়েছে আবাসন। আর দেশী বিভিন্ন প্রজাতির মাছ হারাতে হারাতে, তা এখন অধরা প্রায়। তবু আমি ভালবাসি আমার গ্রামকে। আমার শৈশব আর কৈশোরের আনন্দ-বেদনার যা কিছু প্রাপ্তি, তার সবটুকুই আমার এই মাছমারা গ্রামের দান। জানি অবান্তর, তবু ভাবি জীবনটা শৈশব আর কৈশোরে আটকে থাকলে কী ক্ষতি হতো!

লেখিকা: ব্যবস্থাপনা পরিচালক, পিকেএসএফ; অবসরপ্রাপ্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
বর্তমান জ্যেষ্ঠ সহ-সভাপতি, উত্তরা অফিসার্স ক্লাব, ঢাকা

পতাকা

- **বীর মুক্তিযোদ্ধা নিত্য গোপাল পাল (এন জি পাল)** (সদস্য নং ৪৪৬)

পতাকা মানে স্বাধীনতা, পতাকা মানে মুক্ত সার্বভৌম একটি দেশ
তাই যুগ যুগ লড়ে, মানুষ ঝরিয়েছে তাঁর গায়ের রক্তবিন্দুর শেষ।
যেমন লড়েছি আমরা বায়ান্নতে, চুয়ান্নতে, ঊনসত্তরে আর একাত্তরে
পেয়েছি পতাকা, কিন্তু আজও লড়ছি তার সুরক্ষা ও সম্মানের তরে।
শুধু ভূ-খন্ড নয়, পতাকা হয় একটি সংস্কৃতির, হয় একটি জাতির
আমরা ভিন্ন ভিন্ন ধর্মের গোষ্ঠীর, কিন্তু পতাকা সম্পূর্ণ বাঙ্গালি জাতির।
পতাকার অপমান, নিজেদের অপমান, অপমান আপন মাতৃ-সম দেশের
ভাই ক্ষোভ জাগে, যখন দেখি পতাকা তুলতে অনীহা আমাদের অনেকের।
বিজয় দিবস বল, স্বাধীনতা দিবস বল, পতাকা দেখা ভার ঘরে বাইরে
কোথায় যেন হারিয়ে গেল প্রাণের উৎসাহ, ভাটা পড়ে দেশপ্রেমে মোদের অন্তরে।
'বঙ্গবন্ধু এ্যাভেন্যু' যখন ছিল 'জিন্নাহ এ্যাভেন্যু', ছিল 'পাক' পতাকা সারি সারি
কোথায় যেন সেসব উবে গেল, যখন হল 'বঙ্গবন্ধু এ্যাভেন্যু'র আদেশ জারি।
'পাক' আমলে যেখানে দেখা যেত পতাকা অলিতে গলিতে আর বাড়ি বাড়ি
দেশ স্বাধীন হল, কিন্তু নেই আজ পতাকা ওড়াবার তেমন গরজ আর নজরদারি।
যেমনি স্বাধীনতা, তেমনি পতাকাও আনয়ন সহজ, কিন্তু কঠিন তা রক্ষা করা
তাই সময় এসেছে স্বাধীনতা আর পতাকা এগুলো রক্ষা করার দুর্বার পণ করা।
পতাকা দেখতে হালকা, পতপত উড়ে আকাশে, যেন উড়ে মোদের বাসনার ডানা
কিন্তু তা যে জগদ্দল পাথরের মত ভারি আর কঠিন, জানে আর বুঝে সে ক'জনা।
কেউ তা বুঝুক আর না বুঝুক, বুঝেছেন 'আমার সোনার বাংলা'র কবিগুরু
বিধাতার দেয়া পতাকা বহন করার শক্তি চান তিনি, দূর করতে তাঁর বুকের দুরু দুরু।

শুধু বিধাতা নির্ভর নয়, আপন চেষ্টা আর শক্তিতে হতে হবে মোদের বলীয়ান
বিধাতা তাকেই সাহায্য করেন, যে নিজেকে সাহায্য করে হয় আগুয়ান।
স্বাধীনতা পেয়েছি বলে নেই আত্মতৃপ্তির ঢেকুর তোলার কোন অবসর
শকুনেরা একাত্তরের মত আজও পতাকা ছিঁড়ে ফেলার চেষ্টায় আছে নিরলস তৎপর।

লেখক : অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব

উত্তরা অফিসার্স ক্লাব; এক সৃজনী সন্দিপন

- **আ ফ ম ইয়াহিয়া চৌধুরী** (সদস্য নং ২৩৫)

উত্তরা অফিসার্স ক্লাব; এক সুশীল সমাজ সমষ্টি,
সম্প্রীতি আর সংহতিতে প্রাণবন্ত,
সুকুমারম্যে অনুপম, স্বাচ্ছন্দ্যে জীবন্ত,
হৃদয়ানুভূতির আধিপত্যে ক্লাবের বিনোদন সৃষ্টি।

সংসৃষ্টে কীর্তিমান, স্বাতন্ত্র্যে চির অম্লান,
সৌকর্যে শোভমান, যশস্যের সার্থক যোজন,
সামষ্টিক স্বার্থে আমরা অমৃত লভি।

পরমার্থে সুষম মোদের পরমাত্মীয় মন,
সৌহার্দ্য স্থাপনে নৈবেদ্য জীবন,
আমরা সোচ্চার সবি, আমরা নির্ভয় অভি।

সুকর্মে উজ্জীবন, সুরম্যে প্রাণ স্পন্দন,
শৌর্য-বীর্যে সম্মোহনী, সম্প্রীতিতে কল্লোল,
পরার্থপরতায় সমৃদ্ধ, সুনীতিতে প্রজ্জ্বোল,
উত্তরা অফিসার্স ক্লাব; এক সৃজনী সন্দিপন।

লেখক : অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব ও ডিপ্লোম্যাট

মাটির ঘর

- **হাফিজুর রহমান** (সদস্য নং ৭০৭)
স্মরণ : তারেক মাসুদ

না। এ কোন আত্মহনন নয়।
এ যেন মৃত্যুর কাফনে ঢাকা পিচঢালা রানওয়ে
এখানেই মৃত্যু এসে ওঁত পেতেছিল
কে পারে পাড়ি দিতে এ রকম নীলিম পথ
যে পথের কেবলই শুরু আছে
শেষ বলতে কিছু নেই
শুধু নিরন্তর হেঁটে যাওয়া
একা একা অখণ্ড সময়কে মাড়িয়ে যাওয়া
ভয়হীন, শব্দহীন একটি বিন্দুর দিকে
ক্রমাগত এগিয়ে যেতে থাকা
যেন এক শিল্পিত শবযাত্রা।

এ রকম মৃত্যু কেমন মৃত্যু
এ কি কোন অপমৃত্যু নাকি মৃত্যুদণ্ড
উত্তাপহীন, প্রতিবাদহীন
এ কেমন উদাসীন স্বপ্ন ভঙ্গ।

না। এতো কোন স্বাভাবিক মৃত্যু নয়।

স্বাভাবিক মৃত্যুতে শোক আছে, দুঃখ আছে
সমুদ্র সমুদ্র ঢেউয়ে নোনা জল আছে
কিন্তু যেখানে মুত্যু এসে নতজানু হয়
সেখানে ছোপ ছোপ জমাট রক্তে
কাগজের ফুল হয়ে ওঠে আগুনের ফুলকি
রক্ত মশাল জ্বালিয়ে রাখে সারারাত
জোনাকি পোঁকা।

এতোদিন যে পাখিটি ছিল খাঁচাবন্দী
সে এখন পাখা মেলেছে নিঃসীম আকাশে
চোখে মুখে তার মুক্তির গান
মাটির ময়না পোষ মানিয়েছে বেশ
তার মাটির ঘরে যেন এক মৃত্যুহীন প্রাণ।

কি অদ্ভুত সুন্দর শ্যামারুর নুরপুর
লিচু গাছের লম্বিত ছায়ার
জোছনার স্নিগ্ধ জ্যোতি ফেলে
সেখানে জলের শব্দ ছেড়ে অন্ধকার
বিমূর্ত স্মৃতির মধ্যে এখন শুধু
নতুন পোষাকের ঘ্রাণ
কাগজের ফুল দিয়ে থরে থরে সাজানো
ঝলমলে মাটির ঘর
মহীয়ান দূরত্বের নির্জনতায়
এ ঘরই এখন তার আপন নিবাস।

এখন শব্দেরা ছুটি নেয়, নিস্তব্ধ হয় চারিদিক
হেমন্তের মতো প্রাণশক্তিহীন
অগণিত সমাধির ক্ষত জেগে উঠে
প্রিয় গ্রহখানি বিক্রমে মোড়ানো থাকে
যেখানে রাত নেমে আসে ধীরে
বিলম্বি বসে বসে জোনাকিরা
আঁধারের প্রস্ফুটন দেখে
আবার শুরু হয় সোনার সকাল
পাখির কলরবে
দুপুর গড়িয়ে বিকেল এবং ভর সন্ধ্যে
পৃথিবী অন্য এক পৃথিবীকে বুকে টানে
পৃথিবী হয়ে ওঠে গদ্যময়।

লেখক : অবসরপ্রাপ্ত জেনারেল ম্যানেজার, জনতা ব্যাংক পিএলসি

জনসাধারণ

- কবি মরহুম খোন্দকার মীজানুর রহমান

সময়: ১৯৭১

আমার জীবন পূর্ণিমাকাশে যদি কভু ডুবে যায় মেঘাবৃত চাঁদ
কর্মমুখর জীবনে আমার নেমে আসে কভু ঘোর অবসাদ
কঠিন শীতল হিম বরিষণে থেমে যায় জীবনের শত কলরোল
থেমে যায় কভু চিরচঞ্চল নদীগতি পথে জীবনের কল্লোল
হারায় যে পথ, পথের দিশারী শুকতারা হয়ে আমারে দেখায়ে পথ
যাঁচি তোমা কাছে তুমি রহমান ভ্রান্ত পথিকে তুমি দানিও রহমত
পারি যেন বহিবারে শকতি-অসীম দূরিবারে সমাজের শত অনাচার
ভাষাদানে মূক প্রাণে আর অচেতন প্রাণে দানি প্রেরণ উন্মেষণার
মোর বাণী যেন হানে তীর হেন দুর্বল অথর্ব প্রাণে তুলি রণরণি
তাজা লাল খুনে ধুয়ে মুছে তোলে অমানুষিকতার দৃপ্ত গ্লানি
পারি যেন কহিবারে দৃপ্তরুদ্র স্বরে নহে-নহে এ যে বিধাতৃবিধান
করি প্রতারণা এতকাল ধরি শোষিয়াছ দুর্বলের রক্ত মাংস প্রাণ
আর সহিব না উঠিয়াছি জাগি দেখ চাহি দেখ মোরা কত বলীয়ান
আপন বুকে রক্ত মদিরা'ধুতুরা গেলাস ভরি করিয়াছি পান
যত লাজভয় করিয়াছি জয় মোরা সবে আজ ধরিয়াছি হাতিয়ার
এ কঙ্কাল দেহ অস্ত্রবাহী ট্যাংক, সাবমেরিন বা ক্রুজার-ডেসট্রয়ার
এ চক্ষু যুগল কামানের মুখ গুলি হানে বুকে অনাচারী জালেমের
শীর্ন বাহুদ্বয় নাঙ্গা তলোয়ার দ্বিধাহীন চিতে কাটে শির পিশাচের
এ মুখগহ্বর রকেটের চোঙ দূর পাল্লায় ছুড়ে হাইড্রোজেন বোমা
পাপ অনাচার যত কিছু আছে নাশে নির্বিকারে করে না কাহারো ক্ষমা

এ নাসারন্ধ্র অগ্নিগিরিমুখ নিঃশ্বাস প্রশ্বাস গলিত ধাতু ও লাভা
শতাব্দি সঞ্চিত ব্যথা-বহ্নি ভস্মে জ্বালিয়ে পুড়ায় পাপ হয়ে স্বতঃস্ফূর্তা
কেনেডি-ক্রুশ্চেভ, টিটো-ম্যাকমিলান, দ্যাগলে-গুর্সেল হও না'ক যে কেউ
যে জোয়ার আজি উঠিয়াছে প্রাণে ভাসিবে পাহাড় রোধিলে সে মহা ঢেউ
চাহি না'ক দয়া অথবা করুণা ভিখারির মত ভিক্ষাঝুলি নিয়ে হাতে
কাপুরুষ যারা মাগে দয়া তারা চাটে প্রভু পদ অভিশাপ নিয়ে সাথে
করুণা মাগিয়া এতকাল ধরি রয়েছি পড়িয়া সমাজেতে কোণঠাসা
শত নিষ্পেষণে জাগেনি চেতনা জাগেনি জোয়ার মুখেতে সরেনি ভাষা

খুলিয়াছে মুখ ফুটিয়াছে ভাষা সহিব না আর অনাচার ধরণীর
চাহিনা বেহেস্ত সেও যদি হয় খেয়াল খুশির ঠাই মর্জ্জি এলাহীর।
আজাদী পেয়েছি পাইনি নাজাত হয়নি খতম আমলাতান্ত্রিকতার
ফিরিঙ্গীর স্থলে দেশী প্রভুগণ গড়েছে আস্তানা পূর্ণ অরাজকতার।
শাসনের নামে চলছে শোষণ নিষ্পেষণ আর স্বার্থের সংঘাত
গণতন্ত্রের নামে আমলাতন্ত্র আর দুর্নীতিবাজির চরম অভিসম্পাত।
ইজম বা তন্ত্র চাহি না আমরা চাহি শুধু সাম্য, মৈত্রী, ঐক্য, অধিকার
ভিখারির মত নহে সত্য জেনো আপন শক্তিতে স্বাধিকার প্রতিষ্ঠার।
গিলেটিন কিংবা ফাঁসির মঞ্চ পারেনি রোধিতে যে মহাজাগরণ
বিশ্বমানবের মোরা সেই জাতি অনুপ্রাণিত দুর্দান্ত বাঙালি জনসাধারণ।

কবি : অধ্যাপক তাসলিমা বেগম (সদস্য নং ২৬)-এর পিতা

উত্তরা অফিসার্স ক্লাব লাইব্রেরির গোড়ার কথা

- এম আবদুল লতিফ মন্ডল (সদস্য নং ১৬২)

দুই হাজার সতের সালের শেষ দিকে আজকের এই পাকা টিনশেড ঘরে উত্তরা অফিসার্স ক্লাব, ঢাকার সগর্ব আগমন ঘটে। এর আগে ১২ নং সেক্টরের ৭ নং রোডে একটি ফ্ল্যাট ভাড়া করা হয় এবং ২০১২ সালের ৮ জুন ক্লাবের প্রথম আনুষ্ঠানিক সভা অনুষ্ঠিত হয়। এখানে আমরা বাংলা নববর্ষ-১৪২০ উদ্‌যাপন করেছিলাম। পরবর্তীকালে, ৩ নং সেক্টরের ৬ নং রোডের ১ নং বাড়ির ৩য় তলায় একটি ভাড়া ফ্ল্যাটে ক্লাবের কার্যক্রম পরিচালিত হতে থাকে। এবং তা কমবেশি তিন বছর ধরে চলে। যতদূর মনে পড়ে দু'টি বার্ষিক সাধারণ সভা এখানে অনুষ্ঠিত হয়। তাছাড়া, এখানে একাধিক সামাজিক-সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়। এখান থেকে নিজ গৃহে আগমনের মধ্য দিয়ে ক্লাবের বিভিন্নমুখী কার্যক্রম পরিচালিত হয়। ক্লাবে একটি লাইব্রেরি প্রতিষ্ঠা ছিল এসব কার্যক্রমের অংশ।

উত্তরা ১২ নং সেক্টরে ক্লাব চালু থাকাকালে ক্লাবের লাইব্রেরির জন্য বই সংগ্রহ শুরু হয়। যতদূর মনে পড়ে, ক্লাবের তৎকালীন সাধারণ সম্পাদক ডা. মঈন উদদীন আহমদ সংগৃহীত স্বল্প সংখ্যক বই এবং এসব বই দাতাদের একটি তালিকা প্রকাশ করেন। নিজ ভবনে আসার পর আরো কিছু সংখ্যক সদস্য ক্লাবের জন্য বই দান করেন। তখন পর্যন্ত বই রাখার জন্য কোনো শেলফ এবং লাইব্রেরিতে বসে পড়ার জন্য টেবিল ও চেয়ার না থাকায় লাইব্রেরির কার্যক্রম এগিয়ে নেওয়া যাচ্ছিল না। এ অবস্থায় ২০১৯-২০ সালের জন্য ক্লাবের নতুন নির্বাহী কমিটি গঠিত হয়। বিভিন্ন উপ-কমিটির দায়িত্ব বণ্টন করা হয়। আমাকে প্রচার, প্রকাশনা ও লাইব্রেরির দায়িত্ব প্রদান করা হয়। কীভাবে ক্লাব লাইব্রেরির নিয়মিত কার্যক্রম শুরু করা যায়, তা নিয়ে আমি চিন্তিত হয়ে পড়ি। ক্লাবের দোতালার ছোট্ট কামরাটি ক্লাব লাইব্রেরি করার সিদ্ধান্ত হয়। আমি মনোযোগ দেই ক্লাবের লাইব্রেরির জন্য কয়েকটি বুকশেলফ, দু'টি মাঝারি ধরনের টেবিল ও ৬টি চেয়ার সংগ্রহের। স্থানীয়ভাবে বুকশেলফগুলো তৈরির ব্যবস্থা নেওয়া হয়। উত্তরার একটি দোকান থেকে দু'টি টেবিল ও ৬টি চেয়ার কেনা হয়। এসব কেনার সময় ক্লাবে যুগ্ম সম্পাদক ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলী আমার সঙ্গে ছিলেন। ২০১৯ সালে লাইব্রেরির জন্য এসব ফার্নিচারসহ আরো কিছু ফার্নিচার সংগ্রহে ব্যয় হয় ৩২ হাজার টাকা, যার প্রতিফলন ক্লাবের ২০১৯ সালের ক্লাব বাজেটে ঘটেছে। গৃহীত বই, ম্যাগাজিন ইত্যাদি বুকশেলফে সাজিয়ে রাখার ব্যবস্থা নেওয়া হয়।

বিশ্বের অন্যান্য দেশের মতো ২০২০ সালের শুরুতে বাংলাদেশেও করোনা মহামারির প্রকোপ দেখা দেয়। ২০২০-২২ সালব্যাপী এ প্রকোপের সময় ক্লাবের অন্যান্য কার্যক্রমের মতো লাইব্রেরির কার্যক্রমও ব্যাহত হয়। তবে করোনার প্রকোপ অবসানে ক্লাবের অন্যসব কার্যক্রমের সঙ্গে লাইব্রেরির উন্নয়নের কাজেও কিছুটা গতি এসেছে।

বর্তমানে ক্লাব লাইব্রেরিতে বইয়ের সংখ্যা ৮২০টি। তন্মধ্যে গত এক বছরে লাইব্রেরিতে ৩২৫টি বই সংগৃহীত হয়। এসবের মধ্যে রয়েছে প্রবন্ধ, গল্প, কবিতা, উপন্যাস, ভ্রমণকাহিনী, মুক্তিযুদ্ধ বিষয়ক রচনাবলীসহ বিভিন্ন ধরনের বই। যারা এ পর্যন্ত ক্লাব লাইব্রেরিতে বই দান করেছেন তাদের নাম ও সদস্যপদ লাইব্রেরির রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়েছে। তারা হলেন সহযোগী সদস্য মিসেস লুৎফুননাহার সাখাওয়াত (২৬৯ এর সহধর্মিণী), মোঃ আবদুল লতিফ মন্ডল (১৬২), ড. নমিতা হালদার এনডিসি (১১২), ইঞ্জিনিয়ার মোঃ ইউনুস আলী (২১৭), খান মোঃ বেলায়েত হোসেন (০২), বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক (৪৭৬), রুনা লায়লা (৩২১), বেগম নুরে জান্নাত (৮০), ড. মিয়া ইনামুল হক সিদ্দিকী (৫৭৪), আবু তাজ মোঃ জাকির হোসেন এনডিসি (১২), আবুল হাসানাত মাসুম ইকবাল (৩৪০), এম. মোখলেসুর রহমান

(৪৭), অধ্যাপক ফারজানা পারভীন (১২৯), ইঞ্জিনিয়ার মোঃ শাহাবুদ্দিন খান (১২২), মোঃ লুৎফর রহমান (৫০০), শাহনওয়াজ দিলরুবা খান (২৭৫), ডা. মোঃ ইমাম হোসেন (৩৪৮), মুহাম্মদ নজরুল ইসলাম (৯০), অধ্যাপক তাসলিমা বেগম (২৬), ডা. এ.কে.এইচ নিয়ামুল রুহানী (৫৮০) সহ আরো অনেকে। ক্লাবের নির্বাহী সদস্য ড. আবুল হোসেন (২৬০), যুগ্ম সচিব-এর তত্ত্বাবধানে জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে প্রায় ৩২ হাজার টাকা মূল্যের বই অনুদান হিসেবে পাওয়া যায়।

ক্লাব লাইব্রেরিটির সুষ্ঠু পরিচালনা ও উন্নয়নে যেসব সমস্যা দেখা দিয়েছে সেগুলোর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য হলো (ক) লাইব্রেরিটিকে কার্ডরুম হিসাবে ব্যবহার করা হচ্ছে। এতে লাইব্রেরি ব্যবহারে অসুবিধা সৃষ্টি হয়েছে, (খ) লাইব্রেরির জন্য কোনো স্টাফ, বিশেষ করে কোনো প্রশিক্ষিত কর্মচারী না থাকায় মানসম্মত ক্যাটালগ তৈরি ও বই আদান প্রদান সম্ভব হচ্ছে না, এবং (গ) বর্তমানে যেসব বই, ম্যাগাজিন সংগ্রহে রয়েছে, সেগুলো সাজিয়ে রাখার জন্য প্রয়োজনীয় বুকশেলফ নেই। তাই অনেক বই বস্তা বা কার্টনে বন্দী করে রাখতে হচ্ছে। এছাড়া, ছোট্ট লাইব্রেরি রুমটিতে গরমের সময় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকায় ক্লাব সদস্যবৃন্দ ও তাদের পরিবারের সদস্যরা ক্লাব লাইব্রেরি ব্যবহারে আগ্রহী হচ্ছেন না।

সহ-সভাপতি ডা. মঈন উদদীন আহমদ এর প্রচেষ্টায় একটি সফটওয়্যারের মাধ্যমে লাইব্রেরির বইসমূহের তালিকা প্রস্তুত করা হয়েছে। এর ফলে, যেকোনো বই কিংবা যেকোনো লেখকের বইয়ের তথ্য সঙ্গে সঙ্গে পাওয়া যাবে। কবিতা গল্প, উপন্যাসের বই কতোটি রয়েছে, তাও জানা যাবে। শ্রেণিবিন্যাস অনুযায়ী বর্তমানে ক্লাব লাইব্রেরিতে বইয়ের সংখ্যা:

ক্রম	শ্রেণিবিন্যাস	সংখ্যা	ক্রম	শ্রেণিবিন্যাস	সংখ্যা
১	বঙ্গবন্ধু	৪	১৫	ভূগোল	৫
২	শেখ হাসিনা	২	১৬	ঈদ সংখ্যা	১
৩	মুক্তিযুদ্ধ	১৭	১৭	ইতিহাস	২৩
৪	প্রবন্ধ	১৩০	১৮	স্মৃতিচারণ	৪
৫	কবিতা	১৬৭	১৯	আইন	১
৬	উপন্যাস	৭৩	২০	স্মরণিকা	৩৭
৭	খেলাধুলা	৩	২১	রাজনীতি	৪
৮	গল্প	৫৬	২২	গবেষণা	৫
৯	বিজ্ঞান	৮	২৩	চিকিৎসা	৮
১০	কিশোর উপন্যাস	১১	২৪	সংকলন	২
১১	জীবনী	১৭	২৫	মনস্তাত্ত্বিক	১
১২	ভ্রমণকাহিনী	২০	২৬	ইংরেজি	৭৭
১৩	আত্মজীবনী	৫	২৭	অন্যান্য	১২৯
১৪	ধর্ম	১০		মোট	৮২০টি

একটি উন্নতমানের লাইব্রেরি একটি ক্লাবের মর্যাদার প্রতীক। এটা ঠিক যে, আমাদের স্বপ্নের ক্লাব ভবন তৈরি না হওয়া পর্যন্ত একটি উন্নতমানের লাইব্রেরি গড়ে তোলা আমাদের পক্ষে হয়তো সম্ভব হবে না। তবে যতদিন পর্যন্ত সে আশা পূরণ না হচ্ছে, ততদিন পর্যন্ত ক্লাবের লাইব্রেরিটি ব্যবহারযোগ্য রাখি এবং যতটা পারি এটির উন্নতি নিশ্চিত করি।

লেখক: অবসরপ্রাপ্ত সচিব
এবং সাবেক সহ-সভাপতি, উত্তরা অফিসার্স ক্লাব, ঢাকা

উন্নত বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে ভাবনা

- **বীর মুক্তিযোদ্ধা সৈয়দা মনিরা আক্তার খাতুন** (সদস্য নং ৪৩৯)

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে উত্তরা অফিসার্স ক্লাব, ঢাকা নানা আয়োজনের অংশ হিসাবে স্মরণিকা প্রকাশের উদ্যোগ নিয়েছে। স্মরণিকায় উন্নত বাংলাদেশ গঠনে বিবেচ্য কিছু বিষয় তুলে ধরাই আজকের এই প্রয়াস।

স্বাধীনতা ও বিজয় দিবসের পটভূমি সম্পর্কে সকলেই অবগত। এর ঐতিহাসিক পটভূমিতে দ্বিজাতি তত্ত্বের বিষাক্ততা সমাজকে এখনো তাড়া করছে। ফলে মনুষ্যসৃষ্ট সংকটের সুযোগে দেশীয় সুবিধাভোগী ও প্রতিক্রিয়াশীল গোষ্ঠী নানা উছিলায় বিদেশী স্বার্থে কাজ করে যাচ্ছে। এতদ্‌ঞ্চলের মীরজাফরগণ মুক্তিযুদ্ধ চলাকালে এবং ১৯৭৫ সালে সপরিবারে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের কাণ্ডারিদের হত্যা করেছে। এমনকি জেলখানায়ও নেতৃবৃন্দকে হত্যা করে এরা এদেশকে কলঙ্কিত করেছে। এদেশের শান্তিকামী মানুষ সুবিচার ও দোষীদের শাস্তির অপেক্ষায় দিন গুনছে।

আশার কথা দেশী-বিদেশী চক্রের সকল বাধা ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা করেই উন্নয়নের চাকা এগিয়ে যাচ্ছে। যোগ্য নেতৃত্বের দিকনির্দেশনায় সকল পর্যায়ের মানুষের মেধা ও পরিশ্রমের মাধ্যমেই তা সম্ভব হচ্ছে। বিশেষ করে, এ দেশের শ্রমজীবী মানুষের অবদান অভাবনীয়। যেহেতু জাতিসংঘ কর্তৃক গৃহীত নীতিমালা ও কর্মসূচি ১৯৭২ সালে গৃহীত মহান সংবিধানের মৌলিক চেতনার সাথে সংগতিপূর্ণ, তাই আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ অর্জনের সাফল্য বিশ্ববাসীর সামনে এক দিকনির্দেশক বললে অত্যুক্তি হবে না। বিশেষ করে নারীর ক্ষমতায়ন ও পরিবার পরিকল্পনা, গার্মেন্টস শিল্পের বিকাশ, স্বাস্থ্য, শিক্ষা, ক্রীড়া, পরিবারে স্বাচ্ছন্দ্যময় পরিবেশসহ যেখানেই নারীগণ সুযোগ পাচ্ছেন সাফল্যের জয়মালা অর্জন করে চলেছেন।

বিশ্বের পরাশক্তিরা ১৯৭২ সালে যুদ্ধবিদ্ধস্ত বাংলাদেশকে "তলাবিহীন ঝুড়ি" আখ্যা দিলেও দেশ ২০২৫ সালে উন্নয়নশীল ও ২০৪১-এ উন্নত বাংলাদেশ গঠনের পথে হাঁটছে। ইতোমধ্যে খাদ্য, স্বাস্থ্যসেবা, শিক্ষা, বাসস্থান, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্য হ্রাস, মাথাপিছু আয়, শতভাগ বিদ্যুতায়ন, দরিদ্র ও অসহায় নর-নারীদের ভাতা, কৃষি ও শিল্প প্রযুক্তি বিকাশের ক্ষেত্রে বিশেষ প্রণোদনা, মোবাইল ব্যাংকিং, যোগাযোগ ও পরিবহন ইত্যাদি ক্ষেত্রে বাংলাদেশের ঈর্ষণীয় উন্নতি বিশ্ব দরবারে রোল মডেল হিসাবে প্রশংসিত হচ্ছে। তাছাড়া, পার্বত্য অঞ্চলে শান্তি চুক্তি বাস্তবায়ন, জীবন বাঁচানোর তাগিদে ১১ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দিয়ে সরকার তাদের প্রতিপালন করছে ছয় বছর যাবৎ। আলাপ আলোচনার মাধ্যমে ও শান্তিপূর্ণ উপায়ে প্রতিবেশী দেশসমূহের সহিত সীমানা নির্ধারণ, জঙ্গিবাদ দমনে সক্ষমতা আজ বাংলাদেশকে বিশ্ব দরবারে সম্মানজনক উচ্চতায় নিয়ে গেছে। জাতিসংঘ ও আঞ্চলিক সংস্থায় শান্তি, পারস্পরিক সহযোগিতা ও ন্যায়ভিত্তিক বিশ্ব গড়ে তুলতে বাংলাদেশের ভূমিকা প্রশংসিত। তবে, উন্নয়নের এই যাত্রা কখনও কণ্টকমুক্ত ছিল না। মহান মুক্তিযুদ্ধের বিরোধিতাকারী দেশী-বিদেশী শক্তি এখনও নানা প্রতিবন্ধকতা তৈরি করছে। কিন্তু এদেশের লড়াকু মানুষ পরিবর্তিত বিশ্বে সমমনা ও পরীক্ষিত মিত্রদের নিয়ে এগিয়ে যাচ্ছে। কোভিড অতিমারি, জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ, ইউক্রেন সংকটের ফলে বিশ্বব্যাপী জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি ও অর্থনৈতিক মন্দার নেতিবাচক প্রভাব মোকাবিলা করেও উন্নয়নের ধারা অব্যাহত আছে। তবে, এই অগ্রযাত্রা অব্যাহত রেখে ২০৪১ সালের

মধ্যে উন্নত বাংলাদেশ এবং ২১০০ সালের লক্ষ্য বাস্তবায়নে নাগরিকদের উন্নত মানসিকতা, অর্থনৈতিক সক্ষমতা, সামাজিক-সাংস্কৃতিক ও রাজনৈতিক জীবনে যুক্তিবাদী আচরণে অভ্যস্ত হতে হবে। দেশ পরিচালনায় আইন, প্রশাসন ও বিচার ব্যবস্থাকে সময়োপযোগী, অংশীজন-বান্ধব ও সংবেদনশীল হতে এখনও অনেক কাজ করতে হবে। বিশ্বায়নের যুগে প্রযুক্তির অভূতপূর্ব উন্নয়নের সুফল ঘরে ঘরে পৌঁছানো সরকারি বেসরকারি উদ্যোগে প্রাতিষ্ঠানিক দুর্বলতার কারণেই বাধাগ্রস্ত হচ্ছে।

অতিমুনাফা লোভীদের সিন্ডিকেট, অসংগঠিত অনানুষ্ঠানিক খাতে কর্মরত দরিদ্র জনগোষ্ঠী ও মধ্যবিত্ত মানুষের সঙ্গে কার্যকর যোগাযোগ ও জনসম্পৃক্তি দুর্বলতার কারণে উন্নয়নের সুবিধাভোগী অংশীজনের মাঝে করণীয় এবং চ্যালেঞ্জ মোকাবিলায় বিদ্যমান সেবা ও সুবিধাসমূহের সুযোগ গ্রহণে দক্ষতা অর্জন করতে নিয়মিত ও নিবিড় আলোচনা প্রয়োজন। কারণ বিশ্বায়নের এই যুগে নীতি-নৈতিকতাবর্জিত বৃহৎ কোম্পানিসমূহ অতিমুনাফার লোভে মানুষের খাদ্য, ঔষধ, শিক্ষা, নির্মল বাতাস, পানি, আবাসস্থল অর্থাৎ বেঁচে থাকার সব উপকরণই তাদের থাবায় বন্দী করে রেখেছে। কোভিড মহামারি, ইউক্রেন সংকট মোকাবিলার বদলে চারিদিকে অস্ত্র উৎপাদন ও বিপণনের প্রতিযোগিতা চলছে। যোগাযোগ ও প্রযুক্তির মানব-বিধ্বংসী ব্যবহারে মানব জাতির অস্তিত্ব আজ হুমকির মুখে।

দেশবাসীর উন্নত জীবনের সঠিক পথের সন্ধান করার এটাই সময়। অফিসার্স ক্লাবের সদস্যগণের পক্ষে দেশীয় ও আন্তর্জাতিক পরিসরে গৃহীত নীতি, কর্মসূচি ও সম্ভাব্য ঝুঁকি মোকাবিলার যথাযথ তথ্য-উপাত্ত ব্যবহার করে নিজ নিজ পরিবারের সদস্য ও অত্র এলাকার আগ্রহীদের সহযোগিতা প্রদানে বিশেষ ভূমিকা পালন করা সম্ভব। সুষ্ঠু বিনোদন, বিতর্ক ইত্যাদি কার্যক্রমসমূহে অংশগ্রহণমূলক নিবিড় আলোচনার মাধ্যমে দক্ষতা অর্জনে অনন্য ভূমিকা পালন করছে অফিসার্স ক্লাব। আসুন, চলমান কার্যক্রমকে আরো সুসংগঠিত করি।

লেখিকা: অবসরপ্রাপ্ত পরিচালক, রাজউক

জব স্ট্রেস

- মাহমুদ আলী খান (সদস্য নং ৩)

জব স্ট্রেস বলতে কী বুঝায়? এটি হলো কর্মক্ষেত্রে কাজের এমন অবস্থা যার ফলে আপনি মানসিক চাপ, অস্থিরতা, উদ্বিগ্নতা বা বিপর্যস্ত বোধ করেন। ধরুন, আপনার কাজ বিপদজনক ধরনের বা কোনো নির্দিষ্ট তারিখের মধ্যে আপনাকে একটি কাজ অবশ্যই সমাধা করতে হবে; এমন পরিস্থিতিতে আপনি যথেষ্ট চাপের মধ্যে পড়েন। কোনো পরিস্থিতি বা লোকজনের মোকাবিলা করতে গিয়ে যখন আপনার ভীতি, বিরক্তি বা উত্তেজনার উদ্রেক হয়, তখনই আপনি "টেনশনের" শিকার হচ্ছেন। "স্ট্রেস" এক কথায় "জয়, নইলে লয়" এমন একটি অবস্থা। স্বাভাবিক প্রক্রিয়ায় ঐ প্রতিক্রিয়া ঘটে। মাংসপেশী শক্ত হয়ে আসে, হৃৎপিণ্ডের কাজ দ্রুততর চলে এবং অতিরিক্ত এড্রিনালিন নিঃসৃত হতে থাকে, যা আপনাকে প্রতিকূলতার সঙ্গে যুঝতে বা আত্মরক্ষার্থে সরে পড়তে মদদ দেয়। আমরা নিয়তই এহেন "জয়, নইলে লয়" অবস্থার সম্মুখীন হচ্ছি। এটাই টেনশন বা স্ট্রেস। প্রায় সকল কাজেই চাপ রয়েছে। ব্যাপারটি আসলে জীবনের একটি রূঢ় বাস্তবতা মাত্র। এটা "কল্যাণকর" হতে পারে। চাপের অবস্থা আপনাকে সমস্যা সমাধানে উদ্বুদ্ধ করতে পারে, পারে অভীষ্ট লক্ষ্য অর্জনে অধিকতর শক্তি, মনযোগ ও পরিশ্রম করতে।

কিন্তু এটা ক্ষতিকর হয়, সহ্য মাত্রার অধিক চাপের ফলে আপনি ক্লান্ত, পরিশ্রান্ত, খিটখিটে মেজাজী, হতাশ বা হতোদ্যম হয়ে পড়েন। তা হলেও আপনি ঐ ক্ষতিকর শক্তিকে নিয়ন্ত্রণ করতে পারেন- কী ভাবে? আপনাকে জানতে হবে স্ট্রেস আপনার দেহ ও মনে কি করে প্রতিক্রিয়া ঘটায় এবং তারপর কয়েকটি সহজ পদ্ধতি অবলম্বন করতে হবে।

জব স্ট্রেসের শিকার প্রায় সকলকেই হতে হয়, তবে কে কতখানি হবেন তা নির্ভর করে:

ক) আপনার ব্যক্তিত্ব- স্বভাবজাতভাবে যাঁরা অত্যন্ত লড়াকু, উচ্চাভিলাষী বা ধৈর্য্যহীন তারা সহজেই স্ট্রেসের শিকার হয়ে থাকেন।

খ) আপনার কাজের প্রকৃতি - কোনো কোনো কাজের ধরনের কারণে সেখানে স্ট্রেস সহজাত।

গ) আপনার জীবনের কোনো গুরুত্বপূর্ণ দিক পরিবর্তন - বিবাহ-বিচ্ছেদ, পরিবারে মৃত্যু, মামলা-মোকদ্দমা এমনকি কোনো কোনো সুখকর ঘটনা যেমন বিবাহ, পদোন্নয়ন, অভাবিত আকস্মিক কোনো সাফল্য লাভের ফলেও কর্মস্থলে বা তার বাইরের পরিমণ্ডলে আপনি স্ট্রেস-এ ভূগতে পারেন।

ঘ) অন্যান্য - আপনার বয়ঃবৃদ্ধি, স্বাস্থ্যের অবস্থা, আর্থিক সমস্যা, জীবনে অবস্থান, সামাজিক অসামঞ্জস্য, অন্যের সঙ্গে বিবাদ, বৈরী পরিস্থিতি ইত্যাদি।

জব স্ট্রেস- কর্মক্ষেত্রে প্রধানতঃ নিম্নোক্ত কারণে হয়ে থাকে:

ক) কাজের পরিবেশ - স্বল্পালোক, কোলাহল, অস্বাভাবিক গরম বা শৈত্য, ঝুঁকিপূর্ণ যন্ত্রপাতি, প্রয়োজনীয় সুযোগ-সুবিধার অভাব।

খ) আপনার কাজের ধরন - সময়সীমার মধ্যে কর্ম সমাধার তাগিদ, উৎপাদন কোটা পূরণ, অত্যধিক পরিমাণ কাজ, কর্তব্য কাজে জটিলতা ও দায়িত্বের বোঝা, তত্ত্বাবধানের পরিধি।

গ) আপনার প্রত্যাশা - চাকুরী জীবনে বেতন, মর্যাদা, পদোন্নয়ন, ক্ষমতা বিশেষ করে যদি আপনি অসংগতভাবে উচ্চাভিলাষী হন।

ঘ) অফিসে লোকজনের সাথে সম্পর্ক - আপনার সহকর্মী, উপরস্থ ও অধীনস্তদের সঙ্গে আপনার সম্পর্ক আপনার জন্য শক্তির উৎস বা অসুবিধার কারণ হতে পারে।

এই "স্ট্রেস" আপনার জীবনযাপন ও কাজকে মারাত্মকভাবে প্রভাবান্বিত করছে। কিছু পদক্ষেপ গ্রহণ করে আপনি স্বাভাবিক ও অনুদ্বিগ্ন থাকুন। এতে বহু কঠিন সমস্যা এড়ানো সম্ভব হবে।

ক) স্বাস্থ্য সমস্যা - দীর্ঘ দিন দুর্ভাবনার ফলে তা স্থায়ীরূপ লাভ করে। এরই প্রতিক্রিয়াস্বরূপ উচ্চ রক্তচাপ, আলসার, এলার্জি, পিত্তথলির রোগ, হৃদরোগ ইত্যাদির মতো মারাত্মক ব্যাধি হতে পারে।

খ) দুর্ঘটনা - গবেষণায় দেখা গেছে যে উদ্বিগ্ন এবং কর্মক্ষেত্রে দুশ্চিন্তাগ্রস্ত ব্যক্তিদের সহজে ও অধিক সংখ্যায় দুর্ঘটনায় পতিত হওয়ার আশঙ্কা থাকে।

গ) উৎপাদনশীলতা হ্রাস - "স্ট্রেস" আপনার কর্মক্ষমতাকে ব্যাহত করে। সহ্যাতীত স্ট্রেস মানুষকে হীনবল, ক্লান্ত ও উদ্যমহীন করে ফেলে। কর্মক্ষেত্রে আপনার কার্যকর ভূমিকা সংকুচিত করে দেয়। ফলে শারীরিক অসুস্থতার কারণ ঘটতে পারে। সময়ের সদ্ব্যবহার দূরূহ ব্যাপার হয়ে দাঁড়ায়।

ঘ) মানসিক সমস্যা - "স্ট্রেস" আপনার অনুভূতিকে নাড়া দেয়। একজন সুস্থ স্বাভাবিক মানুষ রগচটা ও বিষন্ন হয়ে উঠতে পারে। বন্ধু-বান্ধব, সহকর্মী ও আপনজনের মধ্যকার সম্পর্কে তিক্ততা আনে এবং এ দিকে নজর না দিলে পরে চরম বিষন্নতা, অবসাদ, হতাশ এমনকি হাজারো মানসিক সমস্যা দেখা দিতে পারে।

কী করে বুঝবেন "জব স্ট্রেস" হচ্ছে কি না? আপনি কি এসবে ভুগছেন?

শারীরিক উপসর্গ: ১. ক্লান্তি, ২. দুশ্চিন্তাজনিত মাথাব্যাথা, ৩. পেটের পীড়া, ৪. অনিদ্রা, ৫. ঘাড়ব্যথা, ৬. ওজন হ্রাস, ৭. শ্বাসকষ্ট, ৮. মাংসপেশীর অবসাদ, ৯. আহারে অরুচি, ১০. হাতের তালুতে ঘাম, ১১. হাত-পায়ে ঠান্ডা বোধ।

মানসিক উপসর্গ: ১. খিটখিটে মেজাজ, ২. বৈরী ভাবাপন্নতা, ৩. উদ্বিগ্নতা, ৪. হীনমন্যতা, ৫. অসহায়বোধ, ৬. আত্মকেন্দ্রিকতা, ৭. একাগ্রতাহীনতা, ৮. হতাশবোধ।

কর্মক্লান্তি থেকে বেঁচে থাকুন:

দীর্ঘস্থায়ী কাজের চাপের ফলে প্রায়শই যে দুঃখজনক পরিণতি ঘটে, তা হচ্ছে কর্মক্লান্তি। সমস্ত শক্তি আর উৎসাহ প্রয়োজন ও বিনা প্রয়োজনে যখন যে কেউ তার কাজের পেছনে উজাড় করে দেয়, তখনই এমন দশা হতে পারে। এর ফলে আপনি অসুস্থ হয়ে পড়তে পারেন। আপনার মানসিক স্থিতাবস্থা ভারসাম্যহীন হয়ে পড়তে পারে। দেখা দিতে পারে পারিবারিক অশান্তি। তবে সৌভাগ্যের বিষয় এই যে, কর্মক্লান্তি থেকে পরিত্রাণ পাওয়ার সহজ পন্থা রয়েছে। নিচের অভ্যাসগুলো চর্চা করেই দেখুন না সুফল পান কি না।

ক) নিয়মিত ব্যায়াম - কোনো না কোনো প্রকার শারীরিক ব্যায়াম অভ্যাস করুন। আপনার যা পছন্দ - হাঁটা, দৌঁড়ানো, টেনিস খেলা - সেটা করুন। শুরু করে লেগে থাকুন। তবে এ ব্যাপারে চিকিৎসকের পরামর্শ নেয়া সংগত হবে এবং বাড়াবাড়ি করবেন না।

খ) সুষম খাদ্য গ্রহণ - তাজা শাকসব্জি, টাটকা ফল, দুগ্ধজাত খাবার, মাছ-মাংস সমন্বিত সুষম খাদ্য বেছে নিন। যথেষ্ট পরিমাণে প্রাতঃরাশ খেতে কিন্তু ভুলবেন না।

গ) পরিমিত নিদ্রা - প্রয়োজনীয় পরিমাণ নিদ্রার অভাবে আপনার স্নায়ুর উপর চাপ পড়ে। ফলে দৈনন্দিন

কাজের চাপের সঙ্গে পেরে উঠাও কষ্টকর হয়।

ঘ) মাদক দ্রব্য ও ধূমপান থেকে বিরত থাকুন। ঘুমের ঔষধ আপনার ক্লান্তিকে সাময়িকভাবে চাপা দেয় মাত্র। এটি কোনো নিরাময় নয়।

সময়ের সদ্ব্যবহার করুন:

ক) বাস্তবানুগ লক্ষ্য স্থির করে অগ্রসর হোন। একই সঙ্গে অনেক কিছু করতে যাবেন না।

খ) কর্মসূচি প্রণয়ন করুন। অগ্রাধিকারের ভিত্তিতে এগোবেন।

গ) সিদ্ধান্ত নিন ও কাজটি সেরে ফেলুন। সাফল্য আপনাকে আনন্দ দিয়ে ক্লান্তিহীন হতে সাহায্য করবে।

ঘ) প্রচণ্ড ও জটিল কাজের মাঝে হঠাৎ করেই কিছুটা বিরতি নিন। এতে কাজ করার শক্তি বাড়বে।

ঙ) কাজের মধ্যেই একটু দেখে নিন আপনার শারীরিক ও মানসিক অবস্থাটা কী? যদি ক্লান্ত হয়ে থাকেন, তবে বিশ্রাম নিন।

চ) তাড়াহুড়ো না করে ধীরে কিন্তু নিশ্চিত গতিতে অগ্রসর হোন। এতে কাজের মান ও পরিমাণ দু'টোই বাড়ে।

আপনার কাজের অভ্যাস পর্যালোচনা করে দেখুন:

ক) যেসব বিষয় আপনার উপর মানসিক চাপ সৃষ্টি করে তা শনাক্ত করুন: (অ) এর কোনটি আপনার কারণে, (আ) কোনটি অন্যের কারণে, আর (ই) কোনটি কাজের প্রকৃতির মধ্যেই জাত তা ভালোভাবে জেনে নিন।

খ) কাজের বাস্তব পরিস্থিতির সঙ্গে মানসিক ও বাহ্যিকভাবে খাপ খাইয়ে নেওয়ার চেষ্টা করুন।

গ) আপনার কর্ম সমস্যা নিয়ে অকপটে আপনার সহকর্মী বা ঊর্ধ্বতন কর্মকর্তার সঙ্গে আলাপ করুন ও তাদের পরামর্শ যাচনা করুন।

ঘ) সময়ের যথাযথ ব্যবহার সম্বন্ধে সচেতন হোন। সঠিক সময় ব্যবস্থাপনা আপনাকে অনেক দুশ্চিন্তার হাত থেকে বাঁচাতে পারে।

ঙ) আশাবাদী হোন - "ভালো একটি কিছু ঘটবে" - এমন সুস্থ মানসিকতা মনোবল বাড়ায় ও কাজে সাফল্য আনয়নে সহায়ক হয়।

চ) বাস্তব দৃষ্টিভঙ্গি গড়ে তুলুন - নিজের শক্তি, সক্ষমতা ও মেধা অনুযায়ী পেশা গ্রহণ করুন। কার্যক্ষেত্রে নিজের সীমাবদ্ধতা এবং কর্মক্ষমতার আলোকে নিজেকে দেখুন।

ব্যক্তিগত অভ্যাস পরিবর্তন করুন:

ক) আপনার সাফল্য - তা যতই অকিঞ্চিৎকর হোক না কেন - গর্ব ও আনন্দ বোধ করুন।

খ) বিশ্বস্ত বন্ধু বা আপনজনকে আপনার দুশ্চিন্তা, ভয় বা উদ্বিগ্নতার বিষয় বলুন।

গ) সমস্যার প্রকৃতি ভালো করে দেখে নিন। শুধু গুরুত্বপূর্ণ ও আশু নজর দেয়া প্রয়োজন এমন বিষয়কেই অগ্রাধিকার দিন।

ঘ) নিকোটিন ও ক্যাফেইনজাত দ্রব্য সেবন ত্যাগ করুন।

ঙ) আপনার ভালো লাগে এমন যেকোনো বিনোদনমূলক কাজে প্রতিদিন কিছুটা সময় ব্যয় করুন।

চ) নতুন কিছু করার ও উপভোগ করার চেষ্টা করুন।

ছ) দীর্ঘকাল বিষন্নতায় ভুগবেন না। বিশেষজ্ঞের পরামর্শ নিন।

বিশ্রাম নেওয়ার কিছু কায়দা রপ্ত করুন:

ক) নিয়মিত গভীরভাবে নিঃশ্বাস গ্রহণের অভ্যাস আপনাকে প্রশান্তি দেবে। একটু নিরুপদ্রব জায়গা বেছে নিয়ে

বসুন বা সটান শুয়ে পড়ুন। চোখ বন্ধ করে ধীরে ধীরে গভীরভাবে লম্বা শ্বাস নিন ও আস্তে আস্তে প্রশ্বাস ছাড়ুন। শ্বাস প্রশ্বাসের উপরে মনোনিবেশ করুন। দেখবেন শরীরে একটি স্বস্তিকর আবেশ আসছে। শ্বাস-প্রশ্বাসের এরকম আরও কিছু ব্যায়াম আছে। তা জেনে নিন ও কাজে লাগিয়ে উপকৃত হোন।

খ) ক্লান্তি ও অবসাদ দূর করার জন্য চোখ বুজে কয়েক মিনিটের জন্য নিজেকে শান্ত, নীরবে ও শান্তিপূর্ণ অবস্থায় কল্পনা করুন কিংবা অতীতের কোনো আনন্দঘন স্মৃতি মনের পাতায় ভাসিয়ে সুখানুভব করুন।

গ) কাজের চাপের মধ্যে আপনি যখন অতিষ্ঠ, তখন চেয়ার ছেড়ে উঠে দাঁড়ান এবং আড়মোড়া ভাঙুন।

কাজের চাপ আপনাকে পেয়ে বসার আগেই তা মোকাবিলা করুন ও নিয়ন্ত্রণ করুন:

ক) জব স্ট্রেসের লক্ষণ সম্বন্ধে সচেতন থাকুন।

খ) নিজের কাজ ও জীবন সম্বন্ধে স্বচ্ছ দৃষ্টিভঙ্গি গড়ে তুলুন।

গ) তৎপর হোন, মানসিক দুশ্চিন্তা এড়ানো বা নিয়ন্ত্রণ করতে হবে।

লেখক : অবসরপ্রাপ্ত যুগ্মসচিব
এবং প্রতিষ্ঠাতা কোষাধ্যক্ষ, উত্তরা অফিসার্স ক্লাব, ঢাকা

নবীন-প্রবীণের বন্ধন

- ডা. মোঃ ইমাম হোসেন (সদস্য নং ৩৪৮)

প্রবীণ আর নবীনের দ্বন্দ্ব নয়, প্রয়োজন সহ-অবস্থান।

আজকের কিশোর আর তরুণরাই এক সময় হবে প্রবীণ। প্রবীণদের কল্যাণে তরুণ-প্রবীণের মাঝে বন্ধন অপরিহার্য। প্রবীণরা ভালো নেই। প্রবীণদের মাঝে আছে ৬০ থেকে ৭০ বছর বয়সী নব্য বা সদ্য প্রবীণ, ৭০ থেকে ৮০ বছর বয়সী মধ্যম প্রবীণ এবং ৮০+ বছর বয়সী অতি প্রবীণ। অতি প্রবীণদের বেশিরভাগই কর্মক্ষম নন এবং এরা বয়স-প্রতিবন্ধী। এদের প্রয়োজন আর্থিক সমর্থন, দীর্ঘমেয়াদি যত্ন ও যাতনা প্রশমন সেবা তথা প্যালিয়েটিভ কেয়ার। এদের প্রতি দায়িত্বশীল, সংবেদনশীল ও মানবিক হতে হবে। বৃদ্ধদের জন্য রয়েছে জাতীয় প্রবীণ নীতিমালা- ২০১৩ এবং পিতা-মাতার ভরণ পোষণ আইন ২০১৩। কিন্তু আইন করে মানসিকতার পরিবর্তন আনা যায় না, যদি না থাকে তার বাস্তবায়ন। এসব ক্ষেত্রে বৃদ্ধদের জন্য প্রয়োজন আইনি সহায়তা।

গ্রামীণ অবস্থানে যৌথ পরিবারে এখনও প্রবীণরা কিছুটা স্বস্তিতে জীবন যাপন করতে পারছেন। কিন্তু নাগরিক জীবনে আবাসন পরিকল্পনায় শিশুদের জন্য, অতিথিদের জন্য, গৃহকর্মীদের জন্য ভিন্ন ভিন্ন কক্ষ থাকলেও সংসারের প্রবীণদের জন্য তা থাকে না।

অনেক ক্ষেত্রেই গৃহপরিচারক/পরিচারিকাগণ টাকার বিনিময়ে বয়স্কদের দেখাশুনা করে আন্তরিকতার ছোঁয়া ছাড়া, দায়সারাভাবে। প্রিয়জনের হাতের ছোঁয়া জোটে না অনেক বয়স্কদের ভাগ্যে। বৃদ্ধাশ্রমের বাসিন্দাদের বেশিরভাগই কোনো দরিদ্র পরিবারের নয়, তারা ধনী/স্বচ্ছল, তথাকথিত শিক্ষিত ও অভিজাত পরিবারেরই অবহেলিত সদস্য। খুব ভাগ্যবান না হলে অনেকেই বাবা মা/শ্বশুর-শাশুড়ি/দাদা-দাদু না হয়ে শুধুই যেন বোঝা হয়ে যান! সন্তান, পরিবার তাঁদের মৃত্যুর জন্য মুখিয়েই থাকে। ইচ্ছায়-অনিচ্ছায় এই বৃদ্ধরা যাচ্ছেন বৃদ্ধাশ্রম নামক কারাগারে।

প্রবীণদের সমস্যা আসলে বার্ধক্য নয় ; নবীনদের সাথে, সমাজের সাথে তাঁদের মানসিক দূরত্ব। প্রবীণরা শ্রদ্ধার পাত্র। তাঁরা নবীনদের কাছে ভালোবাসা, নির্ভরতা ও আস্থার প্রতীক। কিন্তু বয়স্কদের সময় ও সুযোগ হয় না শিশু কিশোর আর তরুণদের কথা ভাববার। নতুন প্রজন্মের সাথে তাঁদের চিন্তাগত মতপার্থক্য তথা আদর্শিত সংঘাত দৃশ্যমান।

এর জন্য তরুণ-প্রবীণের বন্ধন অপরিহার্য। তরুণদের মানুষের জন্য কল্যাণকর শিক্ষায় শিক্ষিত করার দায়িত্ব নিতে হবে সমাজ হিতৈষীদের। পৃথিবীর বাগানে যত সুন্দর আর ভালো, তার মধ্যেই বিকশিত হোক শিশু-কিশোর আর তরুণদের ভবিষ্যৎ; যদি তা করতে আমরা ব্যর্থ হই, তবে সন্তানের হাত ধরে উঠে দাঁড়ানোর সৌভাগ্য হয়তো প্রবীণদের হবে না।

আমাদের ভুলে গেলে চলবে না, প্রবীণদেরও থাকতে পারে যুক্তিসঙ্গত চাহিদা। প্রয়োজন ব্যক্তিস্বাধীনতা ও নিরাপত্তা। বিদ্যমান সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটে প্রবীণরা আজ অনেকটাই অবহেলিত, পরমুখাপেক্ষী, নিগৃহীত। বার্ধক্য অবধারিত আর প্রত্যেক মানুষই চায় তাঁর বার্ধক্য হোক স্বস্তিময় ও আনন্দময়; অথচ সার্বিক সামাজিক

নিরাপত্তাহীনতার মধ্য দিয়ে তাঁদের জীবন অতিবাহিত করতে হয়।

নারীশিক্ষার প্রসার, কর্মসংস্থানের সুযোগ, অপরিসর বাসস্থান এবং বয়স্কদের ভিন্নভাবে বসবাসের আয়োজন না থাকার ফলে অর্থনৈতিকভাবে ক্রিয়াশীল নয় এবং শারীরিকভাবে পরনির্ভরশীল এমন বয়স্ক মানুষগুলোকে সার্বিক নিরাপত্তা দেয়া সম্ভব হচ্ছে না। বিবিএসের তথ্যমতে, প্রবীণ জনসংখ্যার প্রায় ৬৮% কোনো আয়ের সাথে যুক্ত নন এবং ৭৫ বছর বয়সের বেশি মানুষগুলোর প্রায় ৬৫% অর্থনৈতিকভাবে ক্রিয়াশীল নয়।

বয়স্কদের অধিকার নিশ্চিতকরণে সমাজ ও সরকারকে আরও আন্তরিক হতে হবে। বস্তুনিষ্ঠ জীবন ব্যবস্থায় তাঁরা নবীন প্রজন্মের কথা ভাবতে পারবে। নতুন প্রজন্মের সাথে তাঁদের চিন্তাগত মতপার্থক্য তথা আদর্শিক সংঘাত ঘটছে। নীতি ও নৈতিকতা, আদর্শ, মানবিক মূল্যবোধ, পরমতসহিষ্ণুতা আজ বিবর্জিত সর্বস্তরে। অস্থিরতা আজ প্রতি পদে। লোভ, উচ্চাকাঙ্ক্ষা আজ আমাদের ধ্বংস করছে।

আসুন, নীরব দর্শক না হয়ে তরুণদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলে সম্মিলিত প্রচেষ্টায় গড়ে তুলি কাঙ্ক্ষিত সুন্দর পরিবেশ আর প্রতিবেশ, উভয়ের স্বার্থেই। নবীন আর প্রবীণ প্রজন্মের বিপরীত মেরুতে অবস্থান পরিলক্ষিত, তাঁদের মধ্যে আদর্শগত, প্রযুক্তিগত এবং অর্থনৈতিক দূরত্ব ক্রমেই বেড়ে চলেছে। নিজের অজান্তেই বয়স বাড়ছে, বন্ধু কমছে; দায়িত্ব বাড়ছে, আদর কমছে; চাপ বাড়ছে, সুখ কমছে; তাই প্রবীণরা ভালো নেই। বয়স্কদের অনেকেই হয়তো এসব থেকে মুক্ত, আলহামদুলিল্লাহ। ভাগ্য তাঁদের প্রতি সুপ্রসন্ন; আমরা তাঁদের জন্য গর্বিত। ভাগ্যাহতদের জন্য সার্বিক মঙ্গল কামনা। আল্লাহ তাঁদের সহায় হোন।

পবিত্র কুরআনে সুরা ইয়াসীন-৬৮ নং আয়াতে মহান আল্লাহ্ তাআলা ঘোষণা দিয়েছেন, "আমি যাকে দীর্ঘ জীবন দান করি, তাকে সৃষ্টিগতপূর্বাবস্থায় ফিরিয়ে নেই (অর্থাৎ তার স্মৃতিশক্তি, দৃষ্টিশক্তি, প্রাণশক্তি লোপ পায়), তবুও কি তারা চিন্তা করে না?" এবং সুরা হজ্জ-৫ নং আয়াতে বলেছেন, "তোমাদের মধ্যে কাউকে নিষ্কর্মা বয়স পর্যন্ত পৌঁছানো হয়, যাতে সে জানার পর জ্ঞাত বিষয় সম্পর্কে সজ্ঞান থাকে না।" এই তো বাস্তবতা !

উদ্যম গতি তারুণ্যের উচ্ছ্বাস আর কর্ম উদ্দীপনা রয়েছে অথচ তরুণদের আমরা দূরে সরিয়ে রাখছি। সন্তানদের/তরুণদের নিয়ে বিরূপ অভিব্যক্তি প্রকাশ করে পরোক্ষভাবে তাঁদেরকে প্রতিপক্ষ করে তুলছি।

বয়স্কদেরও বদলাতে হবে নিজেদের স্বার্থেই। নতুন প্রজন্মের সাথে তাঁদের চিন্তাগত মতপার্থক্য তথা আদর্শিক সংঘাত কমিয়ে আনার জন্য বয়স্কদেরই নিতে হবে অগ্রণী ভূমিকা। আসুন, তরুণদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলে সম্মিলিত প্রচেষ্টায় গড়ে তুলি কাঙ্ক্ষিত সুন্দর বাংলাদেশ, উভয়ের স্বার্থেই।

তাঁদের সাথে কাঁধে কাঁধ মিলিয়েই সম্ভব প্রবীণ কল্যাণে কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন। আসুন প্রবীণদের কল্যাণে তরুণদের সাথে নিয়ে এগিয়ে যাই।

লেখক : অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব

শিক্ষক ও শিক্ষা

- **অধ্যাপক তাসলিমা বেগম** (সদস্য নং ২৬)

একজন শিক্ষকের অবশ্যই শিক্ষা কী, শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য কী এবং শিখন-শেখানো কার্যক্রম প্রয়োগের সহজ ও কার্যকর পদ্ধতি বা কৌশল সম্পর্কে সুস্পষ্ট ধারণা ও জ্ঞান থাকা প্রয়োজন। কারণ, একজন শিক্ষকের মূল দায়িত্ব হলো শিক্ষার্থীর কাঙ্ক্ষিত জ্ঞানের চাহিদা পূরণ করা। এক্ষেত্রে শিক্ষাক্রম অনুযায়ী কতটুকু জ্ঞান কী উপায়ে ও কতো কার্যকরভাবে শিক্ষার্থীর কাছে পৌঁছাবেন, সেটা সুচারুভাবে জানা শিক্ষকের দায়িত্ব। শিক্ষক হলেন জ্ঞানের অজানা পথের দিশারি; সেজন্য সে পথের নিশানা তাঁকে জানতে হবে। কারণ লক্ষ্য সম্পর্কে নিশ্চিত না হয়ে অগ্রসর হওয়া মানে অন্ধকারের দিকে ধাবমান হওয়া। তাই শিক্ষককে যথাযথভাবে অনুধাবন করতে হবে তাঁর দায়িত্ব ও মূল্যবোধ সম্পর্কে।

এরিস্টটল মনে করতেন, "শিক্ষার উদ্দেশ্য হলো বড় মাপের মানুষ তৈরি করা"। এখানেও মূল্যবোধ নিহিত। মূল্যবোধসম্পন্ন মানুষ (শিক্ষক) না হলে বড় মাপের মানুষ তৈরি করা যায় না। কারণ শিক্ষক হলেন মানুষ গড়ার কারিগর। শিক্ষাকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে হলে শিক্ষার্থীর ইতিবাচক আচরণগত পরিবর্তন ঘটাতে হবে। দেশপ্রেমে উদ্বুদ্ধ করে জাতীয় সমৃদ্ধি ও শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য দক্ষ ও যোগ্য করে গড়ে তুলতে হবে।

অপরদিকে, বার্ট্রান্ড রাসেল মনে করেন, "শিক্ষা কোনো কিছু অর্জনের মাধ্যম নয়, শিক্ষা শিক্ষার জন্য"। শিক্ষা দেয় জ্ঞান, সুগম করে বুদ্ধিমত্তার চর্চা, শিক্ষা যোগায় মানুষকে ভালোবাসার অনুপ্রেরণা অর্থাৎ শিক্ষা মানুষকে দৈহিক, মানসিক ও আধ্যাত্মিক বিকাশ ঘটিয়ে সত্যিকারের মানুষ হিসেবে গড়ে তোলে।

শিক্ষক ও শিক্ষা যদি একে অপরের পরিপূরক হয় বা অবিচ্ছেদ্য সম্পর্কযুক্ত হয় তাহলে শিক্ষকের দায়িত্ব ও মূল্যবোধ অবশ্যই শিক্ষার উদ্দেশ্য ও লক্ষ্যের মধ্যে নিহিত। কারণ শিক্ষক, শিক্ষা ও শিখন-শেখানো কার্যক্রম নিয়েই কাজ করেন। শিক্ষকের দায়িত্ব হলো শিক্ষার্থীদের শিক্ষার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানো।

বর্তমানে বিশ্বে শিক্ষার উদ্দেশ্য হলো মুক্ত বুদ্ধি ও মুক্ত চিন্তার চর্চা করা এবং বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন ও প্রসার ঘটিয়ে মানুষের জীবনকে আরও সহজ, সুন্দর ও সুখময় করে তোলা। আমরাও বিশ্বাস করি যে, শিক্ষকের দায়িত্ব হলো শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলীর বিকাশ ঘটানো এবং মুক্ত বুদ্ধি ও মুক্ত চিন্তা চর্চার মানসিকতা ও পরিবেশ সৃষ্টি করা। বিজ্ঞান ও প্রযুক্তির প্রসার ঘটিয়ে জীবনধারার মান উন্নয়ন করা এবং দেশপ্রেম ও অসাম্প্রদায়িক সৌহার্দ্যে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করে ধর্মীয় ও মানবিক মূল্যবোধ সম্পন্ন সুনাগরিক তৈরি করা। সৃজনশীল চিন্তাধারার বিকাশ ঘটিয়ে জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি অনুরাগ সৃষ্টি করা।

অতএব, প্রত্যেক শিক্ষকের মধ্যে এমন কিছু গুণাবলী থাকা উচিৎ যা তাকে শিক্ষার্থীর কাছে গ্রহণযোগ্য ও অনুকরণীয় করে তোলে এবং তাঁর পেশাগত দায়িত্ব পালনে সহায়তা করে। শিক্ষকদেরকে সমাজের একজন মডেল হিসেবে তৈরি হতে হবে, যেন শিক্ষার্থীরা তাদের শিক্ষকদেরকে অনুকরণীয় ও অনুসরণীয় মনে করতে পারে। শিক্ষকগণ স্বমুল্যায়নের মাধ্যমে নিজ দুর্বলতাগুলো চিহ্নিত করবেন এবং সচেতনতার সাথে সেগুলো পরিহার করার মানসিকতা সম্পন্ন হবেন। শিক্ষক বাস্তব জীবনে এই গুণগুলো প্রয়োগে দৃঢ় প্রত্যয়ী হবেন এবং নিজ আদর্শ ও মূল্যবোধের মাধ্যমে শিক্ষার্থীদের গড়ে তুলবেন। শিক্ষকদের কথায় ও কাজে মিল থাকতে হবে এবং আদর্শ বাস্তবায়নে কুশলী ও সাহসী

হতে হবে। শিক্ষকের থাকতে হবে জ্ঞানের গভীরতা ও নির্ভুলতা, ব্যক্তিত্ববোধ, বিশুদ্ধ উচ্চারণ ও সহজ সাবলীল আকর্ষণীয় প্রকাশভঙ্গি, আচার-আচরণে সংযত ও কৌশলী। নিয়ম-নীতির ক্ষেত্রে তিনি থাকবেন নিরপেক্ষ ও কঠোর। শিক্ষার্থীর প্রতি শিক্ষকের থাকবে গভীর মমত্ববোধ ও দায়িত্ববোধ এবং অভিভাবক হিসেবে তিনি শিক্ষার্থীদের সাথে বন্ধুসুলভ আচরণ করবেন যেন শিক্ষার্থী তার উপর পূর্ণ বিশ্বাস স্থাপন করতে পারে। তিনি শিক্ষার্থীদের সুবিধা-অসুবিধার প্রতি সুবিচার করবেন ও নিরপেক্ষ থাকবেন। শিক্ষক হবেন ন্যায়-নীতি সম্পন্ন একজন বিচক্ষণ মানুষ।

একজন আদর্শ শিক্ষকের দায়িত্ব শুধু পাঠদানের মধ্যে সীমাবদ্ধ থাকবে না। বরং তিনি সমস্যাবহুল সমাজকে সুন্দর, সুশৃঙ্খল ও আদর্শবান সমাজে পরিণত করার দায়িত্ব পালনে সিদ্ধ থাকবেন। তিনি তার অর্জিত জ্ঞান, মেধা ও যোগ্যতা দিয়ে সমাজে সব ধরনের অবক্ষয়, সন্ত্রাস, অপরাধ রোধকল্পে দূরদর্শিতা ও বিচক্ষণতার পরিচয় দেবেন। পরিবেশের নানা দুর্যোগে নিজেকে সচেতন নাগরিক হিসেবে সম্পৃক্ত করবেন এবং উন্নয়নমূলক কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন। কারণ শিক্ষক হলেন সমাজের বিবেক। শিক্ষক যদি তার দায়িত্ব সম্পর্কে সচেতন থাকেন, তবে তিনি লক্ষ্যে পৌঁছাবেন। শিক্ষক হবেন জ্ঞানবান, দায়িত্বশীল, মূল্যবোধসম্পন্ন এবং নিজ কাজ ও দায়িত্বের প্রতি সর্বদা সচেতন ও নিবেদিত। ফলে শিক্ষকের দায়বদ্ধতা থাকে প্রধানতঃ তার নিজের বিবেকের কাছে, এরপর শিক্ষার্থী ও অভিভাবকের কাছে এবং সর্বোপরি প্রতিষ্ঠান প্রধান ও সমাজের কাছে। শিক্ষক মানসম্পন্ন শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার মাধ্যমে অর্জিত সুফল শিক্ষার্থী ও অভিভাবক তথা সমাজের কাছে পরিতৃপ্তির সাথে পৌঁছে দেন এবং প্রতিষ্ঠানের সম্মান ও সুনাম বৃদ্ধিতে অবদান রাখেন। এতে শিক্ষক পান সমাজে স্বীকৃতি। প্রকৃতপক্ষে আজ শিখন-শেখানো একটি জটিল প্রক্রিয়া। কারণ শ্রেণিকক্ষে শিক্ষক বিমূর্তকে মূর্ত করে তোলেন এবং টেকসই শিখনফল অর্জনে সহায়তা করেন। সেজন্য শিখন কার্যক্রম হবে শিক্ষার্থী-বান্ধব। শিক্ষার্থী শিখনের বিষয়টি নিজে শুনে, দেখে এবং করে শিখবে তবেই শিখনের ফল শিক্ষার্থীর জীবনে টেকসই হবে এবং ভবিষ্যৎ জীবনে কাজে লাগাতে পারবে। এটাই প্রমাণ করবে শিক্ষকের পেশাদারিত্ব। শিক্ষক শিক্ষার্থীর সৃজনশীল মেধা বিকাশে ও কাজে লাগাতে সহায়তা করবেন। এ লক্ষ্যে শিক্ষক অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করবেন, স্বজনপ্রীতি ও প্রিয়তোষণ থেকে বিরত থাকবেন, দুর্নীতি করবেন না এবং এর প্রতিরোধ করবেন, জ্ঞান বিতরণে পক্ষপাত ও অনিয়ম থেকে বিরত থাকবেন, স্বেচ্ছাচারিতা প্রতিরোধ করবেন। এ সকল চেতনাবোধের মাধ্যমেই স্বচ্ছতার সাথে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানো সম্ভব। সদিচ্ছা, আন্তরিকতা এবং প্রতিশ্রুতি থাকলে এ কাজ অসাধ্য কিছু নয়। আত্মবিশ্লেষণ (Self-analysis) স্বচ্ছতা অর্জনের কার্যকর পদ্ধতি। দুর্নীতিমুক্ত সমাজ গঠনে এ ব্যবস্থা সর্বোত্তম। একজন আদর্শ ও যোগ্য শিক্ষক জানেন যে, জনগুরুত্বপূর্ণ প্রতিটি কাজের হিসাব চাওয়ার অধিকার দেশের প্রতিটি নাগরিকের রয়েছে। অতএব, শিক্ষক সমাজ স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য আত্মবিশ্বাস রাখুন ও প্রতিশ্রুতি পালন করুন, তবেই হবেন অনুকরণীয় ও অনুসরণীয়। মানবসম্পদ উন্নয়ন ও জনকল্যাণ হচ্ছে স্বচ্ছতা ও জবাবদিহিতার ফসল। যিনি পেশাগতভাবে দক্ষ তিনি তার উপর ন্যস্ত দায়িত্ব সুচারুভাবে সম্পাদনে সক্ষম। এজন্য প্রয়োজন নীতিজ্ঞান সম্পন্ন জ্ঞানবান শিক্ষক নিয়োগ এবং সুস্থ মূল্যবোধের স্বচ্ছ লালন। মানসম্মত শিক্ষা ও শিখন অর্জনে শিক্ষককে অনেক বেশি দৃষ্টি দিতে হবে। শিক্ষকের স্বচ্ছতা ও মূল্যবোধের লালন শিক্ষায় অসমতা ভাঙতে পারে এবং ন্যায্যতাকে প্রতিষ্ঠিত করতে পারে। এটা অর্জনে আমাদেরকে যেতে হবে অনেক দূর, কাজ করতে হবে আন্তরিক ও একনিষ্ঠ হয়ে। সেই বিশ্বাস ও প্রত্যয় নিয়ে এগিয়ে যাওয়ার এবং লক্ষ্য অর্জনের প্রত্যাশায় আমরা নতুন আলোকিত ভবিষ্যৎ প্রজন্মের স্বপ্ন দেখি।

লেখিকা : অবসরপ্রাপ্ত চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

জীবনের মূল্য

- ডাঃ কে এইচ এম নিয়ামুল রুহানী (সদস্য নং ৫৮০)

জীবনের মূল্য কত হতে পারে তা একেক জনের কাছে একেক রকম। তবে এটা আংশিক সঠিক। আপনি ইউনিক তাই আপনার জীবনের মূল্য অনেক, এক কথায় অসীম। তবে আমার কি মনে হয় জানেন ? আমার জীবনের মূল্য কোনো অংশেই আপনার থেকে কম নয়। যদিও জীবনের মূল্য মাপার কোনো প্যারামিটার নাই, কিন্তু নিজেকে মূল্যায়ন করার অনেক মাপকাঠি ঠিকই আছে। কিছু অংশ মাপকাঠির বাইরে থেকে মাপা গেলেও, অধিকাংশ কিন্তু আপনার কাছেই অন্তর্নিহিত। খুঁজে খুঁজে বের করতে হবে। অনেক পরিশ্রমের কাজ হলেও পুরো দায়িত্বটা কিন্তু আপনার নিজেরই। তবে তার জন্য প্রথমেই যা দরকার তা হলো ভালোবাসা। ভালো আপনি অনেককেই বাসেন, অন্যরাও আপনাকে ভালোবাসে, আপনি তা নিশ্চিত। কিন্তু নিজেকে কতটুকু ভালোবাসেন বলুন তো? বুকে হাত দিয়ে বলুন। একটা কথা আছে, "যা দেবেন অঙ্গে তাই যাবে সঙ্গে"। একটা গাড়ি গ্যাসে কিংবা তেলে চালানো যায়। তেলের মাঝে ভালো মন্দ আছে। অকটেন পেট্রোল থেকে বেশি দাম, যদিও বেশি, তাতে কী? যদি আপনার গাড়িটি অতি যত্নের হয়, তাহলে দামতো কোনো বিষয় না। জন্ম থেকেই নিজের সাথে ভালোবাসার সম্পর্ক হয়ে গেছে কিছু বুঝার আগেই। লক্ষ্য করে দেখুন অকটেনে চালানো গাড়ির ইঞ্জিনের পারফরম্যান্স কেমন? এক কথায় অসাধারণ। আপনার শরীরও কোনো বয়সে দারুণ পারফরম্যান্স করতে পারে যদি কিনা আজ থেকেই একটু যত্নশীল হওয়া যায়। যত্ন আর ভালোবাসা এ জীবনকে অতুলনীয় করে তোলে। পৃথিবীতে অনেক সেলিব্রেটি লিটার প্রতি তিন/চার হাজার টাকা দামের খনিজ উপাদান সমৃদ্ধ পানি (ব্ল্যাক ওয়াটার) পান করেন। নিজের প্রতি নিজের গুরুত্ব ও ভালোবাসা ঠিক কতখানি থাকলে এত দামী পানি পান করে। তারা তো জানে জীবন একটাই, তাই তার প্রচুর প্রাণশক্তি চাই। তা অবশ্যই ভিতর থেকে আসা চাই। জ্ঞানীরা বলে থাকেন টাকা দিয়ে মিনারেল সমৃদ্ধ পানি পান করা পৃথিবীর শ্রেষ্ঠ বিনিয়োগের মাঝে অন্যতম। করোনার মাঝে আশেপাশের দেশে অনেককে দেখলাম, কতজনকে প্রাইভেট জেট ভাড়া করে দেশ ছেড়ে দুবাই গিয়ে উঠেছে জীবন বাঁচাতে। করোনা থেকে বাঁচতে জীবনের মূল্য কোন পর্যায়ের হলে এটাও সম্ভব! আর আমি মনে করি, এতে দোষের কিছু নেই, কেননা যার কাছে জীবনের মূল্য যেমন। ফিরে আসি আপনার কাছে, আপনার জীবনের মূল্য কত তা বের করার দায়িত্ব একান্ত আপনার। প্রতিদিন যত্নশীল হলেই আপনি শুধু মূল্যবান নন, মহামূল্যবান হয়ে উঠবেন আপনার নিজ ভুবনে। কেননা নিজের মতো নিজেকে কেউই ভালোবাসতে পারবো কোনো না কোনোদিন। অনেক কিছুর বিকল্প থাকলেও জীবনের কোনো বিকল্প কোনোভাবেই হতে পারে না। কেননা "জিন্দেগী না মিলেগি দোবারা"। হারানোর পরও অনেক কিছু হারানোর আছে, তা যেন জীবন থেকে হারিয়ে না যায় কোনো দিন। জীবনে অনেক সুযোগ দ্বিতীয় বার আসে না। জীবন যেন হারিয়ে না যায়। জীবন একবার চলে গেলে তা আর কোনো দিন ফিরে আসে না। আপনার জীবন সৃষ্টিকর্তার একটি সেরা উপহার, যার কোনো মূল্য হয় না। মৃত্যুর সন্ধিক্ষণেই কেবল মূল্য উপলব্ধি করা যায়। নিজেকে নিজে মূল্য দিতে সচেতন হওয়া জরুরি।

লেখক : মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা, ঢাকা

নাক দিয়ে রক্তপাত

- **অধ্যাপক ডা. এম আলমগীর চৌধুরী** (সদস্য নং ৬১৮)

